
Contents

সপ্তম বর্ষ

প্রথম সংখ্যা

# তর্জ্জুমানুল-হাদীছ



সম্পাদক

মোহাম্মদ আব্দুল্লাহেল কাফী আল কোরায়শী

এই সংখ্যার মূল্য ॥০

বার্ষিক মূল্য সডাক ৬॥০

www.ahlehadeethbd.org

Contents

# তর্জুমানুল-হাদীছ

(মাসিক)

কোরআন ও ছুন্নাহর সনাতন ও শাশ্বত মতবাদ, জীবন-দর্শণ ও কার্যক্রমের আদর্শবাহী ও অকুণ্ঠ প্রচারক ও মুখপত্র।


| সপ্তম বর্ষ | ডিসেম্বর ১৯৫৫ খৃষ্টাব্দ; জামাদিল আউওয়াল ১৩৭৬ হিঃ<br>পৌষ ১৩৬৩ বংগাব্দ | প্রথম সংখ্যা |
|---|---|---|

প্রকাশ মহল ঃ— ৮৬ নং কাযী আলাউদ্দিন রোড, রমনা, ঢাকা


## বিষয়সূচী


| | বিষয় | | লেখক | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| ১। | সপ্তম বার্ষিক আরাবী খুত্বা | | সম্পাদক | ১ |
| ২। | উপক্রমণিকা বা খুত্বার বাংলা অনুবাদ | | " | ৩ |
| ৩। | আবাহন | (কবিতা) | আতাউল হক | ৬ |
| ৪। | ছুরত আলফাতিহার তফছীর | | মোহাম্মদ আবদুল্লাহেল কাফী আলকোরায়শী | ৭ |
| ৫। | বিজ্ঞানের জয়যাত্রার আধুনিকতম রূপ | (বিজ্ঞান) | মোহাম্মদ আকরম আলী বি,এ, (অনার্স) | ১৩ |
| ৬। | ওয়াহাবী বিদ্রোহের কাহিনী | (ইতিহাস) | আহমদ আলী | ১৭ |
| ৭। | পর্দা ও অবরোধ | (সমাজ দর্শন) | ডক্টর এম, আবদুল কাদের | ২১ |
| ৮। | মাষ্টার সাহেব | ( গল্প ) | মোহাম্মদ আবদুল জাব্বার | ২৪ |
| ৯। | আমাদের শিক্ষা | ( শিক্ষা ) | অধ্যক্ষ মুহম্মদ আযীমুদ্দীন | ২৮ |
| ১০। | আরাবী শিক্ষা | ( শিক্ষা ) | মূল: মোহাম্মদ আবদুল্লাহেল কাফী<br>অনুবাদ: মুন্তাছির আহমদ রহমানী | ৩০ |
| ১১। | সংগীত চর্চা (২য় ভাগ) | (রাছায়েল মাছায়েল) | সম্পাদক | ৩৪ |
| ১২। | দাম্পত্য কমিশনের রিপোর্ট | (বিতর্ক ও বিচার) | মোহাম্মদ আবদুল্লাহেল কাফী আল্-কোরায়শী | ৩৮ |
| ১৩। | স্বতন্ত্র নির্বাচন বনাম যুক্ত নির্বাচন | (বিতর্ক ও বিচার) | আল্-কোরায়শী | ৪২ |
| ১৪। | অভিনন্দন | (তর্জুমানের জন্য) | ছৈয়েদ রশীদুল হাছান | ৪৬ |
| ১৫। | পাবনা হইতে ঢাকা | | সম্পাদক | ৪৭ |
| ১৬। | সাময়িক প্রসংগ | | সম্পাদক | ৪৮ |
| ১৭। | কষ্টিপাথর | | নাক্কাদ | ৫২ |



আল্-হাদী প্রিন্টিং এণ্ড পাবলিশিং হাউস,

ইংরাজী, বাঙলা ও আরাবী, উর্দ্দু

সবরকম ছাপার কাজ সুন্দর ও সুলভভাবে সম্পন্ন করিতে সক্ষম।

পরীক্ষা প্রার্থনীয়

৮৬নং কাযী আলাউদ্দীন রোড, ঢাকা।


www.ahlehadeethbd.org

Contents

# তর্জুমানুল-হাদীছ

( মাসিক )

আহ্‌লেহাদীছ আন্দোলনের মুখপত্র।

সপ্তম বর্ষ প্রথম সংখ্যা

فاتحـة السنـة السابعـة

بسم الله الرحمن الرحيم

الحمد لله الواحد الاحد، الفرد الصمد، الذى لا شريك له في ذاتـه و لا فى صفاته و لا فى افعاله بل هو كما و صف به نفسه و فوق ما يصفه به احد من خلقه في اكثاره و اقلاله، لا يحصى احد ثناء عليه، بل هو كما اثنى على نـفسه على لسان من اكرمهم بارساله ـ

واشهد ان لا اله الا الله وحده لاشريك له الٰها واحدا، احدا، فردا، صمدا جل عن الاشـباه و الامثال، و تقدس عن الاضداد والانداد والشركاء و الاشكال، لا مانـع اما اعطى، ولا معطى لما منـع، ولا راد لحكمه و لا معقب لامره، و اذا اراد الله بقوم سوءا فلا مرد له، و مالهم من دونه من وال ١٣ : ١١

واشهد ان محمدا عبده و رسوله، القائم له بحقه و امينه على وحيه و خيرته من خلقه ـ ارسله رحمة للعلمين و اماما للمتـقيـن و حسرة على الكافرين و حجة على العباد اجمعين ـ بعثه على حين فترة من الرسل، فهدى به الى اقوم الطرق و اوضح السبل ـ و افترض على العباد طاعته و محبـته، و تعظيمه و توقيره والقيام بحقوقه ـ و سد جميع الطرق الى جنـته فلـم يفتح لاحد الا من طريقه، فشرح له صدره، و وضع عنه و زره و رفـع له ذكره ـ و جعل الذل و الصغار على من خالف امره، و اقسم بحياته فى كتابه المبيـن، و قرن اسمه باسمه، فلا يذكر الا ذكر معه ـ فلم يزل صلـے الله عليه و سلم قائما بامرالله لا يرده عنه راد، مشمرا فى مرضات الله لا يصده عن ذالـك صاد ـ الى ان اشرقت الدنيا برسالته ضياء و ابتهاجا، و دخل الناس في دين الله افواجا، و سارت دعوته مسير الشمس فى الاقطار و بلـغ دينه القيم ما بلـغ الليل و النهار ـ فبلـغ الرسالة و ادى الامانة و نصح الامة و جاهد فى الله حق الجهاد و اقام الدين، و ترك امته على البيضاء الواضحة البينة للسالـكين، و قال : هذه سبيلى ! ادعوا الى الله علىٰ بصيرة انا و من اتبعنى و سبحان الله و ما انا من المشركين - ١٢ : ١٠٨

www.ahlehadeethbd.org

اما بعد، لما طغاالزمان على العالم من امواج الفتن التى قوضت او كادت إن تقوض كل دعامة من دعائم الاصلاح و الخير و هناءة العيش، حتى عادت الحيات كلها او جلها نكدا ـ و هذه نتيجة حرمان القلوب من الصلة الوثيقة بالله العظيم و ارتبا طها بحبائل الشيطان الرجيم، ألذى مازال يجلب على بنى آدم بخيله و رجله و يغزوهم دائبا بكل سلاحه و حزبه ـ فنفث فى القلوب من كيده و سمومه و خبائثه و شروره ـ و ما ذلك الا لانهم التبس عليهم الحق بالباطل، و العلم بالجهل، و النور بالظلمة و الحبيب بالعدو، لشدة ما اوغل فيهم عدوهم الشيطان باسباب عدوانه من اطفاء نور الهداية القرآنية من قلوبهم و حرمانها من غذائها النافع و دوائها الناجع ـ

فيا ايها الاخوان، الراغبون فى النجاة من الشقاوة و الحراص على الخير و السعادة، الراجون ان تكونوا مع خير رفقة، تحت لواء سيد المهتدين و امام المتقين و خاتم المرسلين صلى الله عليه و سلم، اعلموا انه لاسبيل لكم الى ذالك الا بالعود الى ما كان عليه الرعيل الاول : علما و عملا و إعتقادا و خلقا و حالا ! فبادروا الى ذلك ثم بادروا، والمورد الذى و رده بين يديكم موجود، الا و هو الكتاب الكريم و السنة النبوية النقية لا غيرهما ـ

و هذه الدعوة القرانية و الحديثية المصطفوية على صاحبها الصلوة و التحية يدعو اليها "ترجمان الحديث" من اول نشوه وقد بلغت هذه الجريدة السابعة من عمرها وهى دائبة على صادق الخدمة التى تعتقد بها فلاح الملة ونجاح الامة ـ رافعة راية الايمان وجهدت فى الله حق جهاده صابرة محتسبة، لم تاخذها فى الله لومة لائم ولا وهنت قوتها لبطش الجبارين، للمدافعة عن البدع و الخرافات الشيطانية، و لم يكسر قلمها و لم يسكت اسانها و لقد كذبت رسل من قبلك، فصبروا على ما كذبوا و اوذوا حتى اتاهم نصرنا و لا مبدل لكلمات الله و لقد جاءك من نباء المرسلين ـ ٦ : ٣٤ و لا يزال فى الامة المحمدية طائفة قائمة بالحق، لا يضرها من خالفها ولا من خذلها، حتى يأتى امرالله و هم على ذلك ـ و تلك الطائفة التى تستضئى بمشكوة الكتاب و السنة، و هم اصحاب الحديث لا الذين اشتروا لهو الحديث ايضل عن سبيل الله، فاستحوذ عليهم الشيطان، فانساهم ذكرالله ـ

اللهم صل على محمد و على آل محمد، كما صليت على ابراهيم و على آل ابراهيم انك حميد مجيد ـ و بارك على محمد و على آل محمد كما باركت على ابراهيم و على آل ابراهيم انك حميد مجيد ـ اللهم آته الوسيلة و الفضيلة و الدرجة الرفيعة و ابعثه مقاما محمودا الذى وعدته ـ اللهم اجزه عنا افضل ما جزيت نبيا عن امته و اعل على جميع الدرجات درجته، و احشرنا تحت لوائه و فى زمرته و اوردنا حوضه فى الاخرة ـ

اللهم وفقنا للاهتداء بكتابك الذى انزلته هدى و رحمة و بشرى للمحسنين و شفاء لما فى صدور المؤمنين و بسنة نبيك و حبيبك وصفوة خلقك و امينك على وحيك سيدنا محمد خاتم رسلك و امام اولياءك و قدوة اصفياءك ـ

اللهم حبب الينا الايمان الخالص من كل الشوائب، النقي من كل الاهواء، بك و بنبيك و بكتابك و بكل شرائعك و اوامرك و وصاياك و زينه فى قلوبنا و كره الينا الكفر و الفسوق و العصيان و بغض الى قلوبنا البدع و المبتدعين و ابعد عنا الخرافات و المخرفين، و اكشف لنا بنور هدايتك عن حقائق الاشياء حتى نراها و اضحة، و لا شيطان من شياطين الجن و الانس يخدعنا بوحيه ـ اللهم ارنا الحق حقا و الباطل باطلا و وفقنا لا تباع الحق و العمل به و الدعوة اليه و الصبر على الاذى فيه ابتغاء وجهك و طلب مرضاتك و جنبنا الباطل و اهله و اعنا على محاربته و دحضه و دمغه بالحق من قولك و قول رسولك، ليكون الباطل زهوقا ـ و آخر دعوانا ان الحمد لله رب العالمين *

تمت

www.ahlehadeethbd.org

# অনুবাদ

# সপ্তম শাম্বিক উপক্রমণিকা

### পরম দয়াময় কৃপানিধান আল্লাহর নামে

অদ্বিতীয় ও তুলনাহীন, একক ও সাহায্য-সাহচর্য-নিরপেক্ষ আল্লাহর জন্য সমুদয় উত্তম প্রশস্তি! তাঁহার সত্ত্বায় ও গুণাবলীতে কাহারো অংশ নাই এবং তদীয় কার্যকলাপেও তাঁহার কেহ সহযোগী নাই। তিনি স্বয়ং নিজেকে যে ভাবে বিশেষিত ও আখ্যাত করিয়াছেন, তিনি ঠিক সেই রূপ! সৃষ্টির যে কেহ যে ভাবেই তাঁহার গুণাবলী কীর্তন করুক, প্রাচুর্য ও স্বল্পতা উভয় দিক দিয়াই তিনি সে সমস্তের উর্ধে। তাঁহার প্রশংসার সীমা কেহই নির্ণয় করিতে সমর্থ হয়নাই। বস্তুতঃ তাঁহার প্রেরিত রছুলগণের মধ্যে তিনি যাঁহাকে সর্বশ্রেষ্ঠত্বের মর্য্যাদা দান করিয়াছেন, তাঁহার প্রমুখাৎ তিনি নিজেকে যেভাবে গুণান্বিত করিয়াছেন, তিনি সেই সকল গুণে মহিমান্বিত।

আমি সাক্ষ্য দান করিতেছি যে, আল্লাহ ব্যতীত কোন ইলাহ নাই! তিনি একক, তাঁহার কেহ অংশী নাই। অদ্বিতীয় ইলাহ! একক, অনুপম, সাহায্য-নিরপেক্ষ, উদাহরণ ও দৃষ্টান্তের অতীত, বৈপরীত্য ও তুলনা এবং সাহচর্য ও মূর্তিমানতা হইতে বিমুক্ত। তাঁহার দানের কেহ প্রতিরোধক এবং তাঁহার প্রতিরোধের কেহ উন্মোচক নাই! তাঁহার আদেশ প্রতিহতকারী এবং তাঁহার নির্দেশের পরিবর্তক কেহই নাই। "কোন জাতিকে আল্লাহ যখন শাস্তি প্রদান করিতে চান, তখন উহার প্রতিবন্ধকতা করিতে কেহই সক্ষম হয়না, প্রকৃতপ্রস্তাবে আল্লাহ ব্যতীত তাহাদের কেহই অভিভাবক নাই"— আর্‌রঅদ ঃ ১১।

আমি আরও সাক্ষ্য দিতেছি যে, হয্‌রত মোহাম্মদ (দঃ) আল্লাহর নির্বাচিত ও নিজস্ব দাস এবং তাঁহার সংবাদবাহী মহা-পুরুষ-রছুল! আল্লাহর পক্ষ সমর্থনে তিনি সদা দৃঢ়প্রতিজ্ঞ, তাঁহার প্রত্যাদেশ সমূহের সংরক্ষণকারী এবং সৃষ্টির সেরা। সমুদয় বিশ্বের জন্য তিনি আল্লাহর জ্বলন্ত করুণা এবং সতর্ক জীবনের অধিকারী—সচ্চরিত্রগণের অধিনায়ক এবং অবিশ্বাসীদের জন্য নৈরাশ্যের প্রতীক! সমুদয় জগদ্বাসীর উদ্দেশে জ্বলন্ত প্রমাণ রূপে তিনি প্রেরিত হইয়াছেন। রছুলগণের আবির্ভাব যখন সংবৃত হইয়াছিল, সেই সংকট মূহূর্তে আল্লাহ তাঁহাকে মানবসন্তানের দিগ্‌দিশারী করিয়া উত্থিত করিয়াছিলেন, তাঁহাদ্বারা মানব সমাজকে তিনি দৃঢ়তম ও সুস্পষ্টতম পথের সন্ধান দিয়াছেন। ধরণীর অধিবাসীদের জন্য সেই রছুলের (দঃ) আনুগত্য ও অনুরাগ, শ্রদ্ধা ও তাঁহার গৌরবরক্ষা করার কার্যকে আল্লাহ ফরয এবং তাঁহার পক্ষসমর্থনে উত্থান করাকে তিনি অবশ্যকর্তব্যরূপে স্থির করিয়াছেন। আল্লাহ তাঁহার বেহশ্‌তের সমুদয় প্রবেশপথ অবরুদ্ধ করিয়া দিয়াছেন রছুলুল্লাহর (দঃ) অবলম্বিত পথ ব্যতীত অন্যপথের কোন পথিকের জন্য উহার দ্বার উন্মুক্ত করা হইবেনা। আল্লাহ তদীয় রছুলের (দঃ) হৃদয়কে সম্প্রসারিত এবং তাঁহার ভারকে অপসারিত এবং তাঁহার নামকে সমুন্নত এবং তদীয় আদেশলংঘনকারী-দিগকে হীন ও অপদস্থ করিয়াছেন। তাঁহার ব্যাখ্যাত মহাগ্রন্থে সেই রছুলের (দঃ) বয়সের তিনি শপথ করিয়াছেন, তদীয় নামকে স্বীয় গৌরবমণ্ডিত নামের সহিত এরূপভাবে জড়িত করিয়াছেন যে, তাঁহার নামের সংযোগ ব্যতীত আল্লাহর নাম আলোচিত হয়না। তিনি এরূপ দৃঢ়তা সহকারে আল্লাহর আদেশসমূহের প্রতিষ্ঠাকল্পে উত্থান করিয়াছিলেন যে, কোন প্রতিবাদকারীর পক্ষে তাঁহার সম্মুখীন হওয়া সম্ভবপর হয়নাই। আল্লাহর অভিপ্রায়কে বাস্তবাকারে রূপায়িত করার উদ্দেশ্যে তিনি এরূপ বিরামহীন কঠোর সাধনা করিয়াছিলেন যে, কোন বাধা প্রদানকারী তাঁহাকে বিরত রাখিতে সক্ষম হয়নাই। বিপুলা বসুন্ধরা তাঁহার রিছালতের হিরণ্ময় কিরণ প্রভায় উদ্ভাসিত হইয়া উঠিয়াছিল এবং মানব বাহিনী দলেদলে তাঁহার দ্বীনে প্রবেশ করিয়াছিল। উদয়াচল হইতে অস্তাচল পর্যন্ত তাঁহার আহ্বান দিগ্‌দিগন্তে প্রচারলাভ করিয়াছে এবং দিবস যামিনীর সীমারেখা পর্যন্ত তাঁহার সুদৃঢ় ধর্ম প্রসারিত হইয়াছে। তিনি তাঁহার রিছালতের দায়িত্বকে যথাযথ ভাবে

www.ahlehadeethbd.org

সম্পাদন করিয়া গিয়াছেন এবং তাঁহার প্রতি ন্যস্ত আমানতকে সম্পূর্ণরূপে পরিশোধ করিয়াছেন। জাতির কল্যাণ কামনা করিয়া আল্লাহ্র পথে জিহাদ করিয়াছেন এবং জাতিকে একটি সমুজ্জ্বল ও সুস্পষ্ট জীবনপথের পথিক করিয়া দিয়া শেষ-বিদায় গ্রহণ করিয়াছেন এবং ঘোষণা করিয়াছেন, " ইহাই আমার পথ। স্পষ্ট প্রত্যয় সহকারে আমি সকলকে আল্লাহর এই পথে আহ্বান জানাইতেছি—ইহাই আমার ও আমার অনুসরণকারীদের পথ ! সকল গৌরবের অধিকারী আল্লাহ্! আর আমি কদাচ বহু ঈশ্বরবাদী নই" !! ইউছুফঃ ১০৮।

... ... ... ...

আজ সমগ্র বিশ্ব বিপদ ও সংকটের তুমুল বন্যায় প্লাবিত, সংস্কার ও কল্যাণের সমুদয় স্তম্ভ বিধ্বস্ত অথবা ধ্বংসপ্রায়, সুখশান্তির সকল আশা ভরসা সুদূরপরাহত! এমন কি জীবনের সমুদয় অথবা বৃহত্তর অংশ আজ সকলের পক্ষেই দুর্বিবহ! কিন্তু এরূপ অবস্থা ঘটিল কেন ?

মহিমান্বিত আল্লাহর সহিত মানব মনের দৃঢ় যোগাযোগ ছিন্ন হওয়া এবং বিতাড়িত শয়তানের সহিত যোগসূত্র স্থাপিত হওয়ার ফলেই আজ পৃথিবীর এই দুর্দশা! শয়তান বিরামহীন গতিতে আদম-সন্তানগণের উপর তাহার অশ্বারোহী ও পদাতিক সৈন্যদল লইয়া অভিযান চালাইয়া আসিতেছে এবং তাহার সমুদয় অস্ত্রশস্ত্র ও দলবলে সজ্জিত হইয়া মানব গোষ্ঠির সহিত সংগ্রাম করিতেছে। মানব সন্তানের আত্মা তাহার ষড়যন্ত্র, চক্রান্ত ও নষ্টামির বিষবাষ্পে কলুষিত হইয়া উঠিয়াছে। দিশাহারা মানব সমাজ সত্য ও মিথ্যার পার্থক্য নির্ণয় করিতে, জ্ঞান ও মুর্খতার মধ্যে প্রভেদ করিতে, আলোক ও অন্ধকারের বৈষম্য অনুধাবন করিতে, সর্বোপরি সত্য ও মিথ্যাকে চিনিয়া লইতে সমর্থ হইতেছেনা। মানব-সন্তানের এই ভয়াবহ পরিণতির কারণ এই যে, তাহাদের পরমশত্রু শয়তান তাহার অদম্য হঠকারিতা লইয়া মানব-সমাজের অন্তরলোকে "কোরআনের" সুশীতল জ্যোতি নির্বাপিত এবং উহার পরিবেশিত উৎকৃষ্ট আহার্য ও ঔষধ হইতে তাহাদিগকে বঞ্চিত করার ব্যবস্থা করিয়াছে।

সুতরাং ভ্রাতা ও ভগ্নিগণ, আপনাদের মধ্যে যাঁহারা দুর্ভাগ্যের কবল হইতে মুক্তিলাভ করিতে চান এবং কল্যাণ ও সৌভাগ্যের অধিকারী হইতে সমুৎসুক, যাঁহারা হিদায়তের অগ্রদূত, উন্নতজীবনের অধিকারীদলের অধিনায়ক, রছুলগণের সমাপ্তকারী হযরত মোহাম্মদ মুছ্তফা ( আল্লাহর করুণা ও শান্তিধারা তাঁহার প্রতি বর্ষিত হইতে থাকুক )এর পতাকা-মূলে স্থানলাভ করিয়া শ্রেষ্ঠতম সাহচর্যের গৌরবলাভ করিতে ইচ্ছুক, তাঁহারা নিশ্চিত ভাবে অবগত হউন যে, ইছলামের সর্বাপেক্ষা অগ্রবর্তী প্রাথমিক বাহিনী জ্ঞান, আচরণ, মতবাদ, ব্যবহার ও ভাবধারার যে পথ অনুসরণ করিয়া চলিয়া-ছিলেন, সেই পথে প্রত্যাবর্তন করা ছাড়া আপনাদের অন্য কোন উপায় নাই। অতএব ত্বরান্বিত হউন! তৃষ্ণার্ত পথিক-দলের জন্য সুমধুর জলাশয়ের ঘাট আপনাদের সম্মুখেই! শুনুন মহিমামণ্ডিত আল্‌কোরআন এবং ছুন্নতে নববীর (দঃ) অবলম্বন ব্যতীত সংকট হইতে পরিত্রাণ লাভ করার অন্য কোন পন্থা নাই।

কোরআন ও হাদীছের এই 'দাওয়াৎ' **তর্জুমানুল হাদীছ** তাহার জন্মদিন হইতেই জনগণকে দিয়া আসি-তেছে। এই সাময়িক পত্র খানা এক্ষণে তাহার বয়সের সপ্তম বর্ষে পদার্পণ করিল। 'মিল্লতে'র মংগল ও 'উম্মতে'র গৌরব যে পথে অর্জিতহইবে বলিয়া সে বিশ্বাস করে, পরম নিষ্ঠার সহিত অকুতোভয়ে উক্ত পদ্ধতিতে সেবাদান করিয়া চলিয়াছে। ঈমানের পতাকা উত্তোলিত করিয়া আল্লাহর পথে ধৈর্য ও ছবর সহকারে শুধু আল্লাহর নিকট হইতেই পুরস্কারের আশাধারী হইয়া 'জদ্দ ও জিহাদ' চালাইয়া যাইতেছে। আল্লাহর পথে চলার জন্য সে কোন নিন্দুকের বাক্যবাণকে-কখনও গ্রাহ্য করেনাই, পাশবিক ঔদ্ধত্য ও শক্তি তাহাকে কখনও দুর্বল করিতে পারেনাই। বিদআৎ ও শয়তানী প্রহেলিকার মুকাবিলা করিতে সে কখনও পশ্চাদ্বর্তী হয়নাই। এই রীতির অনুসরণ করিতে গিয়া উহার লেখনী কখনও স্তব্ধ এবং রসনা মূক হয়নাই। " হে রছুল (দঃ) আপনার পূর্ববর্তী রছুলগণের উপরেও অসত্য কথনের অভিযোগ আরোপকরা হইয়াছিল, কিন্তু তজ্জন্য তাঁহারা ধৈর্যাবলম্বন করিয়াছিলেন। আমাদের সাহায্য তাঁহাদের কাছে উপস্থিত না হওয়া পর্যন্ত তাঁহারা নিষ্পীড়িতও হইয়াছিলেন। আল্লাহর বিধানের কেহ পরিবর্তনকারী নাই। হে রছুল (দঃ) প্রেরিত মহাপুরুষগণের বিবরণ আপনাকে প্রদান করা

www.ahlehadeethbd.org

Contents



হইয়াছে”—আল্‌আন্‌আম, ৩৪। “এবং এই উম্মতে সত্যপথে প্রতিষ্ঠিত একটি দল সকল যুগেই বিরাজমান রহিবেন। যাহারা তাহাদের বিরোধ করিবে তাহারা তাঁহাদিগকে ক্ষতিগ্রস্তকরিতে পারিবেনা এবং তাঁহাদিগকে অবনমিত করিতেও সক্ষম হইবেনা—প্রলয়কাল পর্যন্ত তাঁহারা সঠিক পথেরই যাত্রী থাকিবেন”—বুখারী।

এই দলটি যাঁহারা কোরআন ও ছুন্নতের আলোক ভাণ্ডারহইতে কিরণ আহরণ করিতে অভ্যস্ত, তাঁহারাই হইতেছেন **আহ্‌লেহাদীছ**। যাহারা আল্লাহর পথ হইতে ভ্রষ্ট করার উদ্দেশ্যে বেহুদা কথা ক্রয় করিয়া বেড়ায়, তাহারা আহ্‌লে-হাদীছ নয়, তাহাদের উপর শয়তান স্বীয় প্রভাব বিস্তৃত করিয়াছে এবং তাহাদিগকে আল্লাহর স্মরণ ও আশ্রয় হইতে বিমুখ করিয়া ফেলিয়াছে।

হে আমাদের আল্লাহ, আপনি মোহাম্মদ এবং তাঁহার পরিবারবর্গের প্রতি আপনার করুণা ও শান্তিধারা সতত বর্ষণ করিতে থাকুন, যেরূপ ইব্‌রাহীম ও তদীয় পরিবারবর্গের প্রতি আপনি আপনার করুণা বিকীর্ণ করিয়াছিলেন এবং হে আমাদের আল্লাহ, আপনি মোহাম্মদ এবং তাঁহার পরিবারবর্গকে সমৃদ্ধ করুন, যেরূপ ইব্‌রাহীম ও তদীয় পরিবারবর্গকে আপনি সমৃদ্ধি দান করিয়াছিলেন। হে আমাদের আল্লাহ, আপনি তাঁহাকে ‘ওছীলা’ ও গৌরব এবং সমুন্নত আসনের অধিকারী করুন এবং যে “**মুকামে মাহ্‌মুদে**” তাঁহাকে সমাসীন করিবেন বলিয়া আপনি তাঁহাকে প্রতিশ্রুতি দিয়াছিলেন, তাঁহাকে উক্ত আসন দান করুন। কোন নবীকে আপনি তাঁহার উম্মতের পক্ষ হইতে যে ভাবে পুরস্কৃত করিয়াছেন, আমাদের নবীকে আমাদের পক্ষ হইতে তদপেক্ষা উৎকৃষ্টতর ভাবে আপনি পুরস্কৃত এবং সকলের আসন অপেক্ষা তাঁহার আসনকে অধিকতর সমুন্নত করুন। আমাদিগকে তাঁহার পতাকা তলে এবং তাঁহারই দলে সমাবেশিত করুন এবং তাঁহার ‘হাওযে কওছরে’ উপস্থিত হইবার আমাদিগকে তওফীক দিন!

হে আমাদের আল্লাহ, আপনি আপনার যে গ্রন্থকে সদাচারশীলদের জন্য হেদায়ত, কৃপা ও সুসংবাদরূপে প্রেরণ করিয়াছেন, যে গ্রন্থকে আপনি বিশ্বাসী জনগণের অন্তরলোকের আরোগ্য বলিয়া অভিহিত করিয়াছেন, আমাদিগকে উক্ত গ্রন্থ এবং আপনার নবী, আপনার পরম মিত্র, আপনার সমুদয় সৃষ্টি হইতে নির্বাচিত এবং আপনার প্রত্যাদেশের কোষাধ্যক্ষ, সমুদয় রছুলের সমাপ্তকারী আমাদের অধিনায়ক, আপনার বন্ধুদের নেতা এবং আপনার প্রীতিভাজনগণের দলপতি হয্‌রত মোহাম্মদ মুছ্‌তফার ছুন্নত হইতে হিদায়ত আহরণ করার যোগ্যতা আমাদিগকে দান করুন।

হে আমাদের আল্লাহ, আপনি—আপনার প্রতি, আপনার নবীর (দঃ) প্রতি, আপনার গ্রন্থের প্রতি, আপনার সমুদয় বিধান, আদেশাবলী ও আপনার ওছিয়ত সমূহের প্রতি অবিমিশ্র ঈমান, যে ঈমান সকল কলুষ হইতে বিশুদ্ধ এবং সমুদয় প্রবৃত্তিপরায়ণতা হইতে বিমুক্ত, আমাদের জন্য প্রীতিপ্রদ করিয়া তুলুন আর কুফ্‌র, অনাচার ও পাপের প্রতি আমাদের অন্তরকে বিরূপ করিয়া দিন, আমাদের হৃদয়কে বিদ্‌আত ও বিদ্‌আতীর বিরুদ্ধে বিদ্বিষ্ট করুন এবং নিরর্থক ও বাহুল্য-বাদীদের সংশ্রব হইতে আমাদিগকে দূরে সরাইয়া রাখুন। আপনার হিদায়তের কিরণ ছটায় বস্তুর প্রকৃত তত্ত্ব ও স্বরূপ আমাদের কাছে প্রকট করুন যাহাতে আমরা বাস্তবতার দিব্যজ্ঞান লাভ করিতে সমর্থ হই, শয়তানের বাহিনীর কোন শয়তান তাহার প্ররোচনায় আমাদিগকে যেন বিভ্রান্ত করিতে না পারে! হে আমাদের আল্লাহ, যাহা সত্য তাহা আমাদিগকে সত্যাকারে প্রদর্শন করুন আর যাহা মিথ্যা তাহার মিথ্যা স্বরূপ আমাদের কাছে উদ্‌ঘাটিত করুন, আমাদিগকে সত্যানুসরণ সত্যাচরণ ও সত্যপথে আহ্বানের সুযোগ দিন এবং আপনার সন্তুষ্টি অর্জনের বিনিময়ে আমাদিগকে এই পথের বিপদ আপদে ছবর অব-লম্বন করার শক্তি দান করুন। বাতিল ও উহার সহচরদের কবল হইতে আমাদিগকে রক্ষা করুন এবং মিথ্যার সহিত সংগ্রামে এবং উহাকে পরাজিত ও পর্যুদস্ত করার কার্যে আপনার নির্দেশ ও আপনার রছুলের (দঃ) উক্তি দ্বারা আমাদের সাহায্যকারী হউন, যাহাতে মিথ্যা নিশ্চিহ্ন হইয়া যায় আর আমাদের শেষ প্রার্থনা—সমুদয় উত্তম প্রশস্তি বিশ্বপতি আল্লাহর জন্য!

www.ahlehadeethbd.org

# আবাহন

—আতাউল হক

আলোর দিশারী ওগো তর্জুমান, যুগের আঁধার ঠেলি'
চল চল তুমি ; চলিতে হইবে পথের কাঁটারে দলি'।
তোমার চলার পথের উপরে রচিত হয়েছে বন
বেতস-বৈঁচীর ; তাহাই দলিয়া জিনিতে হইবে রণ !
দুর্ভাগ্য তোমার ওগো সেনাপতি, সৈনিক তোমার নাহি ;—
রণভূমে তুমি সেনাপতি আর সৈন্য তলোয়ারবাহী !
এক হাতে তব প্রদীপ্ত মশাল আর হাতে তলোয়ার,
এই নিয়ে তুমি যুদ্ধক্ষেত্রে গেছ পৃথিবীরে জিনিবার !
দুঃসাহস বটে ! অসম্ভব নহে, হয় ত যাইবে জিতে,
অগণিত সেনা হয় ত সেদিন দেখিবে তোমারি সাথে !
এই পাকিস্তানে তোমারই মত সেবাব্রত চাহি আজ
নহিলে জান্নাত আসিবে না হেথা—মালঞ্চে পড়িবে বাজ !
খোদার কালাম, রছুলের বাণী বিতরিছ দিবা-যামী ;
জাতির জীবনে এনেছ হে বন্ধু, অমৃত-পেয়ালা তুমি।
এ-জাতিরে তুমি জেন্দা ক'রে যাও নবীর সুরের বানে ;
সোনার স্বরগ গ'ড়ে যাও তুমি আমাদের পাকিস্তানে।
ছয়টী বছর সাধনা করেছ। সফল হয়েছে রণ ?
সোনার উষার হৈম রশ্মি আজ রঞ্জিত করেছে রণ ?
কে রুধিতে পারে জয় যাত্রা তব ? পেঁচারা চেঁচাবে কিছু ;
সেই চিৎকারে সূর্য্য কি কখনো মস্তক করেছে নীচু ?
আল্লাহ্ তোমার জীবনের সাথী, চল তুমি তাঁরি নিয়ে ;
ঐ ভাঙা কেল্লায় উড়াও নিশান তাঁরি পূত নাম দিয়ে !
জাতির সৈনিকে ব'লে যাই আজ : হে বিভ্রান্ত সেনাদল,
ঘুমাবার দিন এখনো কি আছে ? কোথা তব কোলাহল !
সেনাপতি আজ রণক্ষেত্রে একা কেল্লায় ঘুমায় সেনা,
এমন বিচিত্র ব্যাপারে বল ত বিস্মিত হইবে কে না ?
লজ্জার কথা এ, আমাদের ইহা নহে কভু শুভ চিন ;
জান না কি বন্ধু, ঘুমন্তের ঘরে মৃত্যুই বাজাবে বীণ ?
রণ-সাজে আজ সুসজ্জিত হও, হ'য়ে য ~ হুঁশিয়ার ;
পথ তোমাদেরে ডাক্ দিয়ে যায়, পথেরে ডেকো না আর !
চল চল তর্জুমান,
বিশ্ববাসী আজ দেখুক বিস্ময়ে অভিনব অভিযান !

www.ahlehadeethbd.org

Contents




بسم الله الرحمن الرحيم

# ছুরত আল-ফাতিহার তফ্‌ছীর

## فصل الخطاب فى تفسير ام الكتاب

ষষ্ঠ বর্ষের শেষ সংখ্যায় ছুরত-আলফাতিহার তফ্‌ছীরে "ছিরাতে মুছতাকীমের হিদায়তে"র অন্তরভুক্ত "অর্থনৈতিক হিদায়তে"র প্রসংগ এরূপ আকস্মিকভাবে সমাপ্ত হইয়াছিল যে, তাহার সহিত নববর্ষের প্রথম সংখ্যার তফ্‌ছীরের সামঞ্জস্যবিধান নূতন পাঠক পাঠিকা-গণের পক্ষে দুঃসাধ্য হইবে। সুতরাং এই প্রসংগের পূর্বপ্রকাশিত অংশটি কিঞ্চিৎ সংশোধিত ও বর্ধিত আকারে বর্তমান অংশের পুরোভাগে সংযোজিত হইল,—তর্জুমান সম্পাদক।

(পূর্বানুবৃত্তি)

(৪১)

### অর্থনৈতিক বৈষম্য

অর্থনৈতিক বৈষম্য মানব সমাজের ঐক্য ও এক-ত্বকে সর্বাপেক্ষা নিষ্ঠুর আঘাত হানিয়াছে। জননীরা যে সকল স্বাধীন মানুষ প্রসব করিয়াছিলেন, অর্থনৈতিক বৈষম্যের ফলে তাহারা ধনিক শ্রেণীর হস্তে ক্রীতদাসে পরিণত হইয়াছে। অন্ধকার যুগের দাস প্রথা আপাত-দৃষ্টিতে অবলুপ্ত হইয়াছে বলিয়া মনে হইলেও প্রকৃত-প্রস্তাবে নিঃস্ব ও বঞ্চিতের দল ধনপতি 'কারূণ'গণ কর্তৃক অতীতের দাসদের অপেক্ষা অধিকতর বর্বরো-চিত উপায়ে নিষ্পেষিত হইতেছে। অর্থনৈতিক বৈষম্যের ফলেই মানবসমাজ দ্বিধাবিভক্ত হইয়া পড়িয়াছে: একদল ধন-দওলতের জৌলুষ, ঐশ্বর্যের আড়ম্বর এবং সকল প্রকার সুখসম্ভোগের উচ্চ শিখরে সমাসীন, পক্ষান্তরে মানব সন্তানেরই আর একটি দল শত প্রকার সাধ্যসাধনা ও তাহাদের দেহ নিসৃত রুধির ও ঘর্ম একত্র করিয়াও জঠরানল নির্বাপিত করিতে পারিতেছেনা। মানবত্বের এই দুরপনেয় কলংক মুছিয়া ফেলার উদ্দেশ্যে ইছ্‌লাম কোর্‌আনের মাধ্যমে অর্থনৈতিক হিদায়তের যে মূলনীতিগুলি ধরণীর অধিবাসীবৃন্দকে শিক্ষা দিয়াছে তাহার সারৎসার এই যে,

### ইছলামী অর্থনীতির মৌলিক নীতি-সমূহ

১। খাদ্য ও জীবিকার ব্যাপার একমাত্র আল্লাহর সহিত সম্পর্কিত। তিনিই প্রত্যেক মানুষের একক ও প্রকৃত অভিভাবক। তাঁহার প্রজ্ঞা এবং ব্যাপক ব্যবস্থা-পনা নিবন্ধন পৃথিবীর বৈচিত্রপূর্ণ পরিবেশে খাদ্য ও ধন বণ্টনের ব্যবস্থায় অল্পবিস্তর পার্থক্য ও বৈষম্য অনিবার্য হইলে ও "ভূপৃষ্ঠে একজন মানুষও ক্ষুধার্ত ও উপার্জনহীন জীবন যাপন করুক," উল্লিখিত স্বভাবজাত বৈষম্যের কদাচ সে উদ্দেশ্য নয়। কারণ কোরআনে উপার্জনের অধিকার সকলকে তুল্য ও অভিন্ন ভাবে প্রদান করা হইয়াছে এবং সাম্যের এই অধিকারে কাহাকেও হস্তক্ষেপ করার অনুমতি প্রদান করা হয়নাই।

**ব্যাখ্যা :—**

আল্লাহ মনুষের জীবন যাত্রার ব্যবস্থাপক এবং

www.ahlehadeethbd.org

তিনি প্রতিশ্রুতি দিয়াছেন যে, ভূপৃষ্ঠে বিচরণকারী সমুদয় জীবের জীবনযাত্রার ব্যবস্থাপনার ভার তিনি স্বয়ং গ্রহণ করিয়াছেন। একথার প্রমাণ ছুরত হুদে বিদ্যমান রহিয়াছে, উক্ত ছুরতে কথিত হইয়াছে: ভূপৃষ্ঠে বিচরণকারী প্রত্যেক জীবের আহার্যের দায়িত্ব আল্লাহ্ গ্রহণ করিয়াছেন, —৬ আয়ত। وَ مَا مِنْ دَابَّةٍ فِي الْأَرْضِ إِلَّا عَلَى اللهِ رِزْقُهَا !

ছুরত আয্‌যারিয়াতে আল্লাহ্ আদেশ করিয়াছেন, তোমাদের আহার্য এবং যে বিষয়ে তোমাদিগকে প্রতিশ্রুতি দেওয়া হইতেছে, তাহা ঊর্ধগগনে আল্লাহর যিম্মাতেই রহিয়াছে, —২২ আয়ত। وَ فِي السَّمَاءِ رِزْقُكُمْ وَمَا تُوْعَدُوْنَ

উক্ত ছুরতে আরও উক্ত হইয়াছে—বস্তুত: একমাত্র আল্লাহ্ তোমাদের অন্নদাতা, ক্ষমতাশালী ও শক্তিধর— ৫৮ আয়ত। إِنَّ اللهَ هُوَ الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِيْنُ -

ছুরত আল্‌হিজ্‌রে আল্লাহ বলিয়াছেন, আমরাই ভূপৃষ্ঠে তোমাদের জন্য জীবন-যাত্রার উপকরণ সৃষ্টি করিয়া রাখিয়াছি, আর তাহাদের জন্যও, যাহাদের তোমরা আহার্য প্রদান করনা, —২০ আয়ত। وَجَعَلْنَا لَكُمْ فِيْهَا مَعَايِشَ، وَمَنْ لَّسْتُمْ لَهُ بِرَازِقِيْنَ -

ছুরত আল্‌আন্‌আমে আদেশ দিয়াছেন, আর দেখ, তোমরা অভাবের আশংকায় তোমাদের সন্তানদের হনন করিওনা। ولا تقتلوا اولادكم من املاق، نحن نرزقكم و اياهم !
আমরাই তোমাদিগকে এবং তাহাদিগকেও আহার্য যোগাইয়া থাকি, —১৫ আয়ত।

ছুরত আন্‌নমলে বিস্মৃত মানবসমাজকে স্মরণ করাইয়া দেওয়া হইয়াছে: বল দেখি হে মানব সন্তান, তোমাদিগকে আকাশ এবং ভূপৃষ্ঠ হইতে খাদ্য প্রদান করেন কে? وَ مَنْ يَّرْزُقُكُمْ مِّنَ السَّمَاءِ وَالْأَرْضِ ءَاِلٰهٌ مَّعَ اللهِ ؟ আল্লাহ্ ছাড়াও তোমাদের কেহ 'ইলাহ' আছেন কি?—৬৪ আয়ত।

ছুরত ফাতিরে উক্ত বাণী অধিকতর বলিষ্ঠাকারে বিঘোষিত হইয়াছে--হে মানব সমাজ, তোমাদের প্রতি আল্লাহর অনুকম্পা স্মরণ কর, আল্লাহর ব্যতীতও কি এমন কোন সৃষ্টিকর্তা রহিয়াছেন, যিনি ঊর্ধগগন এবং ধরিত্রী-বক্ষ হইতে তোমাদিগকে আহার্য যোগাইয়া থাকেন?—৩আয়ত। يَا أَيُّهَا النَّاسُ، اذْكُرُوْا نِعْمَتَ اللهِ عَلَيْكُمْ ! هَلْ مِنْ خَالِقٍ غَيْرُ اللهِ يَرْزُقُكُمْ مِّنَ السَّمَاءِ وَالْأَرْضِ ؟

'ধরণীর পৃষ্ঠ দেশে যাহাকিছু ও যতকিছু আছে প্রত্যেক মানুষের সেগুলিতে তুল্য অধিকার রহিয়াছে' কোর্‌আনের এই নীতি ছুরত আলবাকারায় নিম্নলিখিত ভাষায় উচ্চারিত হইয়াছে—হে মানব সন্তান, একমাত্র আল্লাহই ভূপৃষ্ঠের সমুদয় বস্তুকে তোমাদের জন্য সৃজন করিয়াছেন—আলবাকারা, ২৯ আয়ত। هُوَ الَّذِيْ خَلَقَ لَكُمْ مَّا فِي الْأَرْضِ جَمِيْعًا !

ইহারই আংশিক বিশ্লেষণ স্বরূপ ছুরত হা-মীম আছ্‌ছিজ্‌দায় উক্ত হইয়াছে, আল্লাহ্ পৃথিবীর পৃষ্ঠদেশে ভারি পাহাড়গুলি প্রতিষ্ঠিত করিলেন এবং মৃত্তিকাকে সমৃদ্ধি প্রদান করিলেন এবং চারি ঋতুতে যথোচিত পরিমাণ অনুযায়ী খাদ্য সামগ্রী উহাতে সন্নিবেশিত করিলেন। (উপার্জনের সাধনানুসারে) খাদ্যান্বেষীদের জন্য উহার অংশ সমান রাখা হইয়াছে, —১০ আয়ত। وَ جَعَلَ فِيْهَا رَوَاسِيَ مِنْ فَوْقِهَا وَ بَارَكَ فِيْهَا، وَ قَدَّرَ فِيْهَا أَقْوَاتَهَا فِيْ أَرْبَعَةِ أَيَّامٍ، سَوَاءً لِّلسَّائِلِيْنَ -

ছুরত আন্‌নহলে খাদ্যের পরিমাণে যে অসামঞ্জস্যের নীতি স্বীকৃত হইয়াছে, তাহার মর্ম গভীর অভিনিবেশ সহকারে পাঠ করা কর্তব্য। উক্ত ছুরতে কথিত হইয়াছে—তোমাদের মধ্যে কোন কোন ব্যক্তিকে অপর ব্যক্তি অপেক্ষা খাদ্য-সম্পদে আল্লাহ উন্নততর করিয়াছেন, অথচ যাহাদিগকে অধিকতর খাদ্যসম্পদ দেওয়া হইয়াছে, যাহাতে সকলেই খাদ্যের সমান অংশীদার হইয়া যায়, তজ্জন্য তাহারা তাহাদের খাদ্যের বাড়তি অংশ (*surplus*) তাহাদের অধীনস্থদিগকে ফিরাইয়া দেয়না। এই আচরণ দ্বারা তাহারা কি আল্লাহর নেয়ামতের খোলাখুলি কৃতঘ্নতা করিতেছেনা?—৭১ আয়ত। وَ اللهُ فَضَّلَ بَعْضَكُمْ عَلَى بَعْضٍ فِي الرِّزْقِ، فَمَا الَّذِيْنَ فُضِّلُوْا بِرَادِّيْ رِزْقِهِمْ عَلَى مَا مَلَكَتْ أَيْمَانُهُمْ، فَهُمْ فِيْهِ سَوَاءٌ ! أَفَبِنِعْمَةِ اللهِ يَجْحَدُوْنَ ؟

www.ahlehadeethbd.org

তফ্ছীর আল্বাহ্রুলমুহীত ও তফ্ছীর ফত্হুলকদীরে ছুরত আন্নহলের উপরিউক্ত আয়ত প্রসংগে লিখিত হইয়াছে যে, এই আয়তের এরূপ অর্থও গ্রহণ করা যাইতে পারে যে আল্লাহ কতক ব্যক্তিকে খাদ্য সম্পদে কতক ব্যক্তি অপেক্ষা শ্রেষ্ঠতর করিয়াছেন এবং শ্রেষ্ঠত্বপ্রাপ্তের দল তাহাদের নিম্ন শ্রেণীভুক্তদিগকে তাহাদের সম্পদের বাড়তি অংশ কিছুই ফিরাইয়া দেয়না। অতএব শ্রেষ্ঠ ও নিম্নশ্রেণীর সকলেই খাদ্যসম্পদে মূলতঃ সমঅধিকারসম্পন্ন। *

و جوز ان یکون معنی الایة ان الله تعالی فضل بعضا علی بعض فی الرزق ـ وان المفضلین لایردون من رزقہم علی من دونہم شیئا، فالمالك والمملوك فی اصل الرزق سواء ـ

যমখ্শরী তাঁহার কশ্শাফে উল্লিখিত আয়তের যে অর্থ গ্রহণ করিয়াছেন, তাহার মর্ম এই যে, আল্লাহ তোমাদিগকে খাদ্যসম্পদের দিকদিয়া নানা শ্রেণীতে বিভক্ত করিয়াছেন যাহাদের খাদ্য অপেক্ষা তোমাদের খাদ্য শ্রেষ্ঠ তাহারা তোমাদেরই মত মানুষ আর তোমাদের ভাই অতএব তোমাদের বাড়তি খাদ্যসম্পদ তাহাদের মধ্যে প্রত্যাবর্তিত করিয়া দেওয়া উচিত, যাহাতে খাদ্য ও পরিধেয় ব্যাপারে তোমরা সমান হইয়া যাও। আর এইরূপই হযরত আবুযর গিফারীর বাচনিক বর্ণিত হইয়াছে। †

انه سبحانه جعلکم متفاوتین فی الرزق، و ھم بشر مثلکم واخوانکم ـ وکان ینبغی ان تردوا الفضل مما رزقتموه علیہم، حتی تساووا فی الملبس و المطعم کما یحکی عن ابی ذر رضی الله عنه ـ

'ফত্হুলকদীরে' শওকানী এবং আলুছী 'রূহুল-মআনী'তে লিখিয়াছেন, আল্লাহ বলেন, ধনের মালিকগণ তাহাদের অধীনস্থদিগকে তাহাদের খাদ্য সম্পদ ফিরাইয়া দেয়না, বরং আমরাই তাহাদিগকে এবং ধনিক দিগকে খাদ্যদান করি। অতএব ধনিকরা যেন ইহা মনে না করে যে, তাহারাই নিঃস্বদিগকে খাদ্যদান করিতেছে, প্রত্যুত আমারই প্রদত্ত খাদ্য তাহাদের হস্তদ্বারা বিতরিত হইতেছে মাত্র এবং এ-বিষয়ে তাহারা সকলেই সমতুল্য, অধীনস্থদের উপর তাহাদের কোন বৈশিষ্ট্য নাই। যেন বলা হইতেছে যে, ধনিকরা একথা বুঝিতে পারেনা বলিয়াই আল্লাহর নেয়ামতে কৃতঘ্নতা করিতেছে।

ان الما لکین لیسوا برادی رزقہم علی ممالیکہم، بل انا الذی ارزقہم و ایاھم، فلا یظنوا انہم یعطونہم شیئا، و انما ھو رزقی اجریته علی ایدیہم و ھم جمیعا فی ذلك سواء، لامزیة لہم علی ممالیکہم، و یناسب ھذالمعنی کان یقال : لایفہمون ذلك، فیجحدون نعمة الله ـ

ইহা লক্ষ করা কর্তব্য যে উল্লিখিত আয়ত সমূহে ব্যাপক ভাবে প্রত্যেক মানব-সন্তান সম্বোধিত হইয়াছে এবং এই আয়তগুলি প্রতিপন্ন করিতেছে যে খাদ্য ও জীবন যাত্রার উপাদান আল্লাহর ধনভাণ্ডারের সার্বজনীন অবদান এবং জীবজগতের প্রত্যেককেই উহা আহরণ করার তুল্য অধিকার প্রদান করা হইয়াছে। খাদ্য ও উপার্জনে সাম্য ও অভিন্নতার যে প্রকাশ্য ঘোষণা উল্লিখিত আয়তসমূহে প্রদত্ত হইয়াছে, তাহার অস্বীকৃতি বাস্তবতার অস্বীকৃতির নামান্তর মাত্র!

কোরআনের আয়তসমূহের যে ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে, উহার সমর্থনে নিম্নে কয়েকটি বিশুদ্ধ হাদীছ সংকলিত করিয়া দেওয়া হইল :

হযরত আবদুল্লাহ বিনে উমরের প্রমুখাৎ বর্ণিত আছে যে, রছুলুল্লাহ (দঃ) বলিয়াছেন, এক মুছলমান অপর মুছলমানের ভাই, সে কোন মুছলমানের প্রতি অত্যাচার এবং বিপন্ন মুছলমানকে পরিত্যাগ করিবেনা— লয়েছ বিনে ছঅদ। †

المسلم اخو المسلم، لایظلمه و لایسلمه ـ

হাফিয ইব্নেহয্ম এই হাদীছ প্রসংগে লিখিয়াছেন, যেব্যক্তি তাহার কোন মুছলমান ভ্রাতাকে ক্ষুধার্ত ও নগ্ন অবস্থায় দেখিয়া উপেক্ষা করিল, সে প্রকৃতপক্ষে তাহার বিপন্ন ভ্রাতাকে পরিত্যাগ করিল!

আবুছঈদ খুদ্রীর বাচনিক বর্ণিত আছে যে, রছুলুল্লাহ (দঃ) আদেশ করিয়াছেন, যাহার নিকট শক্তিসম্পদ প্রয়ো-

* শওকানী, ফতহুলকদীর (৩) ১৭১ পৃঃ।

† শওকানী ফতহুলকাদীর (৩) ১৭১ পৃঃ আলবাহ্রুলমুহীত (৫) ২৩১ পৃঃ।

† আল্মুহাল্লা (৬) ১৫৭ পৃঃ।

www.ahlehadeethbd.org

জনের অতিরিক্ত রহিয়াছে, উক্ত বাড়তিসম্পদ দুর্বল-দিগকে দান করা তাহার কর্তব্য আর যাহার কাছে প্রয়োজনের অতিরিক্ত আহার্য-সম্বল রহিয়াছে অভাবগ্রস্ত এবং নিঃস্বদের মধ্যে উক্ত বাড়তি অংশ তাহার পক্ষে বিতরণ করা কর্তব্য। হয্‌রত আবুছঈদ খুদ্‌রী বলিতেছেন,

من كان معه فضل ظهر، فليعد به على من لا ظهر له و من كان له فضل من زاد فليعد به على من لا زاد له - قال ابوسعيد : فذكر من اصناف المال ما ذكر حتى راينا انه لا حق لاحد منا فى فضل -

রছূলুল্লাহ (দঃ) এই ভাবে বিভিন্ন সম্পদের কথা এমন করিয়া আলোচনা করিলেন যে, আমরা বুঝিয়া লইলাম, আমাদের বাড়তিসম্পদে আমাদের কোনই অধিকার নাই। *

হয্‌রত আবদুল্লাহ বিনে আব্বাছের প্রমুখাৎ বর্ণিত আছে যে, রছূলুল্লাহ (দঃ) বলিয়াছেন, যেব্যক্তি উদরপূর্তি করিয়া খায় অথচ তাহার প্রতি-বেশী ক্ষুধার্ত থাকে সে মুছলমান নয়—তাবারাণী ও আবুইয়োলা। ‡

ليس المؤمن الذى يشبع و جاره جائع -

আনছ বিনে মালিক উপরউক্ত মর্মের হাদীছ নিম্ন-লিখিত ভাষায় রেওয়ায়ত করিয়াছেন : রছূলুল্লাহ (দঃ) বলিয়াছেন, যেব্যক্তি পেটভরিয়া খাইয়া রাত্রি যাপন করিল, অথচ তাহার পার্শ্বে তাহার প্রতিবেশী তাহার জ্ঞাতসারে অনাহারে রাত্রি কাটাইল, সে আমার উপর ঈমান আনেনাই। †

ما آمن بى من بات شبعان و جاره جائع الى جنبه و هو يعلم به -

হাফিয ইব্‌নেহয্‌ম আবদুররহমান বিনে মহ্‌দীর রেওয়ায়তে হয্‌রত উমর ফারূকের উক্তি উধৃত করিয়াছেন যে, আমি যে বিষয়টি আজ বুঝিতে পারিতেছি, যদি পূর্বে তাহা বুঝিতাম, তাহাহইলে ধনিকদের উদ্বৃত্ত সম্পদ তাহাদের নিকট হইতে গ্রহণ করিয়া আমি দরিদ্র বাস্তুত্যাগীদের মধ্যে বিতরণ করিতাম। §

لو استقبلت من امرى ما استدبرت لا خذت فضول مال الاغنياء قسمتها على فقراء المهاجرين -

হয্‌রত উমর তাঁহার খিলাফতে সরকারি কোষাগার হইতে সর্বসাধারণকে তাঁহাদের সেবা ও কার্যদক্ষতানুসারে বিভিন্ন শ্রেণীতে ভাগ করিয়া ধন বণ্টন করিতেন, কিন্তু আবুউবায়দ যয়েদ বিনে আছ্‌লমের প্রমুখাৎ হযরত উমরের শেষ অভিমত উধৃত করিয়াছেন যে, তিনি বলিয়াছিলেন, আমি যদি আগামী বৎসর পর্যন্ত জীবিত থাকি তাহা হইলে আমি শেষের দলকে পূর্ব-বর্তীদলের সহিত এমনভাবে যুক্ত করিয়া দিব, যাহাতে সকলেই সমান হইয়া যায়। ¶

لئن عشيت الى هذالعام المقبل، لالحقن آخر الناس باولهم، حتى يكونوا ببانا واحدا -

হযরত আবুবক্‌র ছিদ্দীক আগাগোড়া ধনবণ্টনে সমানাধিকার নীতিকে বিশ্বাস করিতেন। একদা এইরূপ তুল্য বণ্টনের ফলে প্রত্যেকে মাত্র অর্ধ দীনার—একটাকা চারি আনা—করিয়া প্রাপ্ত হইয়াছিল। কেহ কেহ ইছ্-লামের সেবা ও অন্যান্য শ্রেষ্ঠত্বকে ভিত্তি করিয়া বণ্টনের হারে তারতম্য করার প্রস্তাব করায় হযরত আবুবক্‌র জওয়াব দিয়াছিলেন,তাঁহাদের শ্রেষ্ঠত্বের জন্য তাঁহারা আল্লাহর কাছেই পুরস্কৃত হইবেন, ইহা জীবিকার ব্যাপার! এবিষয়ে সাম্যের নীতিই উত্তম! †

فضائلهم عند الله، فاما هذا المعاش، فالتسوية فيه خير !

একদা হযরত আলী মুর্তাযাকে বলিতে শুনাগেল, আল্লাহ দরিদ্রদের প্রয়োজন ধনিকদের সম্পদ হইতে মিটাইবার কার্য ধনপতিদের জন্য ফরয করিয়াছেন। যদি দরিদ্রের দল ক্ষুধার্ত, বিবস্ত্র ও জীবিকার জন্য বিব্রত হয়, তাহাহইলে ইহা ধনিকদের কর্তব্য পালনে ত্রুটির জন্যই হইবে। সুতরাং পুনরুত্থান-দিবসে আল্লাহ নিশ্চয় তাহাদের নিকট হইতে ইহার কৈ-ফিয়ৎ লইবেন এবং এই অপরাধের জন্য তাহাদিগকে শাস্তি দিবেন, ‡

ان الله تعالى فرض على الاغنياء فى اقواتهم بقدر مايكفى فقراءهم، فان جاعوا و عروا و جهدوا فبمنع الاغنياء و حق على الله تعالى ان يحاسبهم يوم القيامة و يعذبهم عليه—

হয্‌রত আবুউবায়দা ও তিনশত ছাহাবী সম্বন্ধে সঠিক ভাবে প্রমাণিত রহিয়াছে যে, একবার তাঁহাদের সম্বল নিঃশেষিতপ্রায় হইয়া যায়। وصح عن ابى عبيدة

* (ছহীহ মুছলিম) আল্‌মুহাল্লা (৬) ১৫৭ পৃঃ। ‡ মজমউয যওয়ায়েদ (৮) ১৬৭ পৃঃ। † মজমউয যওয়ায়েদ (৮) ১৬৭ পৃঃ।
§ আল্‌মুহাল্লা (৬) ১৫৮ পৃঃ।

¶ আবুউবায়দ, আম্‌ওয়াল, (৮) ২৬৪ পৃঃ। ‡ মুহাল্লা (৬) ১৫৮ পৃঃ।
† আবুউবায়দ, আম্‌ওয়াল (৬) ২৬৩ পৃঃ।

www.ahlehadeethbd.org

بن الجراح و ثلث مائة من الصحابة رضى الله عنهم ان زادهم فنى، فامرهم ابوعبيدة، فجمعوا ازوادهم فى مزودين وجعل يقوتهم اياها على السواء—

আবুউবায়দা সকলকে তাঁহাদের অবশিষ্ট সম্বল একত্রিত করিতে আদেশ দেন এবং সমুদয় একত্রিত সম্পদ সকলের খাদ্যের জন্য সমান পরিমাণে বণ্টন করেন। ¶

হাফেয ইবনেহয্‌ম লিখিয়াছেন যে ইহা ছাহাবাগণের সর্বসম্মত সিদ্ধান্ত, এবিষয়ে তাঁহাদের মধ্যে মতভেদ নাই আর তাবেয়ী বিদ্বানগণের মধ্যে শা'বী, মুজাহিদ ও তাউছ প্রভৃতির উক্তিও সঠিক ভাবে প্রমাণিত যে, তাঁহারা বলিয়াছেন, ধনপতিদের সম্পদে وفى المال حق سوى الزكوة— যাকাৎ ছাড়াও প্রাপ্য রহিয়াছে। ইব্‌নেহয্‌ম বলেন, এসম্পর্কে বিদ্বানগণের কোন মতভেদের কথা আমি অবগত নই।

মুহাদ্দিছ কুল ভূষণ ইমাম ইব্‌নেহয্‌ম (—৪৫৬ হিঃ) ধনবণ্টনের উপরিউক্ত নিয়ম সম্পর্কিত প্রমাণাদির অবতারণা প্রসংগে লিখিয়াছেন, প্রত্যেক জনপদের ধনিকদলের পক্ষে অভাব-গ্রস্তদের জীবিকার জন্য অগ্রসর হওয়া ফর্য যদি সরকারি কোষাগার ও সাধারণ সম্পত্তি যথেষ্ট না হয়, তাহাহইলে রাষ্ট্রের সর্বাধিনায়ক নিঃস্বদের অভাব মোচনার্থে ধনিকদিগকে বাধ্য করিবেন। অভাব মোচনের অর্থ হইতেছে, দরিদ্র জনগণের প্রয়োজনীয় খাদ্যের অভাব বিদূরিত করা, শীত ও গ্রীষ্মের পরিচ্ছদের আয়োজন এবং এরূপ বাসস্থানের ব্যবস্থা, যাহাতে বর্ষা, গ্রীষ্ম, রৌদ্র ও বন্যায় আশ্রয় গ্রহণ করা যাইতে পারে †

আমাদের যুগের বিখ্যাত হানাফী ফকীহ মওলানা মাহ্‌মূদুল হাছান দেওবন্দী মরহূম ছুরত-আলবাকারার আয়ত : هوالذى خلق لكم ما فى الارض جميعا - "একমাত্র আল্লাহই ভূপৃষ্ঠের সমুদয় বস্তুকে তোমাদের জন্য সৃষ্টি করিয়াছেন"—সম্পর্কে মন্তব্য করিয়াছেন, পৃথিবীর সমুদয় বস্তু যে মনুষ্য জাতির অধিকারভুক্ত, এই আয়তটি তাহার অকাট্য প্রমাণ! সমুদয় বস্তুকে সৃষ্টি করার উদ্দেশ্য হইতেছে মানব সমাজের অভাব মোচন করা। কোন বস্তুই নিজস্বভাবে কাহারও অধিকারভুক্ত নয়, বরং সৃষ্টিগত ভাবে যাবতীয় বস্তু সমুদয় মানুষের অধিকারভুক্ত এবং প্রকারান্তরে সকলের অধীন। কলহের নিবৃত্তি কল্পে ও উপকৃত হইবার উদ্দেশ্যে 'দখল' কে অধিকারের লক্ষণ বলিয়া স্বীকার করা হইলেও এবং কাহারও পূর্ণ ও স্থায়ী দখল থাকা অবস্থায়, অপর কাহাকেও উক্ত বস্তুতে হস্তক্ষেপ করার অনুমতি না দেওয়া সত্ত্বেও এই নিয়ম স্থিরকৃত হইয়াছে যে, প্রয়োজনের অতিরিক্ত কোন বস্তুর যেন কেহ দখলিকার না থাকে বরং যাহা প্রয়োজনের অতিরিক্ত, তাহা অপরের হস্তে সমর্পণ করা হয়। কারণ মৌলিকভাবে উক্ত বস্তুতে অপরের দাবীও বিদ্যমান রহিয়াছে আর এই জন্য প্রয়োজনের অতিরিক্ত অধিক ধনসম্পদ পুঞ্জিভূত করা শরীআতে উত্তম বিবেচিত হয়-নাই যাকাৎ পরিশোধ করা সত্ত্বেও! ধনপুঞ্জিভূত করার কার্য নবী ও সাধুসজ্জনগণের মনঃপুত ছিলনা বরং ছাহাবা ও তাবেয়ীগণের মধ্যে কেহ কেহ প্রয়োজনের অতিরিক্ত সম্পদ মওজুদ রাখাকে 'হারাম' বলিতেন। 'হারাম' কিনা, সেবিষয়ে মতভেদ থাকিলেও এই কার্য যে প্রশংসনীয় নয় এবং যে রীতি উত্তম, তাহার বিপরীত, তাহাতে সন্দেহের অবকাশ নাই! বস্তুতঃ যাহা প্রয়োজনের অতিরিক্ত তাহার সহিত মালিকের কোন সম্পর্ক নাই এবং প্রকারান্তরে অপরের মালিকানা সত্ত্ব উহাতে বিদ্যমান রহিয়াছে, অতএব ইহা অনস্বীকার্য যে, ধনপতি প্রকারান্তরে অপরের সম্পত্তির দখলীকার হইয়া রহিয়াছে। *

মানবজাতির ঐক্য ও একত্বসাধন কল্পে ধনবণ্টনের অস্বাভাবিক ও নিষ্ঠুর বৈষম্য বিদূরিত করার যে হিদায়ত কোরআনে প্রদত্ত হইয়াছে, তাহার উল্লিখিত প্রথম মূল নীতি পল্লবগ্রাহীদের পক্ষে বিস্ময়কর বিবেচিত হইবে ধনবণ্টনের যে নির্মম ব্যবস্থায় ভোগ ও বঞ্চনার আকাশ পাতাল প্রভেদ বিদ্যমান, যাহার ফলে মুষ্টিমেয় কতকগুলি মানুষ ক্রোড়পতির স্বর্ণ সিংহাসনে সমাসীন আর অধিকাংশ মানব-সন্তান ক্ষুন্নিবৃত্তির সুযোগ হইতেও বঞ্চিত, গতানুগতিকতাবাদীরা সেই ব্যবস্থাকেই আল্লাহর সনাতন বিধান বলিয়া ধরিয়া লইয়াছে। আবার কেহ কেহ আমাদের প্রদত্ত অর্থনৈতিক হিদায়তের এই ব্যাখ্যাকে মার্ক্সিজমের (*Marxism*) সহিত ইছলামের অত্যাধুনিক আপোষ সাধনের অপচেষ্টা বলিয়া অনুমান করিবে।

¶ মুহাল্লা (৬) ১৫৮ পৃঃ।

† আলমুহাল্লা (৬) ১৫৬ পৃঃ

* ঈযাহুল আদিল্লাহ, ২৬৮ পৃঃ।

www.ahlehadeethbd.org

কিন্তু প্রকৃতপ্রস্তাবে আল্লাহর বিধান এবং কোর্-আনের জীবন দর্শন সম্পর্কে তাহাদের অজ্ঞতাই উল্লিখিত উভয়বিধ সন্দেহের প্ররোচক।

সৃষ্টির আদি, বর্তমান ও অন্ত সম্পর্কে আল্লাহর যে বিধান, তাহার সমস্তটাই শুধু সৃষ্টিকর্তার সাথেই সম্পর্কিত, উহাতে হস্তক্ষেপ করা মানুষের সাধ্যায়ত্ত নয় এবং সে বিধান অনুসরণ অথবা লংঘন করার দায়িত্বও মানুষকে অর্পণ করা হয়নাই। যেমন, সৌরি নিয়ম, মেঘমালার সমাবর্তন, ঋতুর বিবর্তন, মানুষের রুচি এবং মানসিক ও দৈহিক বৈচিত্র, তাহার শক্তি ও অবস্থার তারতম্য প্রভৃতি লক্ষ লক্ষ বিষয় প্রাকৃতিক বিধানের সহিত জড়িত, মানুষের ইচ্ছা ও অনিচ্ছার সহিত এ সকল ব্যাপারের কোনই সম্পর্ক নাই এবং এগুলির কোন দায়িত্ব মানুষকে সমর্পণ করা হয়নাই।

কিন্তু মানুষ বুদ্ধি বৃত্তি-সম্পন্ন ও অনুভূতিশীল জীব, সুতরাং বস্তুর তত্ত্বজ্ঞান ও ভাল মন্দের বিচার, সৃষ্টিকর্তার অভিপ্রেত ও অনভিপ্রেতের পরিচয়লাভ, হিদায়ত ও বিভ্রান্তি এবং সত্য ও মিথ্যার পার্থক্য নির্ণয় এবং ব্যষ্টিকে সমষ্টিতে পরিণত করার বিধান-গুলি কার্যে পরিণত করা মানুষের সাধ্যায়ত্ত, সুতরাং এই শ্রেনীর বিধানই মানবসমাজের হস্তে সমর্পণ করা-হইয়াছে। এই বিধানের নাম শরীআত, দীন অর্থাৎ ইছ্লাম! এই বিধানকে অনুসরণ করিয়া চলার জন্যই মানুষ আদিষ্ট এবং ইহার জন্যই তাহাকে দায়ী করা হইয়াছে।

ইলাহী-বিধানের উপরিউক্ত দ্বিবিধ বিধানের পরিচয় লাভ করার পর ইহা বোধগম্য হওয়া উচিত যে, প্রাকৃতিক বিধান লইয়া বিতর্কে প্রবৃত্ত হওয়া নিরর্থক। আল্লাহর সৃষ্টি ও স্থিতি-বিধান অনুযায়ী মানুষের মধ্যে যেসকল প্রাকৃতিক বৈষম্য দৃশ্যমান হয়, আর্থিক অবস্থার অল্পবিস্তর তারতম্য সেইগুলিরই অন্যতম। কিন্তু এই তারতম্যকে পরিপুষ্ট করিতে গিয়া মনুষ্য সমাজকে দুইটি পরস্পর বিপরীতমুখী শ্রেণীতে বিভক্ত করার এরূপ সাধনা করাই কি 'মর্দে-মুমিনে'র কর্তব্য যে, একদিকে দুনিয়ার সমুদয় ধন-সম্পদ, ঐশ্বর্য ও বিভব পুঞ্জিভূত আকারে একটি ক্ষুদ্র শ্রেণীর পদমূলে লুটাইয়া পড়িবে, আর অপর-দিকে মানুষেরই একটি বিরাট শ্রেণী অভাব, দারিদ্র ও শোষণের যাঁতাকলে পিষ্ট হইয়া ক্ষুধার্ত কুকুরের মত সর্বস্বান্ত অবস্থায় পথের মধ্যভাগে পড়িয়া মরিয়া থাকিবে? এই ব্যবস্থাকে কি কস্মিন কালেও আল্লাহর ন্যায়পরায়ণ ও নিরপেক্ষ বিধান এবং পবিত্র ইচ্ছা বলিয়া কল্পনা করা যাইতে পারে? বস্তুতঃ ইছলামের কল্যাণময় ও সার্বজনীন "তশরীঈ বিধান" সম্পর্কে যাহারা সম্পূর্ণরূপে কাণ্ডজ্ঞান বিবর্জিত, কেবল মাত্র তাহাদের পক্ষেই এরূপ ধারণা পোষণ করা সম্ভবপর!

ফলতঃ স্পষ্ট কোরআন এবং তার সমর্থক নির্ভর-যোগ্য হাদীছসমূহ এবং বিদ্বানগণের উপপাদ্য ফিক্হ-শাস্ত্রের উধৃতি দ্বারা সংশয়াতীত ভাবে প্রতিপন্ন হইতেছে যে, "জীবিকার বণ্টনে সাম্যনীতি"ই মানব সমাজের জন্য সৃষ্টিকর্তার অভিপ্রেত, ইহাই আল্লাহর তশ্রীঈ সংবিধান এবং ইহা অভিনব ও আধুনিক দৃষ্টিভংগী নয় অথবা মার্ক্সিজ্মের আওতাতেও ইহা বিরচিত হয়নাই। ইছ্লামের প্রাথমিক স্বর্ণযুগে যাঁহারা ইছলামী আদর্শের বাস্তব প্রতীক ছিলেন, তাঁহাদের ইহাই ছিল সর্বসম্মত সিদ্ধান্ত। উত্তর-কালে ইউরোপ ও এশিয়ার পুঁজিবাদীদলের বিপুল ঐশ্বর্য ও আড়ম্বর এবং স্তূপীকৃত ধনরাশির মোহে পড়িয়া যদি মুছলিম বাদশাহ ও আমীর উমারা-দলের পদস্খলন ঘটিয়া থাকে এবং কোরআনের সার্ব-জনীন ও কল্যাণময় অর্থনৈতিক সংবিধানকে তাহারা বিসর্জন দিয়াথাকে, তাহাহইলে তার জন্য তাহারাই দায়ী, আল্লাহর শাশ্বত বিধান কোরআন তজ্জন্য দায়ী হইবেনা। যে অর্থনৈতিক বৈষম্যের বিষময় ফল স্বরূপ মনুষ্য সমাজকে দ্বিধা বিভক্ত, ক্ষুধার্ত, বিবস্ত্র, লাঞ্ছিত ও অসহায় করিয়া রাখা হইয়াছে এবং যে অবস্থার দরুণে শ্রেণীসংগ্রামের তাণ্ডব নৃত্য পৃথিবীর প্রতিপ্রান্তে শুরু হইয়াগিয়াছে, সেই বৈষম্যকে সমূলে বিধ্বস্ত করিয়া একক ও অদ্বিতীয় মানব সমাজ গড়িয়া তোলাই প্রকৃতপ্রস্তাবে আল্লাহর অভিপ্রেত।

www.ahlehadeethbd.org

# বিজ্ঞানের জয়যাত্রার আধুনিকতম রূপ

মোহাম্মদ আকরম আলী
বি, এ, (অনার্স)

মনুষ আদিকাল হইতেই অজানাকে জানার, অদেখাকে দেখার, অপাওয়াকে পাওয়ার সাধনা করিয়া আসিয়াছে। তাহার মনের স্বাভাবিক অনুসন্ধিৎসাই তাহাকে এই পথে পরিচালিত করিয়াছে। মানুষ তাহার এই অনুসন্ধিৎসা এবং সাধনার দ্বারাই প্রাচীন পৃথিবীর কঠোরতা এবং রুদ্রতাকে জয় করিয়া উহাকে তাহাদের বাসোপযোগী করিয়া লইয়াছে। চাষাবাদের আবিষ্কার দ্বারা ফলমূল প্রাপ্তির অনিশ্চয়তা হইতে নিজকে মুক্ত করিয়াছে, বন্য প্রাণীকে নিজের কাজে লাগাইয়াছে। অগ্নি উৎপাদন এবং রন্ধন-প্রণালীর আবিষ্কার মানবকে শৈত্য হইতে রক্ষা করিয়াছে আর তাহার খাদ্যকে করিয়াছে সুস্বাদু। আর আজ? আজ এই সাধনা এবং অনুসন্ধিৎসাই দ্রুত-গামী যানবাহন এবং দ্রুত সংবাদ প্রেরণ-যন্ত্রের সাহায্যে পৃথিবীর দূরত্ব একেবারে কমাইয়া ফেলিয়াছে, রোগ আরোগ্যকারী এবং প্রতিষেধক ঔষধের মাধ্যমে মানুষের ব্যথা বেদনা দুঃখ কষ্ট দূর করিয়া তাহাকে আরাম আয়াস এবং স্বাস্থ্য গরীমার আনন্দ দিয়াছে এবং দিতেছে। বৈদ্যুতিক এবং আনবিক শক্তির আবিস্কার মানুষকে স্তম্ভিত করিয়া দিয়াছে এবং মানুষের সামনে এক বিরাট সম্ভাবনাময় উজ্জল ভবিষ্যতের চিত্র তুলিয়া ধরিয়াছে। মানুষ আজ কত বড় শক্তির অধিকারী! প্রাকৃতিক বিভিন্ন শক্তি তাহার বশে! টিপ দিলেই পাখা ঘোরে, আলো দেখা যায়, পানি পাওয়া যায়। আর এ গুলি আজকার সবারই জানা কথা!

এই যে মানুষের অফুরন্ত অনুসন্ধিৎসা এবং অদম্য সাধনা, ইহাই জন্ম দিয়াছে সুষ্ঠুভাবে প্রণালীবদ্ধ জ্ঞান-রাজির বা বিজ্ঞানের! দিগ্বিজয়ী মনুষের এই শ্রেষ্ঠ হাতিয়ারটির তথা বিজ্ঞানের আধুনিকতম রূপ সমন্ধে এই প্রবন্ধে কিছু আলোচনা করিব।

জীব বিজ্ঞানই আলোচনার প্রথম বিষয়বস্তু। কিভাবে জীব সৃষ্টি হইল? এই প্রশ্নের উত্তরে আদি-কাল হইতে মানুষ একটা মতবাদ পোষণ করিয়া আসিয়াছে। এই মতবাদকে বিশেষ সৃষ্টিতত্ত্ব (*Special Creation Theory*) বলা হয়। আদি মানবের জন্ম ইতিহাসও এই বিশেষ সৃষ্টিতত্ত্ব সমর্থন করে। এই মতানুসারে আল্লাহ প্রত্যেক জাতির জীবকে প্রথম হইতেই ভিন্ন ভিন্ন আকারে সৃষ্টি করিয়াছেন।

বর্তমানে এই মতবাদ নিম্নরূপ দাঁড়াইয়াছে:

(ক) বর্তমানের বিভিন্ন জীব অতীতের একই বিভিন্ন জাতীয় জীবেরই বংশধর। (খ) প্রত্যেক জীব-জাতির মধ্যে নানা পারিপার্শ্বিক ও অন্যান্য কারণে অনেক পরিবর্তন ঘটিলেও এই পরিবর্তনের দ্বারা নূতন কোন জীব-জাতির সৃষ্টি হয়নাই। যেমন মানুষ এই পরিবর্তনের ফলে আর্য্য, মঙ্গোলীয় এবং নিগ্রো প্রভৃতি শ্রেণীতে বিভক্ত হইলেও "মানুষ" হওয়া হইতে বঞ্চিত হয় নাই। অন্যান্য জীব সম্বন্ধেও ঐ একই কথা খাটে।

(খ) একই জাতীয় জীবের মধ্যে যে পরিবর্তন আসে তা পরীক্ষা দ্বারা নিরূপণ করা যায়।

কিন্তু উনবিংশ শতাব্দীতে চার্লস ডারউইন (১৮০৯—১৮৮২) কিভাবে জীব সৃষ্টি হইল, এই প্রশ্নের উত্তরে এক বৈপ্লবিক মতবাদ ঘোষণা করেন। এই মতবাদকে বিবর্তনতত্ত্ব (*Theory of Evolution*) বলা হয়।

সংক্ষেপে বিবর্তনতত্ত্ব এইরূপ:—

পৃথিবী সূর্য্য হইতে বিচ্ছিন্ন হওয়ার পর ক্রমশঃ ঠাণ্ডা হয় এবং ক্রমে প্রাণীদের বাসোপযোগী হইলে প্রথমে অত্যন্ত সরল জীবের (*Simpled-Celled*) উৎপত্তি হয়। সেই জীব বিভিন্ন পরিবেশের সঙ্গে খাপ খাওয়াইয়া টিকিয়া থাকিতে গিয়া প্রয়োজনানুযায়ী

www.ahlehadeethbd.org

ক্রমে ক্রমে জটিল জীবে পরিণত হয়। এইভাবে লক্ষ লক্ষ বৎসরের পরিবর্তনের ফলে জীব-জগত বর্তমান আকার বা রূপ প্রাপ্ত হইয়াছে বর্তমান মানুষও সেই সরল জীবেরই বিবর্তনের ফল।

অবশ্য ডারউইনের এই মতবাদ প্রকাশের পর হইতে ইহার অনেক ভুলত্রুটি ধরা পড়িয়াছে এবং ফলে ইহা এক নূতন রূপ পরিগ্রহ করিয়াছে। ডারউইন তত্ত্ব এবং বর্তমান বিবর্তনতত্ত্বের মধ্যে তাই অনেক পার্থক্য বিদ্যমান (বর্তমান বিবর্তনতত্ত্ব কে পৃথক করিবার জন্য উহাকে ডারউইনতত্ত্বও বলা হয়)।

উনবিংশ শতাব্দীতে বিবর্তনতত্ত্বই বৈজ্ঞানিক ও শিক্ষিত মহলের শ্রদ্ধা ও স্বীকৃতি লাভ করে। বিবর্ত্তনতত্ত্বে বিশ্বাস স্থাপন করিয়া তাহারা বহু যুগের বিশ্বাসকে দূরে নিক্ষেপ করে। বিশেষ সৃষ্টিতত্ত্ব এবং তার সাথে সাথে বিশেষ সৃষ্টির সৃষ্টিকর্ত্তা আল্লাহকেও অবিশ্বাস করা হয়। কিন্তু আজকাল কেউ কেউ বিবর্ত্তনতত্ত্বের যুক্তি যুক্ততা এবং সত্যতা সম্বন্ধে প্রশ্ন উত্থাপন করিতেছে।

আচ্ছা দেখা যাক, অতি আধুনিক বিজ্ঞান এসম্বন্ধে কি বলে?

এই বিবর্ত্তনতত্ত্ব সম্বন্ধে সঠিক ধারণা সৃষ্টিকরার জন্য বিবর্তনবাদী বৈজ্ঞানিক H. H. Newman[১] অনেক কথার মধ্যে এই কথাগুলি বলেন:—

(১) বিবর্তনতত্ত্ব সম্পূর্ণ রূপে যুক্তির উপর প্রতিষ্ঠিত।

(২) বিবর্তন বলে যে, মানুষ ও বানর অতীতের কোন এক অজানা সাধারণ পূর্ব্ব পুরুষ হইতে জন্ম নিয়াছে। ইহা এ-কথা বলেনা যে, মানুষ প্রত্যক্ষ ভাবে বানর হইতে জন্ম নিয়াছে।

(৩) বিবর্তনবাদের মতে মানুষই সব বিবর্তনের শেষ নয়, কিন্তু মানুষ একটা বিশেষ বিবর্তন প্রক্রিয়ার শেষ। বিশেষ যুগে বিশেষ অবস্থার সঙ্গে পরিপূর্ণ ভাবে খাপ খাওয়ানোর জন্যই বিবর্তন হইয়া থাকে। যখন কোন জীবের বিবর্তন আর সম্ভব হয়না, তখন মনে করিতে হইবে যে, সেই জীবের পূর্ণতা সাধিত হইয়াছে এবং তাহার ধ্বংসও আসন্ন। অনেক জীব এই বিবর্তনের শেষ সীমায় পৌছিয়াছে, আরো বহুজীব তার প্রতীক্ষায় রহিয়াছে। সম্ভবতঃ মানুষ দৈহিক বিবর্তনের শেষ সীমায় পৌছিয়াছে।

প্রথমে দেখা যাক, বিবর্তনবাদ যৌক্তিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত কিনা? বিবর্তনবাদেও বহু কল্পনার (*Assumptions or Hyipotheses*) আশ্রয় লওয়া হইয়াছে। যেমন:—

(ক) পৃথিবীতে বাসোপযোগী পরিবেশ সৃষ্টির পর জীব সৃষ্টির কারণ কি? পরিবেশ সৃষ্টি হইলেই জীব সৃষ্টি হইবে, এমন ত কোন নিশ্চয়তা নাই। পরিবেশ-সৃষ্টির পর জীব সৃষ্টির কথা ধরিয়া লওয়া হইয়াছে মাত্র।

(গ) নিত্য পরিবর্তনশীল পৃথিবীতে মানুষের বিবর্তন থামিয়া গেল কেন? পরিপূর্ণতা ধ্বংসের কারণ কেন? পরিপূর্ণতা এবং পরিপূর্ণতালাভ করার অর্থ কি? পরিপূর্ণতা ধ্বংসের কারণ, ইহাও ত ধরিয়া লওয়া ছাড়া আর কিছুই নয়।

(গ) বিবর্তনের কারণ কি? যে জীবের যা দরকার বা যাহা হইতে চায়, তাহাতে রূপান্তরিত হয় কেন?

কাজেই বিবর্তনতত্ত্ব সম্পূর্ণ যুক্তির উপর প্রতিষ্ঠিত, একথা ঠিক নয়। প্রথম, ধরিয়া লওয়া কল্পনাগুলি (Assumptions), স্বতঃসিদ্ধ (*maxims*) নয়। অবশ্য কোন কিছু প্রথমে ধরিয়া না লইলে কোন গবেষণাই চালান সম্ভব হয়না, কিন্তু পরবর্তী গবেষণার ফলগুলি যদি সত্য হয় তবেই *Assumptions* গুলিকে সত্য বলা হইয়া থাকে। দেখা যাক গবেষণার প্রণালী এবং ফলাফল কোন ত্রুটি বর্ত্তমান বৈজ্ঞানিকদের দৃষ্টিতে ধরা পড়িয়াছে কি না?

বিবর্ত্তনতত্ত্বের মূলে দুইটি কারণের কথা বলা হইয়াথাকে, (১) পারিপার্শ্বিক কারণ এবং (২) অন্তর—সৃষ্ট (*Autogenous*) কারণ। প্রথমটি নির্ভর করে স্থান, আবহাওয়া এবং খাদ্যের গুণাগুণের উপর এবং দ্বিতীয়টি উত্তরাধিকারের উপর নির্ভর করে[১]।

বিবর্তনতত্ত্ব নিম্নলিখিত সত্যগুলিকে ভিত্তি

(১)—*H.H. Newman- Evolntion Genetics and Eugenics p.p. 8. 9.*

১—Sinnot and Dunn-Principle of Genetics, 3rd ed. p. p. 21, 34.

www.ahlehadeethbd.org

Contents



করিয়া গড়িয়া উঠিয়াছে।

(১) শঙ্কর উৎপত্তি (২) শ্রেণীবদ্ধ করণ (৩) আকার বিজ্ঞান (*morphology*) (৪) ভ্রূণ বিজ্ঞাণ (*Embryology*) (৫) পুরাতন জীবের কঙ্কালের ইতিহাস-বিজ্ঞান (*paleontology*) (৬) ভৌগলিক বিভাগ।

এই সত্যগুলি এখন আলোচনা করা যাক।

(১) শঙ্কর-উৎপত্তি :—শঙ্করী করণদ্বারা যে নূতন নূতন রকমের জীবের উৎপত্তি হয়, তাহা জীব বিজ্ঞান সুনিশ্চিত ভাবে প্রমাণ করিয়াছে। যেমন গাধা-ঘোড়ার মিলনে খচ্চরের জন্ম আদিকাল হইতে পরিচিত! এক প্রকার মূলা, শালগাম, ইঁদুর এবং খরগোসের সহিত যথাক্রমে অন্য-প্রকার মূলা, শালগম, ইঁদুর এবং খরগোসের মিলনে ইহাদের রকমের বিভিন্নতা হইয়া থাকে, ইহাও পরীক্ষিত। যেমন কাল ও হলুদে ইঁদুরের মিলনে ধূসর বর্ণের ইঁদুরের জন্ম হইয়া থাকে। কিন্তু দুই জাতীয়[১] জীবের মিলনে তৃতীয় জাতীয় জীবের উৎপত্তি সম্ভব হয়নাই। ইহা শুধু সম্ভব-পর হয়—দুইটি একই জাতীয় জীবের মধ্যে। আর্য্য ও নিগ্রো, এই দুই রকমের মানুষের মধ্যে মিলনের ফলে ছেলেটি রূপে ও আকারে ভিন্নতর হইলেও সেও মানুষই থাকিবে। গাধা ও ঘোড়ার মিলনে খচ্চরের জন্ম, শুধু গাধা ও ঘোড়া একই জাতীয় বলিয়াই, যদিও ইহারা বিভিন্ন রকমের। ইহা উদ্ভিদ সমন্ধেও খাটে[২]!

গত পঞ্চাশ বৎসরে বিভিন্ন জাতীয় জীবের মিলনে জীবসৃষ্টি সম্ভব হইয়াছে বলিয়া বিভিন্ন পত্রিকায় ফলাও করিয়া খবর প্রকাশ করিলেও তদন্তের ফলে উহা অলীক বলিয়া প্রমাণিত হইয়াছে[৩]।

(২) শ্রেণী বিজ্ঞান এবং (৩) আকার বিজ্ঞান :—পরীক্ষা দ্বারা মানুষ ও অন্যান্য জীবের অনেক অঙ্গ-প্রত্যঙ্গের মধ্যে অদ্ভুত রকম সামঞ্জস্য দেখা যায়, ইহাদের ব্যবহারেও অনেক ক্ষেত্রে মিল আছে। এই সামঞ্জস্যের উপর নির্ভর করিয়া পাহাড়ে, জঙ্গলে, মাটির স্তরে প্রাণীদের যে দেহাবশেষ (*fossil*) পাওয়া যায়, তাহাদিগকে বিভিন্ন শ্রেণীতে বিভক্ত করা হয় এবং অনুমান করা হইয়া থাকে যে, বিবর্তন দ্বারাই এক একটি জীব বর্তমান অবস্থায় আসিয়া দাঁড়াইয়াছে। এই তথ্যের উপর ভিত্তি করিয়াই, অনেকে গরিলা এবং শিম্পাঞ্জীকে মানুষের পূর্ব পুরুষ ভাবতে চান। বিশেষ সৃষ্টি-বাদীরা ইহার প্রতিবাদে বলেন, ইহা অনুমান মাত্র। পক্ষান্তরে একথাও বলা যায় যে সাধারণ পরিকল্পনা দ্বারা এই সব জীব সৃষ্টি হইয়াছে তাহাদের মধ্যেই এইরূপ মিল দেখা যায়।

বিখ্যাত জীব বিজ্ঞানী A. H. Clark বলেন 'কিন্তু শুধুমাত্র মানুষের দৈহিক কাঠামোর জ্ঞানই অন্যান্য আকারের জীবের সঙ্গে মানুষের সত্যকার সম্বন্ধ নির্ণয়ে এবং যথার্থভাবে এবং এই পৃথিবীতে তাহার স্থান নির্ণয়ে আমা-দিগকে সাহায্য করেনা। জীবন্ত অবস্থায় প্রত্যেকটি প্রাণীর দৈহিক কাঠামো কার্য্যকরী এবং নিয়ন্ত্রিত হয় একটা মান-সিক কাঠামোর সাহায্যে, যাহাকে আজো আমরা পদার্থ বিদ্যা, বা রসায়নশাস্ত্রের সাহায্যে ব্যাখ্যা করিতে পারিনাই। প্রত্যেক প্রকার এবং প্রত্যেক রকমের প্রাণীর মানসিক কাঠামো তাহাদের নিজ নিজ শ্রেণীর বিশেষ বৈশিষ্ট্য অনুযায়ী একটা সুনির্দিষ্ট জটিল রূপ পরিগ্রহ করে। এই মানসিক জটিল বা মিশ্র রূপ (*mental complexes*) বিভিন্ন শ্রেণীর প্রাণীদের তাহাদের দৃশ্যমান দৈহিক কাঠামোর মতই বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ অংশ[১]।

সত্য বলিতে কি, তিনি মনের কাঠামোকে বাদ দিয়া শুধু মাত্র শারীরিক কাঠামো বা মৃতদেহাবশেষ লইয়া জীব-বিজ্ঞানীদের আলোচনা করাকে সঙ্কীর্ণ গোঁড়ামী বলিয়া অভিহিত করিয়াছেন। তিনি এইরূপ আলোচনা মানুষের উন্নত গুণাবলী এবং তাহার যথার্থস্থান নিরূপণকল্পে কোন

১ — জাতি — যেমন, মনুষ, বিড়াল জাতি। ( kind )
রকম — যেমন, আর্য্য মোঙ্গল এবং নিগ্রো। ( Species )
২ — E. Stanford — Man and the Living world.
C.C. Hurst — Journal of Hereditary and Mechanism of Creative Evolution.
৩— Evolution, Creation and Saevce P.P 141—145

১ — But a knowledge of the Structure of anatomy of man is not sufficient in itself alone to enable us to judge of his true relations to the other forms of life and correctly appraise his status in the world to-day. The bodily mechanism of every animal in life is operated and controlled by a mental mechanism which as yet we are unable to explain in terms of Physics and of Chemistry. In each sort and kind of animal his mental mechanism takes the form of a definite complex peculiar to the species. These mental complexes are as much a part of the individuality of species as are the tangible structures of the body."
(The new Evolution, by A.H. Clark. P,2, 3)

www.ahlehadeethbd.org

সমস্যারই সমাধাণ দিতে পারেনা বলিয়া মত প্রকাশ করেন।

অকেজো অঙ্গ :—অনেক জীবের এমন অনেক অকেজো (?) অঙ্গ প্রত্যঙ্গ দেখা যায় যেগুলির সাথে অন্য জীবের অঙ্গ প্রত্যঙ্গের মিল আছে। ইহা হইতে বিবর্তন বাদীরা অনুমান করেন পূর্বে অকেজো অঙ্গগুলি কাজে লাগিত কিন্তু ক্রমশঃ বিবর্তনের ফলে এইগুলি অকেজো হইয়া পড়িয়াছে। যেমন :—ঘোড়ার চটা (*splint*) হাড়, মানুষের আক্কেল দাঁত, পাখীর পাখার তর্জ্জনী (*index*) আঙ্গুল।

বিশেষ সৃষ্টিবাদীরা বলেন, এগুলি আদৌ অকেজো নয়। বয়সের বিভিন্নস্তরে ইহাদের প্রয়োজনীয় কাজ রহিয়াছে। দ্বিতীয়তঃ এই অঙ্গপ্রত্যঙ্গগুলি অকেজো ধরিয়া লইলে তাহাদ্বারা বিবর্তনত প্রমাণিত হয়না। বিশেষ সৃষ্টিবাদীদের স্বীকৃত একই জাতীয় জীবের মধ্যে যে বিবর্তন হয়, সে বিবর্তণের ফলে কোন কোন সামান্য অঙ্গ প্রত্যঙ্গ অকেজো হওয়া অস্বাভাবিক নয়।

(৪) ভ্রুণ বিজ্ঞান এবং শরীর বিজ্ঞাণ :—অনেকে পুনরাবর্তনতত্ত্ব (*Recapitulation theory*) দ্বারা ভ্রূণের পরিবর্তনকে ব্যাখ্যা করার চেষ্টা করেন। এই অনুসারে যে কোন জীব অতীতের যে পূর্ব পুরুষ হইতে ক্রমবিবর্তনের দ্বারা যে সকল রূপ লাভ করিতে করিতে বর্তমান অবস্থায় পৌছিয়াছে— ভ্রুণ অবস্থায় সেই সেই রূপ বা আকার লাভ করিয়া থাকে। মানুষও তাহার ক্রমবিবর্তনের পথের সবগুলি আকার ভ্রুণ অবস্থায় পাইয়াথাকে। ব্যাঙও যে ব্যাঙাচী অবস্থায় মাছের আকার ধারণ করে সে কেবল ব্যাঙ মাছ হইতে জন্মিয়াছে বলিয়াই। *A. F. Huenttner* ইহা ঠিক নয় বলিয়া মনে করেন। তিনি বলেন, "তত্ত্ব হিসাবে এই মূলনীতির বিরুদ্ধে প্রশ্ন উঠিয়াছে। ইহাকে সযত্নে পর্য্যবেক্ষণ করা হইয়াছে এবং অসম্পূর্ণ পাওয়া গিয়াছে। ইহাকে ভুল প্রমাণ করবার মত প্রচুর ব্যতিক্রম রহিয়াছে"[১]।

এই পুনরাবর্তনতত্ত্বের বিরুদ্ধে তাঁরা দুইটি প্রধান যুক্তি উল্লেখ করিয়াছেন :—

(ক) একটি সর্বজনস্বীকৃত প্রাকৃতিক নীতি হইল—প্রকৃতি তার সব কিছুর পরিবর্তনে সব চাইতে কম শক্তি নিয়োগ করে। ইহা বহু শক্তি অপব্যয়ী ঘোরালো পুনরাবর্তনের বিরোধী।

উদ্ভিদের মধ্যে এমন কোন কিছু পরিদৃস্ট হয় না। এখানে বিবর্তনবাদীরা নিরুত্তর[২]।

সৃষ্টিবাদীদের মতে জীবন রক্ষার প্রয়োজনেই ভ্রুণ এক এক সময় এবং অবস্থায় ভিন্ন ভিন্ন রূপ বা আকার ধারণ করে। ইহা কোন মতেই পূর্ব্বকার অবস্থাগুলির পুনরাবৃত্তি নয়।

বিভিন্ন জীবের মধ্যে রক্তের সামঞ্জস্য ও অসামঞ্জস্য দ্বারাও বিভিন্ন জীবের বিবর্তন প্রমাণের চেষ্টা করা হয়। কিন্তু একই রক্ত বিভিন্ন জাতীয় জীবে এবং একই জীবে বিভিন্ন রক্ত দেখা যায়। কাজেই বিভিন্ন জীবে একই রক্ত পাওয়া গেলেই তাহাদের বংশধর এক হইবে একথা সঠিক নয়। কারণ রক্ত বংশগত নয়, উহা রাসায়নিক বস্তু। মানুষের নখ ও পাখীর নখ এক জাতীয় বস্তু দ্বারা তৈয়ারী বলিয়াই তাহারা একই শ্রেণীভুক্ত হইবে, ইহা ভুল কথা। জননীর ও সন্তানের মধ্যে রক্তের অমিলদেখা যায় কিন্তু তাহাদের সম্বন্ধ অস্বীকার করা যায় না। [রক্ত চার শ্রেণীর—B, A, B, এবং AB।]

১—A.F. Huettner — Fundementals of Comparative Embryology of the vertebrates (P. 48) writes thus " As a law the principle has been questioned. It has been subjected to careful Scrutiny and has been found wanting. There are too many exeptions to it "

২—অন্যান্য আলোচনার জন্য পড়া যায় C.B. couville এর The casual Significance of Parllelism: An Inqury in to certain Fundemental prnciples of Embryonic Development.

www.ahlehadeethbd.org

# ওয়াহাবী বিদ্রোহের কাহিনী

( প্রতিপক্ষের যবানী )

মূল—ডবলিউ, হান্টার (৪) অনুবাদ— আহ্‌মদ আলী
মেছাঘোনা, খুলনা।

আমরা যেমন ভারতবর্ষকে ক্রমিক ধারায় দারুল-ইসলামের গুণাবলী চ্যুতকরিয়া দারুল হরবে পরিণত করিয়াছি, সেইভাবে ভারতীয় মুসলমানদের স্কন্ধদেশ হইতে ক্রমিক ধারায় দায়িত্বের বোঝাও হালকা হইয়া আসিয়াছে। সুতরাং বর্ত্তমানে তাহারা জেহাদের প্রশ্ন মূলতুবি করিয়া কতিপয় ধর্ম্মীয় ও বৈষয়িক অধিকার রক্ষার অঙ্গীকারের বিনিময়ে শান্তিপূর্ণ জীবন যাপন প্রণালী অবলম্বন করিয়াছে। তাহারা বিলক্ষণ ভাবে অনুভব করিতে পারিয়াছে যে, এই পরিবর্ত্তনের মূলে আল্লাহর ইচ্ছা না থাকিয়া পারেনা। সুতরাং আল্লাহ তাহাদিগকে যে অবস্থার সম্মুখীন করিয়াছেন সেই অবস্থাকে স্বীকার করিয়া লওয়া ছাড়া গত্যন্তর নাই। কিন্তু তৎসত্ত্বেও আমাদের পক্ষে একটা কথা অবশ্য করিয়া স্মরণ রাখা আবশ্যক হইবে যে, আমাদের পক্ষ হইতে ভারতীয় মুসলমান প্রজাসাধারণকে তাহাদের যে সমস্ত ধর্ম্মীয়, সামাজিক এবং বৈষয়িক অধিকার সংরক্ষণের অঙ্গীকার প্রদত্ত হইয়াছে, উহা যতক্ষণ আমরা দৃঢ়তা সহকারে পালন করিব, মাত্র ততক্ষণই যেন আমরা মুসলমান প্রজাসাধারণের নিকট হইতে আনুগত্যের আশা পোষণ করি।

কিন্তু যদি ইংরেজ রাজশক্তি মুসলমান প্রজাবৃন্দকে প্রদত্ত অঙ্গীকার সমূহ ভঙ্গ করিয়া তাহাদের নামাজ, জামাআত, মসজিদ প্রতিষ্ঠা ইত্যাদি ধরণের ধর্ম্মীয় বিধিব্যবস্থা ও ক্রিয়া কাণ্ডে অথবা আলেম উলামা ও পীর মুরশিদদের প্রতি ভক্তিশ্রদ্ধা নিবেদনে বাধা জন্মায় অথবা শরিয়ত সম্মত ধর্ম্মীয় অধিকার ও ব্যক্তি-স্বাধীনতায় হস্তক্ষেপ করে, তাহাহইলে তেমন অবস্থায় তাহাদের সম্মুখে জেহাদের প্রশ্ন উপস্থিত হইবেই। আর যদি অবস্থা জেহাদের প্রতিকুল বলিয়া বিবেচিত হয় তবে সে ক্ষেত্রে হেজরতের প্রশ্ন উপস্থিত হইয়া তাহাদিগকে কাফের অধিকৃত দারুলহরব রাজ্য ত্যাগ করিতে বাধ্য করিবে। ভারতের সর্ব্বশ্রেষ্ঠ আলেম শাহ আবদুল আজিজ সাহেব পরিষ্কার ভাবে শরিয়তের ব্যাখ্যা করিয়া এই ব্যবস্থা দিয়াছেন, প্রামান্য ফেকাহ শাস্ত্রও সেই কথা বলিতেছে।

এই সকল গুরুত্বপূর্ণ কারণে কি প্রকার বিপজ্জনক অবস্থার মধ্য দিয়া আমাদিগকে অতিক্রম করিতে হইতেছে, আগামী পরিচ্ছেদে তাহা আমি আরও পরিষ্কার করিয়া দেখাইতে চেষ্টা করিব। কেবল মাত্র ভারতীয় মুসলমান প্রজা সাধারণকে তাহাদের রাজানুগত্যের দায়িত্ব স্মরণ করাইবার উদ্দেশ্য চালিত হইয়া এই পুস্তক রচনা করতে প্রবৃত্ত হইনাই, সেই সঙ্গে মুসলমান প্রজাবর্গ সম্বন্ধে রাজ শক্তির স্কন্ধে যে সমস্ত গুরুতর দায়িত্ব আরোপিত রহিয়াছে, তাহাও পরিষ্কার ভাবে তাহাদিগকে স্মরণ করানো উচিত বলিয়া মনে করিয়াছি। উত্তর ভারতের উলামাবৃন্দ দ্বারা সম্পাদিত যে ফতোওয়ার কথা আমি ইতিপুর্ব্বে উল্লেখ করিয়াছি উহা তাহাদিগকে উদ্দেশ্য করিয়া রচিত হইয়াছে যাহাদের আনুগত্য আমাদেরপক্ষে একান্তই প্রয়োজনীয়। কিন্তু উহা ততক্ষণই মূল্য দিবে, যতক্ষণ আমরা আন্তরিকতা সহকারে তাহাদের ধর্ম্মীয় ও বৈষয়িক অধিকার সমূহ রক্ষার্থ প্রদত্ত অঙ্গীকার পালনে তৎপর থাকিব। ভারতের সমগ্র ওহাবী এবং সেই সঙ্গে দীনদার মুসলমানের একটী বৃহৎ অংশ এক বাক্যে ভারতকে দারুল হরব আখ্যা দিয়া রাখিয়াছে। কিন্তু এ ক্ষেত্রে যে সমস্ত দূরদর্শী বুদ্ধিজীবি শ্রেণীর মুসলমান চিন্তানায়কগণ নিজেদের ভাগ্য বিপর্য্যয়ের বেদনাকর কথা স্মরণ পূর্ব্বক অশ্রুসিক্ত নয়নে আমাদের আনুগত্য জানাইয়াছেন, তাহাদের অধিকারসমূহ রক্ষার ব্যাপারে ভ্রম ক্রমেও যাহাতে আমাদের পক্ষ হইতে ত্রুটি

www.ahlehadeethbd.org

Contents



বিচ্যুতি না ঘটে সে জন্য আমাদের পক্ষে সর্ব্বদা সজাগ থাকা আবশ্যক। এই শ্রেণীর বুদ্ধিজীবি মুসলমানগণ স্পষ্টতঃই বুঝিয়াছেন যে, বর্ত্তমান পরিবেশের মধ্যে তাঁহাদের পক্ষে আর পুরাপুরি ভাবে কোরআনের আদর্শানুযায়ী চলা সম্ভবপর হইতেছেনা [স্যার হান্টারের এই উক্তি ইসলামের পক্ষে বিভ্রান্তিকর। কোরআনের বাণী শাশ্বত, প্রলয়কাল পর্য্যন্ত উহার বিধি নিষেধ সমূহ প্রত্যেক মুসলমানের পক্ষে অবশ্য পালনীয়। যদি কখনও কোন এক স্থানের মুসলমান অথবা মুসলমানের নামে পরিচয় দানকারী উহার মর্য্যাদা রক্ষার্থ প্রস্তুত না হয় তবে সে জন্য কোরআনের আদর্শ দায়ী নহে। আল্লাহর বিধান এক কালে চল হইবে আর এক কালে অচল হইয়া পড়িবে, এরূপ উক্তি মাত্র অবিশ্বাসীর মুখ দিয়াই বাহির হওয়া সম্ভব— অনুবাদক] কারণ কোরআন মুসলমানকে জগতে বিজয়ী অবস্থায় অবস্থিতি করিবার যে প্রেরণা যোগাইতেছে, বর্ত্তমানে তাহা তাহারা রক্ষা করিতে পারিতেছেনা। এই জন্য কিছুদিন যাবত বর্ত্তমান রাজনীতি ও সভ্যতার সম্মুখে কোরআনের বিধি ব্যবস্থার কোন কোন অংশকে অচল মনে করিয়া অনেকে শরিয়তের কালোপযোগী নূতন ব্যাখ্যা উপস্থিত করিতে প্রবৃত্ত হইয়াছেন।

[স্যার হান্টারের এই উক্তির মর্ম্ম হইতেছে এই যে, এই সময় হইতে ইংরেজের উচ্ছিষ্টভোজি একদল নামকা ওয়াস্তে মুসলমান ইসলামের অপব্যাখ্যা করিয়া ইংরেজের মনস্তুষ্টি বিধানের হীন চেষ্টায় প্রবৃত্ত হইয়াছেন। বর্ত্তমানে যাহাদিগকে ইসলামী শাসনতন্ত্রের বিরুদ্ধাচরণ করিতে দেখা যাইতেছে তাহারা যে সেই সকল পাশ্চাত্য সভ্যতার স্তাবক দলের বংশাবতংশ, সে কথা বলা বাহুল্য। [অনুবাদক]

কিন্তু এই সমস্ত প্রশ্ন সম্মুখে রাখিয়া আমরা যদি মুসলমান প্রজাবর্গকে একান্ত উৎসাহী রাজভক্ত প্রজা রূপে দেখিতে চাহি তবে তাহা আমাদের পক্ষে মারাত্মক ভ্রমের হেতু হইতে পারে। তাহাদের সম্বন্ধে তাহারা আমাদের আনুগত্যকরিতে প্রবৃত্ত হইয়াছে, এইটুকু জানিয়া আমাদের পক্ষে সন্তুষ্ট হওয়া উচিৎ হইবে। কিন্তু সেও মাত্র ততক্ষণ যতক্ষণ আমরা নিষ্ঠা সহকারে তাহাদিগকে প্রদত্ত তাহাদের ধর্ম্মীয় ও বৈষয়িক স্বার্থ সংরক্ষণের অধিকার পালন করিতে দিতে পারিব।

দূরদর্শী প্রতিভাবান উলামা বৃন্দ যে ভারতীয় মুসলমানদিগের সম্মুখে আগতপ্রায় রাষ্ট্রীয় পরিবর্ত্তনের কথা কল্পনা করিয়া ফতোওয়া রচনা করিয়াছিলেন, বিভিন্ন সময়ে রচিত বিভিন্ন ধরণের ফতোওয়া দেখিয়া তাহা বুঝিতে পারা যাইতেছে। এই জন্য ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর প্রতিশ্রুতি ও সন্ধি পত্র গুলির উপর আস্থা স্থাপন করিতে না পারিয়া আগামী দিনের অবস্থা কল্পনা করিয়া যে ফতোওয়া রচিত হইয়াছিল ফতোওয়ার মর্ম্ম হইতে তাহা বুঝিতে পারাযায়। যেমন একটী ফতওয়ায় স্পষ্ট ভাষায় বলা হইয়াছে যে, ভারতবর্ষ ততদিন দারুল ইসলাম গুণসম্পন্ন থাকিবে যতদিন মুফতির ব্যবস্থানুযায়ী ইসলামী শরিয়ত মোতাবেক সমস্ত রাষ্ট্রীয় কার্য্য নির্ব্বাহিত হইবে। বলা বাহুল্য এই ফতোওয়া যে সময় রচিত হইয়াছিল সেই সময়ে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী মুফতির ব্যবস্থানুযায়ী কাজিগণের সহাযো রাজ্য পরিচালনা করিতে ছিলেন এবং বরাবরের জন্য ঐ ব্যবস্থা কায়েম রাখিবার অধিকার দান করা হইয়াছিল। কিন্তু পরে আমরা সেই অঙ্গিকার ভঙ্গ পূর্ব্বক মুফতি ও কাজির পদ সমূহ নষ্ট করিয়া দিয়াছি। ঐ সকল ফতোয়ার মধ্যে ভারত সূর্য্য শাহ আবদুল-আজিজ সাহেব এবং তাঁহার আত্মীয় মৌলানা আব্দুল হাই সাহেব দ্বয় কর্তৃক সম্পাদিত ফতওয়া দুইখানি অধিকতর গুরুত্বপূর্ণ। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী ক্রমান্বয়ে হুকুমাতের নেজাম স্বীয় হস্তে গ্রহণ করিতে থাকায় ভারতীয় মুসলমান সমাজ দিশাহারা হইয়া তৎকালীন আলেম শ্রেষ্ঠ দ্বয়ের নিকট ব্যবস্থা প্রার্থনা করিলে তাঁহারা যে ব্যবস্থা প্রদান করেন উহার মর্ম্ম নিম্নে উল্লিখিত হইতেছে,

ভারত সূর্য্য শাহ আবদুল আজিজ সাহেব বলিতেছেন যে "যে ক্ষেত্রে কোন মুসলমানের শরিয়ত শাসিত রাজ্যের উপর কাফেরের প্রভুত্ব প্রতিষ্ঠিত হইয়াছে সেই স্থানের ও উহার পার্শ্ববর্ত্তী এলাকার মুসলমান অধিবাসী বৃন্দের যদি সেই কাফের দিগকে

www.ahlehadeethbd.org

Contents



বিতাড়িত করিবার শক্তি ও সম্ভাবনা না থাকে এবং কাফের যদি এত দূর শক্তিসম্পন্ন হয় যে, সে স্বীয় ইচ্ছানুযায়ী ইসলামী আইন কানুনে পরিবর্ত্তন করিতে সমর্থ হয় এবং কাফেরের সেই ইচ্ছা প্রতিরোধ করার অথবা অন্ততঃ রাজ্যের রাজস্ব বিভাগের উপর আধিপত্য প্রতিষ্ঠা করার মত শক্তিধর পুরুষ কেহ না পাওয়া যায় এবং রাজ্যের মুসলমান প্রজাবৃন্দ পূর্ব্বের ধর্ম্মীয় স্বাধীনতা সহকারে শান্তি ও স্বস্তি পূর্ণ জীবন যাপনের সুযোগ হইতে বঞ্চিত হয়, তবে ধর্ম্মীয় ও রাজনৈতিক দৃষ্টিভঙ্গিতে সেই রাজ্য দারুল হরবে পরিণত হইবে।"

সুতরাং ক্রমান্বয়ে যেমনই ইংরেজের শক্তি বৃদ্ধি পাইয়াছে তেমনি ফতওয়ার ভাষা ও মর্ম্মেরও পরিবর্ত্তন সাধিত হইয়া দারুল হরবের ব্যবস্থা পর্য্যন্ত পৌছিয়াছে শাহ আবদুল আজিজ সাহেবের পরবর্ত্তী কালে মওলবী আবদুল হাই সাহেবের আবির্ভাব ঘটে এবং তিনি ফতওয়া দিতে গিয়া বলিলেন যে, "কলিকাতা হইতে আরম্ভ করিয়া দিল্লী, এমনকি মূল হিন্দুস্তানের সহিত সংলগ্ন (উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশ) পর্য্যন্ত ভূভাগের উপর খ্রীষ্টানের প্রভুত্ব প্রতিষ্ঠিত হওয়ায় সমগ্র ভারতবর্ষ দারুল ইসলামের গুণ বর্জ্জিত হইয়া দারুল-হরবে পরিণত হইয়াছে। কারণ ইতিপূর্ব্বে যে সমস্ত স্থান শরিয়তের নেজাম অনুযায়ী শাসিত হইয়া ইসলামের আদর্শ, নীতি নিয়ম মোতাবেক ন্যায় বিচার ও তামাদ্দুন দ্বারা সুশোভিত ছিল, সেই সকল স্থানে জুলুম, অসাম্য এবং কোফর ও শেরেক এরূপ উচ্চশিরে মাথা তুলিয়া দণ্ডায়মান হইয়াছে যে, উহার হস্ত হইতে ইসলামের সম্ভ্রম রক্ষা অথবা শরিয়তের ব্যবস্থা মোতাবেক রাজ্য শাসিত হওয়ার আশা নির্ম্মূলিত হইয়া গিয়াছে। যে ক্ষেত্রে ইসলামের এইরূপ হীন অবস্থা সূচিত হয় সেইস্থান দারুল হরবে পরিণত হইয়া থাকে। এইভাবে ফেকাহ সাস্ত্র হইতে প্রমাণ উদ্ধৃত করিয়া কলিকাতা হইতে সীমান্ত প্রদেশ পর্য্যন্ত বিস্তৃত ভূভাগকে দারুল হরব আখ্যা দিয়া যে বিস্তৃত ফতওয়া রচিত হইয়াছিল, বাহুল্য বোধে উহার সমগ্র অংশ উদ্ধৃত করিতে বিরত হইতেছি।

এই ফতওয়ার ব্যবহারিক ফল হইয়া ছিল অত্যন্ত তিক্ত। বিদ্যা ও জ্ঞান অপেক্ষা যাহাদের কর্ম্মের উদ্যম ছিল অনেক বেশী, সেই ওয়াহাবী গণ উহার নির্ঘণ্ট উপস্থিত করিয়া বলিল যে কাফের শক্তি ভারতকে দারুল হরবে পরিণত করিয়া ইসলামের এই শোচনীয় দশা ঘটাইয়াছে, তাহাদিগকে ভারত ভূমি হইতে বিতাড়িত করিবার জন্য প্রত্যেক মুসলমানের পক্ষে জেহাদ ফরজ হইয়াছে। উদার পন্থী বিচক্ষণ মুসলমান গণ নিজেদের অবস্থার শোচনীয় পরিণতির জন্য মর্ম্মাহত ছিলেন বটে, কিন্তু তাঁহারা অশ্রু সম্বরণ পূর্ব্বক জড়িত কণ্ঠে জেহাদ ও বিদ্রোহের বিরুদ্ধে অভিমত ব্যক্ত করিলেন। কিন্তু তাঁহারা যে ভাষা ও ভঙ্গিতে বিদ্রোহের বিরুদ্ধাচরণ করিলেন উহার মধ্যেও বিদ্রোহের বীজ লুক্কায়িত ছিল। তাঁহারা বলিলেন যে, "বর্ত্তমান রাজ শক্তির বিরুদ্ধে বিদ্রোহ করিলে এদেশে ইসলাম ও মুসলমানের আরও ক্ষতির সম্ভাবনা রহিয়াছে সুতরাং অদৃষ্টের উপর নির্ভর করিয়া রাজানুগত্য সহকারে শান্তিপূর্ণ জীবন যাপন করাই হইবে মুসলমানের পক্ষে লাভ জনক। কিন্তু রাষ্ট্রীয় জীবনে এই নীতি অবলম্বন করিতে বলিয়া আধ্যাত্মিক জীবন সম্বন্ধে তাঁহারা বলিলেন যে, "ভারতবর্ষ দারুলহরবে পরিণত হওয়ায় কয়েকটী ধর্ম্মীয় ক্রিয়া কাণ্ড পালনের পক্ষে ভারতীয় মুসলমানগণ অযোগ্য হইয়া পড়িয়াছে। দৃষ্টান্ত স্বরূপ জুমআর নামাজের কথা উল্লেখ করিয়া বলা হইল যে, যে দেশের উপর ইসলামের পরিপূর্ণ প্রভুত্ব প্রতিষ্ঠিত হইয়া শরিয়তের নেজাম অনুযায়ী রাজ্য চালিত হইতেছে, মাত্র সেই রূপ পূর্ণ দারুল ইসলাম গুণসম্পন্ন দেশের স্বাধীন মুসলমানগণ জুমআ আদায়ের অধিকারী। এই ফতোওয়া প্রচারিত হওয়ার সঙ্গে সঙ্গে ওহাবী সুন্নি নির্ব্বিশেষে দীনদার মুসলমানগণ কেবল যে, জুমআ ত্যাগ করিয়া ক্ষান্ত দিলেন তাহা নহে, বরং তাহারা কলিকাতার কয়েকটি মসজিদে জুমআ বন্ধ করিয়া দিলেন। এমন কি কলিকাতায় যে দুইজন শাস্ত্র জ্ঞান সম্পন্ন ধীর বুদ্ধি সম্মানিত মুসলমান নিজেদের বিদ্যা বুদ্ধি ও চরিত্র মাহাত্মে শ্রাদ্ধান্বিত

www.ahlehadeethbd.org

Contents



হইয়া রহিয়াছেন তাঁহারাও জুমআর নামাজ ত্যাগ করিলেন। এই দুই জনের এক জন হইতেছেন আমাদের সেই মেহ্মেডান কলেজের (মাদ্রাসা আলিয়ার) অধ্যক্ষ মৌলবী মোহম্মদ ওজিহ. দ্বিতীয় অবসর প্রাপ্ত কাজি অল কুজ্জাত মৌলবী ফজলুর রহমান। এই দুইজন বর্ষীয়ান মুসলমান আমাদের অনুগত প্রজা এবং সেই সঙ্গে আমাদের কর্ম্মচারী রূপে দক্ষতা ও বিশ্বস্ততা সহকারে কর্ত্তব্য পালন করিয়াছেন এবং তাঁহারা মুসলমান সাধারণকে বিদ্রোহের অনিষ্টকর পন্থা পরিহারের উপদেশও দিয়াছেন। কিন্তু তৎসত্ত্বেও বর্ত্তমান অবস্থার জন্য তাঁহারাও যে মর্ম্মাহত ছিলেন, তাহা তাঁহাদের কর্ত্তৃক জুমআর নামাজ বর্জ্জন দ্বারা বুঝা যাইতেছে। তাঁহারা স্পষ্টতঃই বলিয়াছেন যে, "কাফেরের অধীন হওয়ার দরুণ মুসলমানের রূহ (আত্মা) এরূপ কলুষিত হইয়াছে যে, জুমআ আদায়ের পক্ষে তাহারা অযোগ্য হইয়া পড়িয়াছে।

কিন্তু এতৎ সত্ত্বেও এমন এক শ্রেণীর মুসলমান আছে যাহারা রাষ্ট্রীয় পতনের সঙ্গে সঙ্গে আধ্যাত্মিক পতনের কথা স্বীকার করিয়াও জুমআ আদায়ের জন্য উদ্গ্রীব রহিয়াছে। মনোভাবের অনুকূলে ফতোওয়া উপস্থিত করিতে পারিলে তাহাদিগকে এবং সেই সঙ্গে দীনদার মুসলমানের অনেককেই ওহাবীদিগের কবলমুক্তকরা সম্ভবপর হইতে পারে। আমার মনে হয় উত্তরভারতের কতিপয় উলামা কর্ত্তৃক যে ফতোওয়া সম্পাদিত হইয়াছে এবং যাহার বিষয় ইতিপূর্ব্বে আমি উল্লেখ করিয়া আসিয়াছি, উহার প্রতি মুসলমান সমাজের দৃষ্টি আকর্ষণ করিতে পারিলে তাহারা উহার প্রতি ভরসা পূর্ব্বক জুমআ আদায়ের জন্য উৎসাহিত হইয়া উঠিবে। এই ভাবে দীনদার মুসলমানের একটি বৃহৎ অংশকে আধ্যাত্মিক পতনের দুশ্চিন্তার হস্ত হইতে মুক্ত করিতে পারিলে তাহা রাষ্ট্র ও মুসলমান উভয়ের পক্ষে কল্যাণপ্রসূ হইবে।

আমার মনে হয় এই শ্রেণীর আলাপ আলোচনা সম্বন্ধে গভর্ণমেণ্ট নিরপেক্ষতার ভূমিকা অভিনয় করিতে থাকায় আলোচনার গতি মাত্রা ছাড়াইয়া চলিয়াছে এবং তাহাতে মুসলমান সাধারণের মানসিক চাঞ্চল্যও বৃদ্ধি পাইতেছে। এই অবস্থা রাষ্ট্র এবং মুসলমান সমাজ উভয়ের পক্ষেই বিপজ্জনক. আমাদের মনে রাখা উচিত যে, খ্রীষ্টানদিগের ন্যায় ইসলাম পন্থীদের মধ্যেও নানা মত ও রুচির লোক বিদ্যমান রহিয়াছে. পক্ষান্তরে ধর্ম্মীয়নিষ্ঠা এবং ব্যক্তি ও সমাজগত সম্ভ্রম রক্ষার্থে ত্যাগের পথ বাছিয়া লওয়ার উন্নত মনোবৃত্তি সম্পন্ন লোক যেমন খ্রীষ্টান সমাজে সংখ্যা লঘু, ইসলাম পন্থীদের মধ্যেও সেই প্রথম শ্রেনীর লোক খুব বেশী নাই। তার পর অভিজ্ঞতা দ্বারা দেখা গিয়াছে যে, অধিকাংশ লোকের মন সমাজের বৃহত্তর স্বার্থ ও পরলোকের চিন্তা অপেক্ষা লোভ ও ব্যক্তিগত স্বার্থের দিকে ঝুঁকিতে অভ্যস্ত। এই শ্রেনীর সুবিধাবাদী লোকেরা তাহাদের মনের স্বাভাবিক গতি অনুযায়ী গভর্ণমেণ্টের আশ্রয় গ্রহণের জন্য উদগ্রীব। ইহার পর আরও যে একটী আশার লক্ষণ দেখা দিয়াছে উহার ফল সুদূর প্রসারী হওয়ার নিশ্চিত সম্ভাবনা রহিয়াছে অর্থাৎ যে সমস্ত হিন্দু মুসলমান যুবক আমাদের প্রতিষ্ঠিত ইংরাজি বিদ্যালয় সমূহ হইতে শিক্ষা সমাপ্ত করিয়া বাহির হইয়া আসিতেছে তাহাদের মধ্যে আপনাপন ধর্ম্মের প্রতি অনুরাগীদের সংখ্যা জানা না থাকিলেও তাহাদের শতকরা পচানব্বইজন যে পিতৃপুরুষের ধর্ম্মের প্রতি আস্থাহীন হইয়া উহাকে কুসংস্কার আখ্যা দিতে মুখোর হইয়া উঠিয়াছে তাহা সকলেই জানিতেছেন। বস্তুতঃ এশিয়ার পত্রপুষ্প ও ফল দ্বারা সুশোভিত ধর্ম্মীয় বৃক্ষের অঙ্গ পশ্চিমের বিজ্ঞানের বাতাস লাগিবার সঙ্গে সঙ্গে যে শুকাইয়া মরণ পথের যাত্রী হইয়াছে তাহাতে সন্দেহের অবকাশ নাই। সুতরাং যাহারা ক্রমান্বয়ে ধর্ম্মের প্রতি আস্থাশূন্য হইয়া পড়িতেছে, এবং পরলোক অপেক্ষা ইহলোকের সুখ আরাম ও আদর্শ ও সুবিধাবাদ যাহাদের নিকট শ্রেয়, এই দুই শ্রেণীর লোকদিগকে যে আমাদের সমর্থক স্বরূপ পাওয়া যাইতেছে তাহা বলিয়া বুঝাইবার প্রয়োজন করিতেছেনা। ইহার পরে আছে অল্প বিস্তর বিত্তশালী শ্রেণী। যাহারা প্রভুত ভুসম্পত্তির মালিক, তাহারা তাহাদের মনের স্বাভাবিক প্রেরণা চালিত

www.ahlehadeethbd.org

Contents

# পর্দ্দা ও অবরোধ

ডক্টর—এম, আবদুল কাদের

পর্দ্দার বিরুদ্ধে আজকাল প্রায়ই গরম গরম আলোচনা হ'তে দেখা যায়। এদের প্রায় সকলেই পর্দ্দাকে অবরোধ বলে ভুল করে থাকেন। কিন্তু আসলে পর্দ্দা ও অবরোধ কখনও এক নয়। বক্ষ, নিম্নাঙ্গ ও অন্যান্য যে সকল স্থান যৌন উত্তেজনা জন্মায় ভালকরে সে গুলো ঢেকে রাখা ও বয়স্ক পর-পুরুষের নিকট থেকে দৈহিক সৌন্দর্য্য প্রচ্ছন্ন রাখার নাম পর্দ্দা, আর অবরোধ হ'ল গৃহে আটক রাখা। পর্দ্দা করেও মেয়েরা বাহিরে যেতে পারে। যেমন যায় অনেক মুসলমান মেয়ে বোর্কা পরে বা কোন কোন হিন্দু মেয়ে ঘোমটা দিয়ে। কিন্তু অবরুদ্ধা মেয়েরা তা পারেনা। চন্দ্রগুপ্ত তাঁর হেরেমের মহিলাদের কখনও বাহিরে যেতে দিতেননা, এমনকি ভিতরেও সপত্নীদের সঙ্গে পর্য্যন্ত মেলামেশা করা ছিল তাঁদের পক্ষে নিষিদ্ধ। সহজে বাহিরের মেয়েরা এবং অসুখ ও প্রসবের সময় ভিন্ন নিকট আত্মীয়রাও

---

(২০ পৃষ্ঠার পর)

হইয়া এরূপ মহানধর্ম্মের অনুসন্ধান করিয়া থাকে যে ধর্ম্ম-বিধি পালন করিতে গিয়া কোন প্রকার বৃহত্তর ত্যাগের সম্মুখীন হওয়ার প্রয়োজন দেখা দেয় না। এই শ্রেণীর মুসলমান পাঞ্জেগানা নামাজ, জুম্‌আ ও ইদের নামাজ আদায়ের সহিত মসজিদ প্রতিষ্ঠা প্রভৃতির প্রতি উৎসাহবোধ করিয়া থাকে, কিন্তু ত্যাগের নামে তাহারা ভীত। এই শ্রেণীর মুসলমানের মানসিকতার অনুকূল ফতওয়া উপস্থিত করিতে পারিলে তাহাদের সঙ্গে দীন-দার মুসলমানদের অনেককেই ওহাবী দিগের কবল-মুক্ত করার আশা আছে।

আমাদের রাজনৈতিক স্বার্থের পক্ষে মুসলমান সমাজের উপরোক্ত দুইটি দলকে [ একটী আরাম প্রিয় স্বার্থপর ২য় নব শিক্ষিত ধর্ম্মের প্রতি আস্থাহীন ] যতই গুরুত্বপূর্ণ বলিয়া গণনা করিনা কেন, চিন্তা, চরিত্র, ধর্ম্ম-নিষ্ঠা এবং সামাজিক প্রতিষ্ঠার দিক দিয়া যে সমস্ত মুসলমান সমাজের শীর্ষস্থানাধিকার করিয়া রহিয়াছেন তাঁহাদিগকে যে এখনও আমাদের পক্ষে পাওয়া যাই-তেছেনা সে জন্য আমি অত্যন্ত দুঃখিত। এই শ্রেণীর মুসলমানগণ ইতিপূর্ব্বে যে ভাবে আমাদের বিরুদ্ধা-চরণ করিয়া আসিয়াছে বর্ত্তমানেও তাহারা সেই মনোবৃত্তি দ্বারা চালিত হইতেছে। অবশ্য তাহারা যে কিছুকাল হইতে পূর্ব্বকার প্রকাশ্য সক্রিয়তা ত্যাগ করি-য়াছে ইহা সত্য হইলেও তাহাদের সেই আচরণের দ্বারা তাহাদের আনুগত্য সূচিত হইতেছে বলিয়া মনে করিলে তাহা আমাদের পক্ষে মারাত্মক ভ্রমের কারণ হইবে। তবে যে সমস্ত লোক সুবিধাবাদের স্বার্থ বুদ্ধি চালিত হইয়া রাজানুগত্যের ভান দেখাইতেছে তাহাদের সেই রাজ নীতির তুলনায় এই সকল ধর্ম্ম বুদ্ধি চালিত সৎলোক দিগের নীরব সমর্থন যে রাষ্ট্রের পক্ষে মূল্যবান তাহতে সন্দেহের অবকাশ নাই। কারণ সুবিধা বাদের স্বার্থ বুদ্ধি চালিত লোকদিগের উপর আস্থা স্থাপন যেমন নিরাপদ হইতে পারেনা তেমনই এই শ্রেণীর সরল বুদ্ধি চালিত সৎলোকেরা যে আমাদের অনিষ্ট সাধনের জন্য কপটতার আশ্রয় গ্রহণ করিবেনা সে বিষয় আমাদের মধ্যে একটী দৃঢ় প্রতীতি বিদ্যমান রহিয়াছে।

এতৎ সংশ্লিষ্টে গভর্ণমেণ্ট যদি ভারতীয় ধর্ম্ম-ভীরু মুসলমান দিগের রাজভক্তি পরীক্ষা করিতে চাহেন তাহাহইলে আরও কিছু দিনপরে সেজন্য তাঁহাদিগকে একটা উপায় অবলম্বনের পরামর্শ দিতেছি। সেই উপায়টি হইতেছে এই যে, নিম্নলিখিত মর্ম্মে উলামা-দিগের নিকট একটা ফতওয়া তলব করিতে হইবে:

প্রশ্ন — যদি কোন ভারত বহির্ভূত মুসলমান শক্তি ভারতের, ইংরেজ শক্তির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন তবে সেই সময় ভারতীয় মুসলমানদিগের পক্ষে ইংরেজের আনুগত্য বর্জ্জন পূর্ব্বক সেই আক্রমণ-কারীর পক্ষাবলম্বন সম্বন্ধে শাস্ত্রীয় বিধি অনুযায়ী উলামা বৃন্দের অভিমত কিরূপ? শেষ

www.ahlehadeethbd.org

Contents



তাঁদের সঙ্গে দেখা করতে পারতো না, সর্ব্বদাই তাঁদের তিনি কড়া পাহারায় রাখতেন। এর নাম হ'ল অবরোধ। মহাভারতের ভাষায়, "চন্দ্র-সূর্য্য না দেখিল যে সব সুন্দরী" তাঁহারাই অবরোধ বাসিনী।

পর্দ্দার বিরুদ্ধে এদের প্রথম আপত্তি হ'ল এটা নাকি আমাদের 'চলার পথে অন্তরায়'। তাই যদি হ'ত, তবে আমাদের দেশের জেলেনী, ধোপানী, চামারনী, বৈষ্ণবী, ফকীরণী প্রভৃতির উন্নতি হচ্ছে না কেন? এরা ত অবরোধে থাকেনা। পর্দ্দারও কোন ধার ধারে না। গারো, খাসিয়া, নাগা, কুকী, শাঁওতাল প্রভৃতি জাতির মেয়েদেরও অবাধ গতি। তারাই বা এত পিছনে পড়ে আছে কেন? আসলে কথা হ'ল সুযোগ-সুবিধা। সুযোগ সুবিধা ছিল বলেই সে দিনও স্বাধ্বীনে অত গুণবতী হ'তেন (যেমন তিন, চারটা ভাষায় তাঁরা কথা বলতে পারতেন), লণ্ডন বা নিউ ইয়র্কের মেয়েরা আজিও সে কৃতিত্বের বড়াই করতে পারেননা।

এদের মতে 'পর্দ্দা হ'ল মানুষের অন্তরে। চমৎকার নব্য দর্শন! কিন্তু এরা ভুলে যান যে, অন্তরটা শূন্যে ঝুলে নেই, আছে বাইরেরই ভিতরে। কাজেই বাহিরে শুচিতা না থাকলে অন্তরের পর্দ্দা বা শুচিতা থাকতে পারে না। যুবক যুবতীর পরস্পরের প্রতি একটা দৈহিক আকর্ষণ আছে। দর্শন, শ্রবণ, ঘ্রাণ ও স্পর্শ তাদের চরমের পথে টেনে নেয়। চানক্য বলেছেন, "মেয়েরা হচ্ছে ঘৃত ভাণ্ড আর পুরুষ জলন্ত অঙ্গার। কাজেই জ্ঞানীরা কখনও ঘৃত ও অগ্নিকে একত্রে রাখেননা।" মনু এজন্য পর নারীর সহিত কথা বলা পর্য্যন্ত নিষেধ করে দেন। (মনু-সংহিতা, ৮—২১৪)। ছড়াই আছে, আগুনের কাছে ঘি থাক্‌লে উনায় (গলে যায়)। বিদ্বান, অবিদ্বান সকলের বেলায়ই এ কথা সত্য। অবাধ মেলামেশার ফলে কি ভাবে বৌদ্ধ ধর্ম্ম ও বৈষ্ণব ধর্ম্ম, এমনকি হালের ব্রাহ্ম ধর্ম্মেরও শোচনীয় পতন ঘটেছে, পাশ্চাত্য জগতই বা কি ভাবে ধ্বংস হ'তে চলেছে, তা' ভুলে গেলে চল্‌বেনা।

এদের কেউ কেউ বলেন, "পর্দ্দার ভিতরেও ত খেমটা নাচ কম হয়না।" ২৩।৯।৫৫ তারিখের ইত্তেহাদে বোন অনিমা দে ক্যাথলিক জগতের জারজ সন্তানের হার তুলে দিয়ে এ কথাটা প্রমাণ করার চেষ্টা করেছেন. কিন্তু প্রগতিবাদী প্রটেষ্ট্যাণ্ট জগতের হিসাব দেখলে এদের চক্ষু স্থির হয় যাবে। ১৯২৭ সনে জার্ম্মানিতে ১০ লক্ষ জারজ সন্তান ভূমিষ্ঠ হ'য়, নারী স্বাধীনতার দেশ আমেরিকায় গর্ভ পাতের সংখ্যা বার্ষিক দশ লক্ষ, পোল্যাণ্ডে ছয় লক্ষ! তাও গর্ভনিরোধ প্রনালী অবলম্বনের পরে। রুশিয়ায় দুইটারই হার এত বেশী যে, বাধ্য হয়ে বলশেভিক সরকারকে জারজ সন্তান প্রসব বা গর্ভপাত কোনটাই আর বে আইনী নয় বলে ঘোষণা করতে হয়েছে। কিন্‌সী রিপোর্টের মতে আমেরিকার শতকরা প্রায় ৫০ টী মেয়ে বিবাহের পূর্ব্বে কৌমার্য্য নষ্ট করে; এদের শত করা ৩৩ জন দুই থেকে পাঁচ জন পুরুষকে দেহ দান করে! অর্দ্ধেকের কিছু বেশী করে বাগদত্ত যুবকের সঙ্গে! বিবাহিতাদের মধ্যেও শতকরা ২৬ জন পর পুরুষের সঙ্গে যৌন সম্পর্ক পাতায়, হাই স্কুলের মেয়েদের মধ্যে অসতীর হার শত করা ২৪ কিন্তু কলেজে পড়ুয়া মেয়েদের মধ্যে ৩১! সহ শিক্ষার এমনি গুণ! মোটের উপর, গির্জ্জার বেদীতে দাঁড়িয়ে যারা দাম্পত্য আনুগত্যের হলফ নেয়, তাদের মধ্যে সঠিক অর্থে কাউকে কুমারী বলা চলে না বললেই হয়। ক্যাথলিকেরা রক্ষণশীল বলেই তাদের মধ্যে যৌন অনাচার এদের চেয়ে কম।

পর্দ্দা বিরোধীরা নারী পুরুষের বন্ধুত্বের পক্ষপাতী, কিন্তু তাজমহলের দেশের লেখকের মূল্যবান মন্তব্য এদের স্মরণ করিয়ে দিচ্ছি। তিনি লিখেছেন, "নারী-পুরুষের বন্ধুত্বের পরিণাম সাধারনতঃ যৌন সম্বন্ধে পরিনত হয়ে থাকে। ......পিচ্ছিল পথে পা যখন তখনই ফসকে যায়।" কালিদাস বলেছেন, "নির্জ্জন স্থান উপযুক্ত সময় ও প্রার্থনাকারী মনুষ্য না পেলে তবেই মেয়েরা সতী থাকে (স্থানং নাস্তি, ক্ষনং নাস্তি. নাস্তি প্রার্থয়িতা জনঃ, ইথং নারদং পাতি প্রত্যহি কল্পতে)" বাহিরে এ তিনটাই মিলে প্রচুর, ঘরে কম। "এ দেশের ভদ্র পরিবারের মেয়েদের নৈতিক চরিত্রের অবনতি"র এটাই হচ্ছে কারণ। তার উপর রয়েছে ঘরে। *Cousins*, চাপরাশী, মোটর-ড্রাইভার, বাবুর্চি, খানশামা, বয়স্ক ভৃত্য প্রভৃতির উপদ্রব। মনুর (৮-২১৫) ন্যায় হজরত মুহম্মদ(দঃ)এজন্যই এদের সঙ্গেও

www.ahlehadeethbd.org

মেলামেশা কর্তে নিষেধ দিয়েছেন।

এর প্রতিকার কি? কেউ কেউ বলেন, "ছোট কাল হ'তেই চরিত্র গড়ে তুল্লে ভবিষ্যতে ছেলেদের সঙ্গে অবাধ মেলামেশা কর্লেও তাদের নৈতিক চরিত্রের অবনতি ঘট্তে পারেনা"। এ ধারণা একেবারে ভুল। নোবেল পুরস্কার প্রাপ্ত বিখ্যাত সমাজতত্ত্ববিদ বাট্রাণ্ড রাশেল বলেন, "প্রাচ্যে মেয়েদের সতীত্ব রক্ষা করা হ'ত আটক রেখে, এখনও তাই হয়। ...পাশ্চাত্যে ভদ্রঘরের মেয়েদের এমন ভাবে শিক্ষা দেওয়া হ'ত যেন বিবাহেতর যৌন মিলনের নামে তাদের মন আঁৎকে উঠে। এ শিক্ষাব্যবস্থা যত পূর্ণাঙ্গ হ'ত বাহিরের বাধাও ততই দূরকরা হ'ত। ... তাদের দৃঢ় বিশ্বাস ছিল, অন্তরের বাধাই (এজন্য) যথেষ্ট হবে; আত্ম সমর্পণের যতই সুযোগ আসুক না কেন, ভালভাবে প্রতিপালিতা কোন ভাল মেয়েই যুবকদের কু-প্রস্তাবে কান দেবেনা। তাই তাঁরা অধিকতর বাস্তবতাবাদীয় যুগের চাইতে মেয়েদের অধিকতর স্বাধীনতা দানের ঝুঁকি ঘাড়ে নিতে অনিচ্ছুক হন্ নি। কিন্তু তার ফল হয়েছে সম্ভবতঃ কতকটা তাঁদের আন্দাজের বাইরে—এই পার্থক্য বিবাহিতা, অবিবাহিতা সব মেয়ের বেলায়ই সমান (*Marriage and Morals*, 68)।"

পুরুষের বন্ধুতা ছাড়া পর্দ্দা ত্যাগের আর এক উদ্দেশ্য হ'ল অর্থনৈতিক স্বাধীনতা: ভরণ পোষণের জন্যই তাঁদের পুরুষের অর্থাৎ স্বামীর দাসত্ব বরণ করতে হয়। শিক্ষিতা বোনেরা আর তা করবেননা। তাঁরা চাকরী করে আর্থিক স্বাধীনতা পুণরুদ্ধার করবেন। কিন্তু তজ্জন্য তাঁদের অনেক বোন যে অর্থের চেয়েও প্রিয় পবিত্রতা বিক্রি করে তা তাঁরা ভুলেও ভেবে দেখেননা। চাকরী করতে হলেই পুরুষের সাহায্য নিতে হয়, বহাল থাকতে হ'লেও তাই। আর যাঁরা বহাল রাখেন বা সাহায্য করেন, তাঁরা বিনিময়ে প্রায়ই কুমারীত্ব দাবী করে থাকেন এবং প্রয়োজনের ঠেকায় অনেক মেয়েই অকুণ্ঠ চিত্তে সে মূল্য দিতে রাজী হয়। শুধু রাজী হওয়াই নয়, অনেক মেয়ে দেহের মূলধন খাটিয়েই জীবন যুদ্ধে সার্থকতা অর্জ্জন করে (নতুন জীবন, পৌষ, ৫৫৭ পৃঃ)।"

এর চেয়ে পুরুষের নিকৃষ্ট "হাতের পুতুল" আর কি হ'তে পারাযায়? "তাদের সঙ্গে সমানতালে চল্তে" গিয়ে যদি যাকে তাকে ও যত লোককে দরকার, দেহ দিয়া খুশী রাখতে হয়, তবে তাদের মাত্রাটা একটু কমিয়ে আপন জনের কাছে পর্দ্দায় থেকে ইজ্জত হুরমত রক্ষাকরা ভাল নয় কি? যাঁদের এতদূর পেঁাছতে হয়না বা যাঁরা এতদূর না পেঁাছে অর্দ্ধ পথেই থেকে যান, তাঁদের বিপদও কম নয়। অবাধ মেলামেশার ফলে "কেবল যে পদস্খলনাদি ঘটারই আশাঙ্কা থাকে, তা' নয়; এসকল ঘনিষ্ঠতাই হ'ল যুবতী-দের অনেক স্নায়বিক দৌর্ব্বল্য ও কতকগুলি রমণী-সুলভ দৈহিক ব্যাধির মূল। ... বিখ্যাত চিকিৎসকদের মতে (চুম্বন আলিঙ্গন প্রভৃতি) এরূপ অর্দ্ধ অনুচিত কাজের নৈতিক ও দৈহিক ফল পূর্ণ আত্মসমর্পণের ন্যায়ই ক্ষতিকর (রাশেল)।"

"যারা অবাধ মেলামেশায় মত্ত হয়ে উঠে, তারা স্বভাবতঃই কোন নীতি বা শালীনতা দ্বারা শৃঙ্খলিত হতে পারেনা।" "পারিলেও উত্তেজনা দমনের দরুণ "নারীর জরায়ুতে, ডিম্বাশয়ে,মূত্র ও পিত্তকোষে কঠিন পীড়ার সম্ভাবনা থাকে। এর থেকেই অনেকের মৃগী, মূর্চ্ছা, উন্মাদ রোগ উৎপন্ন হয়। পুরুষের মুষ্ক, মুস্কত্যাক, রেতঃ-রজ্জু, প্রোসটেটগ্রন্থি প্রভৃতির পীড়া জন্মে। অঙ্গ বৈকল্য মৃগী রোগ প্রভৃতি দুশ্চিকিৎস্য রোগাক্রামণও অসম্ভব নয়। কিন্তু অবাধ মেলামেশার ফলে হামেশাই যে সব রোগের প্রাদুর্ভাব দেখা যায়, তার সর্ব্ব প্রথম উল্লেখযোগ্য রোগটী হিষ্টিরিয়া। অতৃপ্ত যৌনক্ষুধা থেকেই এর উৎপত্তি। তার পর আছে যৌন বিকৃতি, মানসিক বিকৃতি, এর সুদূর প্রসারী পরিণাম অতীব ভয়াবহ (নর নারী, জৈষ্ঠ, ১৩৬০, ১৯২-৩ ও১৯৭ পৃঃ)।" কাজেই খুদাতা'লা খামখা বেপর্দ্দা নিষেধ করেননি'।

এর চেয়েও বড় কথা হ'ল সভ্যতা ও জাতীয় অস্তিত্ব-লোপের অশঙ্কা। শিল্প বিপ্লবের ফলে উৎপাদন বৃদ্ধি করতে গিয়ে নারীকে কর্ম্মশালায় পুরে ইউরোপ তার 'হোম' ও পরি-বার দুইই ভেঙ্গে দিয়েছে। নীড়ছাড়া নারী আজ পথে ঘাটে ঘুরে বেড়াচ্ছে। তালাকের হার সীমা ছাড়িয়ে যাচ্ছে। এতে কেবল মানব সভ্যতাই বিপন্ন হয়নি, কৈশোরের অত্য-ধিক পরিশ্রমে স্বাধীনা নারী মাতৃত্বের অনুপযোগী হয়ে পড়ায় (অগাষ্ট বেবেন) ও স্বাস্থ্য ও সুখের খাতিরে আলোক প্রাপ্তা মেয়েরা গর্ভধারণে অনিচ্ছুক হওয়ায় ইউরোপ আজ উৎসন্ন যেতে বসেছে। ফ্রান্সে বিগত ৬০ বছর ধরে

www.ahlehadeethbd.org

# মাষ্টার সাহেব

মোহাম্মদ আবদুল জাব্বার

(২)

বড়বিবি ভরসা পাইয়া বলিলেন, "অনেক দিন থেকে আমিও মনে মনে তাই চিন্তা করছি। এখনও এই বাড়ী আর কয়েকটা ভাড়াটীয়া দোকান ঘর আছে। কলিকাতার সম্পত্তি বেচলে এখনও ত্রিশ হাজার টাকা অনায়াসেই হ'তে পারে। তাই দিয়ে পল্লীতে একটা জোতদারী কিনলে আল্লাহর মেহেরবানিতে সকলের মোটা ভাত কাপড়েরব্যবস্থা অনায়াসেই হ'তে পারে"। শেখজী উৎসাহে পুনর্জীবিত হইয়া বলিলেন, "বড় বিবি, তুমি আমাকে বাঁচালে। আমি এখন থেকে সেই চেষ্টাতেই থাকলুম। তবে কথা কিনা বিধর্মী মোশরেক জমিদারের অধীনে থাকা"।

বড়বিবি বললেন, তা আর কী ক'রবে? নিজের কর্ম-দোষে যারা নিজের ইজ্জত হারায়, আল্লাহপাক এই ভাবেই তাদের সর্ব্বস্বান্ত করেন। তবুও এখন থেকে যদি তোমার এবং তোমার বংশধরগণের সুমতি ফেরে, হয়ত একদিন আজাদী আর মান ইজ্জত ফিরতেও পারে। যে যার সাধনা করে, আল্লাহ তাদের তাই দিয়ে থাকেন।

অনেক ঘুরিয়া খুজিয়া ফিরিয়া অবশেষে শেখজী এই চলন বিলের বুকেই তাঁহার আশ্রয় লাভ করিলেন, এখানকার মাটির লালিমার তিনি মুগ্ধ হইয়া পড়িলেন, ইহাকে ভালবাসিলেন। হাতের সম্বল নিঃশেষ করিয়া তিনি পাঁচসালা মৌজা পত্তন লইয়া শেখ নগরের তালুকদার বংশের পত্তন করিলেন। শহরের বিতাড়িত অভাগা পুত্রকে পল্লী জননী অসীম স্নেহে নিজের আঁচল তলে ঢাকিয়া লইলেন।

যে আমিরানার নেশা তাঁহার মন-মগজে ঢুকিয়াছিল তাহা একদম পরিত্যাগ করা অসম্ভব। অথচ পল্লীর শান্ত হাওয়ায় আমীরানার জৌলুষ বজায় রাখিবার মাল-মসলাই বা কোথায়, খরচই বা আসে কোথা হইতে? অনেক চিন্তা করিয়া শেখজী পল্লীর মনস্তত্ব বুঝিয়া লইলেন।

শেখ নগরের তালুকদার বড়ীতে বিরাট ধর্ম্মসভার আয়োজন করা হইল। ঢোল পিটাইয়া, কাগজ ছড়াইয়া

---

২৩ পৃষ্ঠার পর

জন্মহার ক্রমাগতই হ্রাস পাচ্ছে। যেখানে হ্রাস পায়নি, সেখানে স্থির হয়ে আছে। ফলে শ্বেত জাতিগুলির অস্তিত্ব লোপের আশঙ্কা দেখা দিয়েছে (রাশেল)।

এদেশের আজাদ নারী মহলেও সন্তান বিভীষিকা দেখা দিয়েছে। গর্ভনিরোধেও খুশী না হয়ে কেউ কেউ গর্ভাশয়ে অস্ত্রোপচার করে জন্মনিয়ন্ত্রনের পাকা পাকি ব্যবস্থা করে নিচ্ছেন। তাদেরও অনেকেরই, আজ হোম নেই, পরিবার নেই, আছে ক্লাব, রেস্তঁরা, হোটেল। কারও পরিবার থাকলেও তা অতি সঙ্কুচিত, তাও আবার নিজে একখানে, স্বামী আর এক খানে। দেখা যায় সুধু বন্ধের সময়ে, তাও কোন বন্ধু বা বান্ধবীর বাড়ী না গেলে। স্বামী কম শিক্ষিত হলে কেউ কেউ তাকে আমলই দেননা। অনেকেরই "সন্তান মেটার্ণিটি হোমে জন্মায়, বোর্ডিংস্কুলে পড়ে এবং বড় হলে জীবিকার সন্ধানে দেশ বিদেশে বেড়ায় (অন্নদা শঙ্কর রায়, পথে প্রবাসী)"। আর যাদের বিয়ে হয়না, তারা করে যে পুরুষের অধীনতা নিগড় ভগ্ন করার জন্য বহির্বিশ্বে এই বিজয় অভিযান, সেই পুরুষেরই সঙ্গে নির্জলা ফ্লার্ট (যাযাবর, দৃষ্টিপাত)।"

এ অবস্থা সত্যই বাঞ্ছনীয় কিনা, মায়ে খেদান বাপে তাড়ান সর্ব্বহারা গুটি কয়েক পাশ্চাত্য ভাবাপন্ন মেয়ের ও তাদের বন্ধু বান্ধব গণের সস্তা শ্লোগানে ভুলে মায়া মরীচিকার পিছনে ছুটবার আগে এ সকল অভিজ্ঞতার ফল স্থির মস্তিষ্কে ধীর স্থির ভাবে চিন্তা করা দরকার। নতুবা "মানুষের মত মানুষ হয়ে পৃথিবীর বুকে অস্তিত্ব রাখা"ত দূরের কথা, নিজেদের সর্ব্বনাশের সঙ্গে গোটা জাতির অস্তিত্বটাই একদিন এরা মিটিয়ে দিতে পারে।

সমাপ্ত

www.ahlehadeethbd.org

Contents



শোর গোল সৃষ্টি করিয়া মহা উৎসাহে এই ধর্ম্ম সভার প্রচার চালাইয়া নিস্তরঙ্গ পল্লী সমাজের বুকে একটা সুবিপুল-তরঙ্গ-প্রবাহ ও আলোড়ন জাগাইয়া তোলা হইল। দশ বারো আনা গ্রামের চাষী মোছলমান শেখ বাড়ীতে উপস্থিত হইয়া বিরাট আমীরানা, সুসজ্জিত প্যাণ্ডাল ইত্যাদি দর্শন করিয়া নিজকে ধন্য মনে করিতে লাগিল। অনেকে এই অবসরে বাবুদের বাড়ীতে গান বাজনার আসরে কেমন সাজ গোজ হয়, সে সম্বন্ধে তুলনা করিবার সুযোগ পাইয়া সুরসাল আলাপ দ্বারা মজলিস গরম করিতে লাগিল।

আশ পাশের যত বাছা বাছা নামকরা ওয়ায়েজ ছিলেন, শেখজী খুজিয়া খুজিয়া সকলকেই দাওয়াত করিয়া আনিয়াছেন। সভার পূর্বে একটী ওলামা সম্মেলন হইয়া গেল এবং ওলামাগণের খানা পিনার জন্য আড়ম্বর আয়োজনের ত্রুটী হইলনা। সারা জীবন তিনি যে আমীরানার অনুশীলন করিয়াছেন, তাহা শুধু খরচের খাতেই প্রবাহিত হইয়াছে। এইবার তাহা ওয়াশীলের খাতে পূরণ করিবার উদ্দেশ্যে শেখজী যেন মাতিয়া উঠিলেন। সাবেক কালের দামী দামী বিছানা, তৈজস পত্র বাহিরে আনা হইল। উচ্চাঙ্গের আতর গোলাব পরিবেশন, সুগন্ধী পোলাও, কোর্মা, জরদা ফিরনী ভোজন করানো, শেখ পরিবারের যুবক গণের সুমার্জিত মেহমানদারী; শেখজীর বিনয়-নম্র অমায়িক ব্যাবহার, মাঝে মাঝে ফারসী বয়েৎ আওড়াইয়া কথাবার্ত্তার সৌন্দর্য্যবৃদ্ধি ইত্যাদিতে প্রতি-পন্ন হইল যে, তিনি সত্যই এ দেশের বুকে একটা বিরাট নিয়ামত রূপে আবির্ভূত হইয়াছেন। আলাপে আলোচনায় শেখজী বুঝিলেন, এ দেশের আসলে নামধারী কথক গণের অধিকাংশই দেহমনে অত্যন্ত গরীব, আল্লাহ ও রছুলের নামে কথা বেচিয়া খাওয়া ছাড়া কোন মহৎ উদ্দেশ্য পোষণ বা সাধন করিবার শক্তি তাহাদের নাই। সুতরাং তাহাদিগকে একে-বারে বশীভূত করিয়া ফেলিতে তাঁহাকে বেগ পাইতে হইলনা। সভাপতির আসন যখন তিনি সগৌরবে অধিকার করিলেন, তখন তাঁহার সুন্দর মুখশ্রী, শাদা দাড়ী, অমীর পোষাক, দামী পাগড়ীর দিকে চাহিয়া শ্রোতাগণ বিমোহিত হইয়া গেল। একের পর এক একজন বক্তা কোরআন হাদিছের ব্যাখ্যা বা অপব্যাখা যতটুকু না করিলেন, পীর বোজর্গের কেরা-মতীর বর্ণনা তার অনেক বেশী করিলেন। সভায় সুদৃঢ়ভাবে এ ধারণা প্রতিষ্ঠিত হইয়া গেল যে, গজনী শরীফের হজরত পীর কেবলা নেহায়েত মেহেরবানী বশতঃ শুধু দেশের মোছলমান গণের জন্য জান্নাতের পথ সুগম করিবার মহৎ উদ্দেশ্যেই তশরীফ আনি-য়াছেন। তিনি খাছ রছুলুল্লাহ (দঃ) এর বংশধর এবং তাঁহার দস্ত মোবারকে বায়েত হইলে সোজাসুজি বেহেশ্‌তে চলিয়া যাওয়া সম্ভব হইবে। ইহার পর শেখজী একখানা প্রকাণ্ড বজরা নৌকা কিনিয়া বছরের আট নয় মাস দেশময় "ছফর" করিয়া বেড়াইবার বন্দোবস্ত করিলেন। একখানা সুদৃশ্য পালকী বজরার ছইয়ের উপর সযত্নে বাঁধিয়া রাখা হইল। সুযোগ বুঝিয়া স্থানীয় আলেম নামধারী দালালগণ বজরায় ভীড় জমাইল। শেখজীর সঙ্গে বজরায় তাঁহার কোন বিবি এবং কিছু সংখ্যক ছেলে মেয়ে সঙ্গী হইতেন। নচেৎ যে ছুন্নতের খেলাফ হয়!

কোন গ্রামে বজরাখানা নোঙর করা হইলেই মাঝি মাল্লারা ডঙ্কা বাজাইয়া ঘোষণা করিত গজনী-শরীফের আলা হজরত পীর কেবলা তশরীফ ফরমা-ইয়াছেন। দুই এক দিনের মধ্যেই গ্রামের বাছা-বাছা মোড়ল গণকে বজরায় দাওয়াৎ করিয়া প্রচুর পোলাও কোর্মায় উদর পূর্ত্তি করাইয়া, সুগন্ধি তামাক সেবন করাইয়া এবং দুই এক ফোঁটা দামী আতর মাখাইয়া দিয়া তাহাদিগকে একেবারে সম্মোহিত করিয়া ছাড়িয়া দেওয়া হইত। তদুপরি দালালগণ পীর কেবলার বুজর্গী ও কেরামত সম্বন্ধে আষাঢ়ে-গল্প শুনাইয়া তাহাদের প্লীহা চমকাইয়া দিত। তারপর পল্লী বাসীর ঘাটে ঘাটে নৌকা ভিড়াইয়া গৃহস্বামীকে মাতব্বরগণ বলিত "দেখ বাপু, গজনী শরীফের পীর কেবলা তোমার ঘাটে উপস্থিত! তোমার জোর বরাত! এহন তার নজরানা কী দিবা, দাও। বাড়ীর উপর নাবলে পাল্‌কী ভাড়া অনেক লাগবে।" পাগড়ী ধারী দালালগণ আরও

www.ahlehadeethbd.org

কিছু বেশী করিয়া শুনাইত। শেখজী ছইয়ের ভিতর হইতে কাশিয়া দুই একবার গলা বাড়াইয়া নিজের গুরুত্বের আভাষ দিতেন এবং সুন্দর সুপরিচ্ছদধারী ছেলে মেয়েরা নৌকার ছইয়ের উপর উঠিয়া সে গুরুত্বকে আরও রঙ্গীন করিয়া দিত। বেচারা চাষী গৃহস্থ ভ্যাবাচ্যাকা খাইয়া নিজের মালখের মোড়লকে বলিত, "মাইলথ্যার ব্যাটা, ট্যাহা পয়সা যে কিছুই নেই। কেবল কয়েক কাঠা ধান কাইট্যা তুল্ছি।"

মোড়ল বলে, "হেডাত বুঝলাম বাপু। কিন্তু পীর-পায়গম্বরের খাতির না করলি যে দোজখে যাইব্যা।" সভয়ে গৃহস্থ বলে, "তবে যা হয়, দুই কাঠা ধানই নিয়া যান।" মোড়ল ধমক দিয়া বলে, "দুই কাঠা ধানে কি হয়রে ব্যাটা? কত বড় পীর তা জানিস্।"

শেষ পর্যন্ত যতটা শোষণ করিয়া বাহির করা সম্ভব পাড়ার মোড়লেরা তাহা বাহির করিয়া লইয়া নিজ নিজ মালখের সম্মান বজায় রাখিত। নগদ টাকা না পাওয়া গেলে ধান, চাল, মুরগী, খাশী, বাছুর গরু যাহাই পাওয়া যায়, আদায় করা হইত। আদায় শেষ হইলে বিদায়ের দিন পল্লীর সকল লোককে এক-ত্রিত করিয়া ধুমধাম বায়য়াৎ করার বন্দোবস্ত হইত। অর্থাৎ পীর কেবলা সেদিন নৌকার সম্মুখ ভাগে চেয়ারে উপবেশন করিয়া নিজ পাগড়ীর একাংশ ধরিয়া রাখিয়া অপরাংশ ছাড়িয়া দিতেন। ভক্তগণ তার সাথে নিজের পাগড়ী বা চাদর বাঁধিয়া, লম্বা করিয়া দিত। তাহাতেও না কুলাইলে যাহারা সার বাঁধিয়া পাগড়ী ধারণ করিয়াছে—তাহাদের পিঠে হাত রাখিয়া সারি দিয়া দাঁড়াইত। পীর কেবলা তাহা-দিগকে কলেমা শাহাদত পড়াইয়া নিজের নামে বায়য়াৎ করাইতেন। তারপর সামান্য কথায় নামাজ, রোজা, হজ, জাকাত পালনেকরিবার তাগিদ দিয়া অবশেষে মোনাজাত করিতেন। গ্রামের সরল প্রাণ গরীব মোছলমান একান্ত ভাবে হৃদয় মন ঢালিয়া বিশ্বাস করিত—পীর কেবলার দোওয়ার বরকতেই তাহাদের ক্ষেতে ফসল জন্মে, সংসারে ছেলে-মেয়ে জন্মে, গাছে ফল ধরে, গাভী দুধ দেয়, দেহের রোগ সারে, মনে শান্তি আসে এবং আখেরাতে নাজাত পাওয়া যায়। সুতরাং জমিদার, মহাজন, কুসীদারা ইহারা ছিল পাক চাষীর জীবনে জোঁকের শোষক, ইহাতে পোষণ একটুও ছিলনা। আর পীর কেবলার শোষণের সাথে কিছু পোষণও ছিল। তাঁহাকে খাও-য়াইয়া যেটুকু লাভ হইত, তাহা দেহের নহে, আত্মার। এই লাভ টুকুর উপরেই পাক বাংলার সামাজিক মেরু-দণ্ড যাঁতায় পিষ্ট হইয়াও কোনক্রমে দাঁড়াইয়া ছিল এবং তার উপরেই ভবিষ্যতের পাকিস্তান ধীরে ধীরে গড়িয়া উঠিতেছিল।

শেখজী যত দিন জীবিত ছিলেন, এই প্রকার রাজসিক পীরালীর ব-দৌলতে তাঁহার পূর্বেকার আমীরানা বজায় রাখিয়া ছিলেন। এখন আর সেদিন নাই। তাঁহার এন্তেকালের পরেই পাঁচ খানা মৌজা পচিশটী ছেলে-মেয়ে ভাগ-বাটোয়ারা করিয়া লইয়া পত্তন দিয়া খাইতে থাকে এবং শেষ পর্যন্ত দুই একটী শরীকের দুই চারি বিঘা জমি ব্যতীত বর্ত্তমানে আর কিছুই অবশিষ্ট নাই। লেখাপড়া শিখি-বার চেষ্টাও কেহ করেনাই। কয়েকটী শাখার শরীকগণ এখন ক্রমে ক্রমে "বন্‌না পীর" "খড়ম পীর" "খানী পীর" এর পর্যায়ে নামিয়া "গরীব ভদ্রলোক" সাজি-য়াছে যাহাদের পক্ষে কাজ করিয়া খাইলে "জাত" নষ্ট হয়, ভিক্ষা ও ছ্যাচড়ামী করিলেও "জাত" ঠিক থাকে। শেখজীর কাহিনী শুন্‌তে শুন্‌তে আমার মনের কোনে ভাসিয়া উঠিত নূর নবী (দঃ) এর অমর বাণী "আমার এন্তেকালের পর তোমরা মোশরেক হইয়া যাইবে, এমন আশঙ্কা আমি করিনা। আমার শুধু ভয় হয়, দুনিয়ার ভোগ-বিলাসের মোহ তোমাদিগকে পথভ্রষ্ট করিবে।"

মাস্টার ছাহেবের অগ্রজ শেখ রহিমউদ্দীন বর্ত্ত-মানে এই বিরাট শেখ পরিবারের নেতা। আবক্ষ লম্বিত দাড়ী বিশিষ্ট ছয়ফুট দীর্ঘ বিরাট পুরুষ তিনি। পরনে তাঁহার কোঁচানো ধুতি এবং গায়ে একটা সার্ট, এই ছিল তাঁহার সর্বক্ষণের পোষাক। কোন সভা-সমিতি বা সামাজিক মহফিলে গমন কালে সেই কাছা-কোঁচা পরিধানের উপরেই মাথায় একটা টুপী চড়াইয়া

Contents



তিনি শরাফতী বজায় রাখিতেন। আরও বে-কায়দায় পড়িয়া নামাজের কাতারে দাঁড়াইবার প্রয়োজন হইলে ধুতিখানা পেচাইয়া লুঙ্গি বানাইয়া লইতেন। বস্তুতঃ এই ছিল গোটা মোসলমান ভদ্র শ্রেণীর পোষাক। লুঙ্গী, পায়জামা গরীব শ্রেণীর আরবী জানা লোকেরাই শুধু পরিতেন। পাশের গ্রামের জমিদার সান্যাল বাবুদের তিনি ছিলেন নায়েব। অধীনস্থ কয়েকজন গোমস্তা এবং একদল পেয়াদার সহযোগে তিনি প্রবল প্রতাপে বার্ষিক তিনলক্ষ টাকা খাজানা আদায়, চর দখল, হাট বসানো, বারোয়ারী মেলায় বেশ্যা আমদানী, পূজার জন্য পাঁঠা আমদানী, জমিদারের নামে পঞ্চায়েতী শাসন কায়েম ইত্যাদি কার্য সুচারু রূপে সম্পন্ন করিতেন। বিচক্ষন নায়েব হিসাবে সারা জেলায় তাঁহার সুখ্যাতি ছিল। শুনা যায়, জমিদার সেরেস্তায় তাঁহার বেতন ছিল মাসিক পাঁচ টাকা, গোমস্তাদের তিন টাকা আর পেয়াদাগণের এক টাকা। কিন্তু এত অল্প বেতনেও নায়েব বাবুর দালান-বাড়ী, ভোমস্তাগণের জোতদারী, বাগান, পুকুর সমস্তই গজাইয়া উঠিত এবং পেয়াদাগণের সাংসারিক অবস্থাও বেশ স্বচ্ছলভাবেই ছিল। এ দেশের সরকারী অফিসের আমলা-ফয়লা, জমিদারের বিরাট বাহিনী এবং বৃটিশ বণিকগণের বড় বড় কোম্পানীর চাকুরীয়ারা সকলেই গরীব প্রজা শিকার করিয়াই শাসন-কাঠামো জিয়াইয়া রাখিয়াছে।

মাষ্টার সাহেব বাল্যকালে পিতৃহীন হওয়ায় অগ্রজ রহিম উদ্দীন সাহেবই তাঁহার প্রতিপালন ও লেখাপড়ার ভার লইয়াছিলেন। এই কঠোর প্রকৃতি দুর্দান্ত স্বভাবের মানুষটী অন্যদিকে যাহাই হউন, অনুজের প্রতি অত্যন্ত স্নেহপ্রবণ ছিলেন এবং আজীবন তাহার যাবতীয় দাবী-দাওয়া, আবদার-উৎপাত হাসিমুখে সহিয়া আসিয়াছেন। চারিদিকে হিন্দুগণের প্রবল প্রভাবের মধ্যে পড়িয়া তিনি সান্ত্বনা লাভের সুরে আত্মীয়, বন্ধুগণকে শুনাইয়া বলিতেন,— "আমাদের খলিল আস্‌ছে বছরেই ম্যাট্রিক পরীক্ষা দিবে। তারপর চারটী বৎসর। বি,এ, পরিক্ষাটা দিলেই আমি ওকে দারোগার চাকুরী দেওয়াইব। এ জন্য যদি কলিকাতায় গিয়ে তদ্বিরের দরকার হয়, তাও ক'রব। ও যদি দারোগা হয়, তবে এ তল্লাটে আমার কাছে দাঁড়াবে কোন শালা? তাঁহার এই অপরিসীম আশার আস্ফালনে সকলেই চমৎকৃত হইতেন, কিন্তু বিধাতা বোধ হয় রুষ্ট হইয়াছিলেন। খলিল মিয়া ম্যাট্রিক, আই, এ, ভাল ভাবেই পাস করিলেন, কিন্তু বি, এ, ফাইন্যাল অবধি পড়িয়া পরীক্ষা দিলেন না। পীড়াপীড়ির মুখে পড়িয়া তিনি কঠোর ভাবে ঘোষণা করিলেন —"জ্ঞান লাভের জন্য লেখাপড়া শিখা ফরজ— আমি এত দিন যেমন ভাবে পড়ে এসেছি জীবনভর তেমনি ভাবেই জ্ঞান চর্চা করব। কিন্তু ডিগ্রীলাভ অথবা দুনিয়ায় উন্নতি বা প্রতিষ্ঠা লাভের জন্য, লেখাপড়া শিক্ষাকরা হারাম। অতএব আমি বি,এ, পরীক্ষা দিবনা।" শুধু তাই নয়, খলিল সাহেব দাড়ী রাখিয়া লম্বা জামা গায়ে দিয়া ধর্ম-সমাজের অসংখ্য ব্যধির বিরুদ্ধে জেহাদ সুরু করিলেন। নায়েব বাবু ব্যথাহত হইয়া সেই যে ছোট ভাইয়ের প্রতি বিরূপ হইয়াছেন, আজিও তাঁহার মনের গতি ফেরে নাই। বিবাহের সময় তাঁহার টুপী দাড়ী দেখিয়া ভয়ানক রকমের আপত্তি পুরুষ-মহল মেয়ে-মহল দুইদিক হতেই উঠিয়াছিল, কিন্তু তাঁহার শ্বশুর বাবর আলী খোন্দকার ছাহেব বাহিরে পুরাপুরি হিন্দুয়ানী থাকিলেও অন্তরে ছিলেন ইছলামের প্রতি শ্রদ্ধাশীল। কাজেই বিবাহ আটকায় নাই। তাঁহার স্ত্রী অন্তরের স্বাভাবিক স্বচ্ছতার জোরেই এমন স্বামীকে অম্লানবদনে গ্রহণ করিয়াছিলেন এবং শত অভাব-দুঃখের আঘাতের মধ্যেও আঁধার-কোঠার মণি-দীপটীর মত আজিও সেই স্বাভাবিক স্বচ্ছতায় বিরাজ করিতেছেন, যেন তাঁহাকে স্পর্শ করিতে পারে এমন কলুষ আজাজিলের কারখানায় আজিও প্রস্তুত হয় নাই।

মাষ্টার সাহেবের সংসারে তাঁর মা, স্ত্রী এবং দুইটি ছেলেমেয়ে। বাড়ীর পালানে একটুকরা জমি ছাড়া আর কোন অবলম্বন নাই। একদিন বলিলাম "এখন কি করবেন? সংসারত চালাতে হবে"।

ক্রমশঃ

www.ahlehadeethbd.org

# আমাদের শিক্ষা

## অধ্যক্ষ মুহম্মদ আযীমুদ্দীন

বৃটিশ-রাজ পাক-ভারতের জন্য যে সকল উত্তরাধিকার রেখে গেছেন আমাদের বর্তমান শিক্ষা-ব্যবস্থা তন্মধ্যে অন্যতম। আমাদের ঐহিক কিম্বা পারলৌকিক উন্নতি বিধানের সদুদ্দেশ্য প্রণোদিত হয়েই যে ইংরেজ এই শিক্ষা ব্যবস্থা গড়ে তুলেছিল তা নয়; বরং তারা নিজেদের প্রয়োজনের তাকিদেই বর্তমান শিক্ষা ব্যবস্থার প্রবর্তন করে। ইংরেজের শাসন কার্য্য পরিচালনার জন্য আমলা তৈরীর প্রয়োজন ছিল। 'হোম' থেকে আমলা আমদানী করা খুব ব্যয়সাধ্য ব্যাপার, তাই দু'শ বৎসর ইংল্যাণ্ডের মত জ্ঞান-বিজ্ঞান ও শিল্পে উন্নত দেশের সঙ্গে যুক্ত থেকে এবং অপর্য্যাপ্ত কাঁচা মাল উৎপন্ন করেও পাক-ভারতে দক্ষ কারিগর তৈরী হয়নি, শিল্প গড়ে উঠেনি। দু'শ বৎসর যাবত আমাদের প্রতিভার শুধু অপচয় ঘটেছে কেতাবী বিদ্যা শিখে, আমরা শুধু কেরানীর যোগ্যতাই অর্জ্জণ করেছি। শিক্ষার কার্য্যকরী দিকটা বাদ দিলেও, ইংরেজের শিক্ষা ব্যবস্থায় ছিল আদর্শের দৈন্য। পরাধীনতার গ্লানিস্বরূপ তাই আমাদের জীবনে ঘটেছে নৈতিকতার অভাব ও মানবতা-বোধের অপমৃত্যু।

আযাদী অর্জ্জনের পরে শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তনের কথা বহুমুখে বহুভাবে ধ্বনিত প্রতিধ্বনিত হয়েছে। শিক্ষা সংস্কার ও সংগঠনের উদ্দেশ্যে বিগত কয়েক বৎসরে কয়েকটি কমিটি গঠিত হয়েছে, এর সুদীর্ঘ অনেক রিপোর্টও সরকারী দফতর ভারাক্রান্ত করেছে। কিন্তু সংস্কারের দিক দিয়ে শিক্ষা এক পা-ও অগ্রসর হয়নি। সমস্যা-সমাকীর্ণ পাকিস্তানে শিক্ষা সমস্যাও ক্রমশঃ জটিল আকার ধারণ করেছে, শিক্ষার ক্ষেত্রে জঞ্জাল আবর্জ্জনা অনেক জমেছে, সংস্কারের সম্মার্জনী প্রয়োগের প্রয়োজনীয়তা অত্যাবশ্যক। আগাছায় আগাছায় শিক্ষার সোনার ফসল ঢাকা পড়েছে, নিপুণ সুদক্ষ মেহনতী কিষাণের প্রয়োজন হয়েছে তা' পরিস্কার করার জন্য। সমাধান কঠিন হলেও দুরূহ নয়; আর দুরূহ হলেও প্রয়োজনের তাকিদে কঠোর সংকল্প নিয়ে তার মুকাবিলা করা আবশ্যক। খোঁড়া ঘোড়ায় চড়ে বাজি জেতা যায় না; ফুটো নৌকায় চড়ে দরিয়ায় পাড়ি জমানও সম্ভব নয়। আজাদ পাকিস্তানের নাগরিকগণ যদি জগত-সভায় উচ্চ আসন লাভ করতে ইচ্ছুক হয়, তবে তার শিক্ষা-ব্যবস্থার আশু মেরামত দরকার।

যে আদর্শের উপর পাকিস্তানের বুনিয়াদ গড়ে উঠেছে তারই ভিত্তিতে পাকিস্তানের শিক্ষা ব্যবস্থাও গড়ে তুলতে হবে। সেই আদর্শকে পাকিস্তানী নাগরিকের ব্যক্তিগত ও সমষ্টিগত জীবনে প্রতিফলিত করতে হলে শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন করে তাকে জাতীয় প্রয়োজন অনুযায়ী গড়ে তুলতে হবে। পাকিস্তানের ভবিষ্যৎ নাগরিকগণ যাতে জ্ঞান-বিজ্ঞানের ক্ষেত্রে এবং রাষ্ট্রীয়-জীবনে নিজেদের প্রতিষ্ঠিত করতে পারে, তৎপ্রতি লক্ষ্য রেখেই আমাদের শিক্ষা-নীতি নির্দ্ধারণ করতে হবে।

আমাদের শিক্ষা সমস্যার প্রথম বিঘ্ন ভাষাধিক্য। মাতৃভাষা বাংলা, ধর্ম্মভাষা আরবী, অন্যতম রাষ্ট্রভাষা ও পাক ভারতের মুসলিম তমদ্দুনের বাহন উর্দ্দু, উচ্চশিক্ষার বাহন ও আন্তর্জ্জাতিক যোগাযোগের ভাষা ইংরেজী। শিক্ষাক্ষেত্রে এই চারটি ভাষার আসন দাবী প্রয়োজনের তারতম্য অনুযায়ী বেশ জোরদার। মতৃভাষার উন্নতি সাপেক্ষে ইংরাজী বেশ কিছুদিন আমাদের শিক্ষা-জীবনে প্রভাব বিস্তার করতে থাকবে। কারণ, ইংরাজীতে জ্ঞান-বিজ্ঞানের গ্রন্থাদি অত্যন্ত অধিক। শৈশবেই একসঙ্গে এতগুলি ভাষার চাপে বালক-বালিকাদের বুদ্ধি-বৃত্তির স্বাভাবিক বিকাশ ব্যাহত হয়। আমাদের শিক্ষা-ক্ষেত্র হতে ইংরেজী বিদায় না লওয়া পর্যন্ত আমাদের এই অসুবিধার সম্মুখীন হওয়া ছাড়া গত্যন্তর নেই।

পাকিস্তান ধর্ম্মভিত্তিক রাষ্ট্র। তাই, ধর্ম্মকে যারা

www.ahlehadeethbd.org

Contents



প্রাইভেট (ব্যক্তিগত) ব্যাপার বলে অভিহিত করেন, পাকিস্তানের শিক্ষা-নীতি নির্দ্ধারণের ব্যাপারে তাদের মতের গুরুত্ব দেওয়া চল্‌বে না। ধর্ম্মীয় শিক্ষাকে বিসর্জন দিলে পাকিস্তান অর্জনের আদর্শ বানচাল হয় এবং উদ্দেশ্য ব্যর্থতায় পর্যবসিত হয় বলেই আমার বিশ্বাস। অতীতে আলিম-সমাজ নাকি ইংরেজী শিক্ষার বিরুদ্ধে 'ফৎওয়া' জারী করে পাক-ভারতীয় মুসলমানদের শিক্ষা-জীবনের অগ্রগতি ব্যাহত করেছিলেন, এইরূপ অপবাদ প্রায়ই শোনা যায়। আমার যতদুর জানা আছে এবং অনেক আধুনিক শিক্ষা-বিশারদের মুখেও শুনেছি যে, এর মূলে কোনো সত্য নেই। আসল কথা এই যে, আলিম-সমাজ ইংরেজের ভাব-ধারা, চাল চলন প্রভৃতি গ্রহণ সম্পর্কেই জাতিকে সতর্ক করেছিলেন, ভাষা শিক্ষা সম্পর্কে নয়। ধর্ম্ম শিক্ষাকে আমাদের শিক্ষা ব্যবস্থার অঙ্গীভূত করতঃ পাকিস্তান অর্জনের সার্থকতার পথে জাতিকে এগিয়ে নিতে হবে।

ধর্ম্ম-শিক্ষা সম্পর্কে আরও একটি বিষয় বিবেচনা করে দেখা প্রয়োজন। ইসলামে পৌরহিত্য প্রথা নেই। হিন্দুধর্ম্মে পৌরহিত্য ও গুরুবাদের প্রাধান্য রয়েছে, খ্রীষ্টান ধর্ম্মেও যাজক সম্প্রদায়ের অপ্রতিহত প্রভাব বিদ্যমান। কাজেই পুরোহিতদের সাহায্যে ধর্ম্ম-বিধান পালন করালে ব্যক্তিবিশেষের দৈনন্দিন জীবনে ধর্ম্মীয় রীতি-নীতি পালন না করলেও বিশেষ আসে যায়না। কিন্তু প্রত্যেক মুসলমান নিজেই তাহার নিজের পুরোহিত। হালাল-হারামের পার্থক্য জেনে শুনে তাকে ব্যক্তিগত জীবন যাপন করতে হয়। ফরজ, ওয়াজিব, সুন্নত নফল মেনে প্রত্যেক মুসলমানকে দৈনন্দিন নামাজ রোজা ও অন্যবিধ ধর্ম্মীয় কর্ত্তব্য সমাধা করতে হয়। কাজেই ধর্ম্মীয় শিক্ষা প্রত্যেক মুসলমানের জন্য অত্যাবশ্যক, শুধু মাদ্রাসার ছাত্রেরা ধর্ম্ম শিক্ষা লাভ করবে, আর স্কুল-কলেজের ছাত্ররা ধর্ম্মহীন শিক্ষা ও ভাব-ধারায় আপ্লুত হবে, এরূপ ব্যবস্থা ইংরেজ আমলে চলে থাকলেও আযাদীর যুগে অবশ্য পরিত্যাজ্য। যুগের তাকিদ অনুযায়ী জ্ঞান বিজ্ঞানের শিক্ষার ক্ষেত্রকে সঙ্কুচিত না করেই ধর্ম্মীয় শিক্ষার প্রবর্ত্তন করতে হবে।

শিক্ষার একটি ধর্ম্মীয় ভিত্তি থাকা বাঞ্ছনীয়। আধুনিক বিজ্ঞানে সুশিক্ষিত অনেক হিন্দু মুসলমানকে জানি, যাদের ধর্ম্ম-বিশ্বাস কিছু মাত্র শিথিল নয়। অনুসন্ধানে জানা যাবে যে, শৈশবে এদের পারিবারিক পরিবেশ ধর্ম্মের অনুকূল থাকাতেই তাদের জীবন থেকে ধর্ম্মের প্রভাব লোপ পায় নাই। তাই, শিক্ষা-প্রতিষ্ঠান গুলিতে ধর্ম্মীয় পরিবেশ ও আবহাওয়া সৃষ্টি করা আবশ্যক। আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের উচ্চ শিক্ষায় থিওলজী (ধর্ম্ম-বিজ্ঞান) একটি অবশ্য-পাঠ্য বিষয় ছিল বলে শুনেছি। ধর্ম্মীয় শিক্ষা অন্ধ গোঁড়ামীর প্রশ্রয় দেয়না, বরং মানুষকে মানবতা-বোধ শিক্ষা দেয় ও তার নৈতিক চরিত্রকে উন্নত করে।

গোটা শিক্ষা-ব্যবস্থাকে ফেলে সাজান আবশ্যক। সাধারণ শিক্ষা ও মাদ্রাসা শিক্ষার সমন্বয় সাধন করে নিম্ন স্তরে শুধু এক ধরণের শিক্ষা ব্যবস্থা প্রবর্ত্তন করা বিধেয়। প্রথম শ্রেণী থেকে, পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রাথমিক-শিক্ষা; ষষ্ঠ শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত নিম্ন মাধ্যমিক শিক্ষা; নবম শ্রেণী থেকে একাদশ শ্রেণী পর্যন্ত উচ্চ মাধ্যমিক শিক্ষা এবং তদুপরি পাঁচ বৎসর কলেজীয় শিক্ষা—সমগ্র শিক্ষা-ব্যবস্থাকে এইরূপে ভাগ করা যেতে পারে। প্রাথমিক শিক্ষাকে নাগরিক জীবন গড়নের ব্যাপারে যথেষ্ট গুরুত্ব দিতে হবে। আলো, বাতাস ও পানীয় মতো প্রাথমিক শিক্ষাকে জীবন ধারণের জন্য অত্যাবশ্যক মনে করতে হবে এবং আল্লার দান এই বস্তুগুলির মতো প্রাথমিক শিক্ষাকেও সকলের জন্য সহজলভ্য করতে হবে।

প্রথম থেকে অষ্টম শ্রেণী পর্য্যন্ত শিক্ষাকে বুনিয়াদী শিক্ষা বলে গণ্য করতে হবে এবং আযাদ-পাকিস্তানের যোগ্য নাগরিক জীবন গড়বার সকল মাল মশলার আন্‌জাম দিতে হবে এই স্তরে। বস্তুতঃ অষ্টম মানের শেষে যাদের শিক্ষা জীবনের সমাপ্তি ঘটবে, তারা যাতে নাগরিক জীবনের হাল

(৩০ পৃষ্ঠায় দেখুন)

www.ahlehadeethbd.org

# আরাবী শিক্ষা

মূল: মোহাম্মদ আবদুল্লাহেল কাফী আল কোরায়শী

অনুবাদ: মুন্তাছের আহমদ রহমানী

[ বিগত ৫।১১।৫৬ তারীখে ঢাকা জিলাবোর্ড হলে অনুষ্ঠিত পূর্ব-পাক আরাবী ছাত্রসম্মেলনে প্রদত্ত সভাপতির উর্দূ অভিভাষণের অনুবাদ ]

## আরাবী ভাষা ও সাহিত্যের ঐতিহাসিক পটভূমিকা ও উহার প্রাচীনতা।

বিদ্যা ও সাহিত্যিকতার প্রাচীনতম যুগের সহিত আরাবী ভাষার সম্পর্ক বিজড়িত, বরং একথাও দাবী করা যাইতে পারে যে, ধরাপৃষ্ঠে এপর্যন্ত যতগুলি জীবন্ত অথবা মৃত ভাষার সন্ধান পাওয়া গিয়াছে, তন্মধ্যে কাব্যসাহিত্যের প্রাচীনতম সম্পদ আরাবী ভাষাই পৃথিবীকে দান করিয়াছে।

আরাবীকে সমগ্র ভাষার জননী (ام الالسنة) এবং মক্কানগরীকে সমুদয় জনপদের আদি কেন্দ্রভূমি (ام القرى) রূপে অভিহিত করা হইয়াছে, একথার প্রকৃত তাৎপর্য ব্যাপক অনুসন্ধান ও গভীর গবেষণা সাপেক্ষ! এইরূপ আল্‌কোরআন্‌কে বিশুদ্ধ আরাবী ভাষায় (عربی مبین) অবতীর্ণ করার হেতুবাদ কি, তাহাও ভাষাতত্ত্ববিদ-গণের গবেষণার মুখাপেক্ষী হইয়া রহিয়াছে। কিন্তু ইহাতে সন্দেহের অবকাশ নাই যে, আরাবী ভাষা ও আরাবী সাহিত্যের ইতিহাস যে যুগ হইতে শুরু হইয়াছে বলিয়া সচরাচর অনুমান করা হইয়া থাকে, তদপেক্ষা উহা বহু পূর্ববর্তী যুগের সম্পদ।

তওরাত বিশারদগণের অধিকাংশের মতে তওরাতের সর্বপ্রাচীন পুস্তক হইতেছে "ইয়োবের বিবরণ' আরাবী আইয়ুবকে বাইবেলের প্রচলিত বাংলা অনুবাদে 'ইয়োব' লেখা হইয়াছে। হযরত আইয়ুব হযরত ইব্রাহীমের যদি পূর্ববর্তী নাও হন, তথাপি তিনি যে তাঁহার সমসাময়িক, ইহা অনস্বীকার্য আর হযরত আইয়ুব যে আরব ছিলেন, ইহাও তওরাত-বিশারদগণের সর্বসম্মত সিদ্ধান্ত। আইয়ুবের বিবরণে উল্লিখিত আছে যে, তিনি উষ (উয) দেশের অধিবাসী

## আমাদের শিক্ষা

( ২৯ পৃষ্ঠার পর )

হকীকৎ সম্পর্কে ওয়াকিফহাল হতে পারে নিম্ন-মাধ্যমিক স্তরের শিক্ষার উদ্দেশ্য তাই হওয়া উচিত।

অষ্টম মান পর্যন্ত ইসলামী শিক্ষা ও সাধারণ শিক্ষা একই সঙ্গে, একই শ্রেনীতে, একই বিদ্যালয়ে, একই উস্তাদের পরিচালনায় থাকবে, অর্থাৎ এই পর্যায়ে 'স্কুল ও মাদ্রাসা' এই দু শ্রেনীর বিদ্যালয়ের অস্তিত্ব থাকবেনা। অতঃপর নবম মান থেকে ইসলামী ও সাধারণ শিক্ষার জন্য পৃথক বিদ্যালয়ের প্রয়োজন হবে। নবম মান থেকে ইসলামী ( অর্থাৎ মাদ্রাসা) শিক্ষার সময়ও লাগবে আট বৎসর। বর্ত্তমানে মাদ্রাসায় টাইটেল পর্যন্ত শিক্ষার সময় বার বৎসর এই নতুন ব্যবস্থায় বুনিয়াদী শিক্ষাসহ ইসলামী শিক্ষা শেষ করতে সময় লাগবে ষোল বৎসর।

ইসলামী শিক্ষা-প্রাপ্ত নাগরিকদের জন্য তবলীগ ও শরিয়ত বিভাগ স্থাপন করতঃ কর্ম্ম সংস্থানের ব্যবস্থা করা একান্ত আবশ্যক। সাধারণ বুনিয়াদী শিক্ষা লাভের পরে যারা ইসলামী শিক্ষা লাভ করবে, তাদের সাধারণ জ্ঞান ও দৃষ্টিভঙ্গি যুগোপযোগী হবে বলে ভরসা করা যায়।

শিক্ষার সংস্কার ও সংগঠন বহুপূর্ব্বেই করা উচিত ছিল। এ বিষয়ে আর কালক্ষেপ করা যুক্তিসঙ্গত নয়। উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিশন মারফত প্রথমেই বর্ত্তমান শিক্ষা-ব্যবস্থার রোগ নির্ণয় করতে হবে। অতঃপর বিজ্ঞ চিকিৎসকের ন্যায় ঔষধের ব্যবস্থা করতে হবে।

www.ahlehadeethbd.org

Contents



ছিলেন এবং যে শেবা ও কলেদীয়ার লোকেরা তাঁহার পশুপাল চুরি করিয়া লইয়া গিয়াছিল বলিয়া উক্ত বিবরণে কথিত আছে, সেগুলি উহার পার্শ্ববর্তী দুইটি দেশ। আদি পুস্তকে উযকে অ'রামের পুত্র এবং তাঁহাকে শেমের পুত্র বলা হইয়াছে এবং হযরত নূহের যে তিন পুত্র জাহাজ হইতে অবতরণ করিয়াছিলেন, শেম তাঁহাদের অন্যতম। আ'রামীগণ সর্বসম্মতভাবে খাঁটি আরবদের বংশধর। ভৌগলিক হিসাবে দেখিলেও শেবাও কলদীয়ার নিকটতম দেশ একমাত্র আরবই হইতে পারে।

তওরাতবিশারদগণ আরও বলিয়াছেন যে, হযরত আইয়ুবের পুস্তক প্রথমতঃ প্রাচীন আরাবী ভাষাতেই লিখা হইয়াছিল, হযরত মূছা কর্তৃক উহা আরাবী হইতে ইব্রীয় ভাষায় অনুদিত হয়। অলংকার, কবিত্ব ও শব্দবিন্যাসের গৌরবে গীত-সংহিতা (যবুর) ও হিতোপদেশ ব্যতীত পুরাতন নিয়মের (*old testament*) কোন পুস্তকই আইয়ুবের পুস্তকের সমকক্ষতা করিতে সমর্থ নয়। সুতরাং হযরত মূছারও পূর্বে আইয়ুবের পুস্তকের মত আরাবী ভাষায় লিখিত কাব্যের বিদ্যমানতা ইহাই প্রতিপন্ন করিতেছে যে,ইব্রীয় সাহিত্যের বিকাশলাভের কয়েকশতাব্দী পূর্বেই আরাবী সাহিত্যের উৎকর্ষ সাধিত হইয়াছিল। আইয়ুবের পুস্তকের আরাবী কোরআনের আরাবী না হইলেও ইহাইযে বর্তমান আরাবীর উপকরণ যোগাইয়াছিল, তাহাতে দ্বিমত নাই।

ইহাও প্রনিধান যোগ্য যে, যে ভাষা কোরআনের তাৎপর্য ও ইংগিতের বাহক ও ধারক হইয়াছে, যে আরাবীতে ইম্‌রাউলকয়েছ কবিতা রচনা করিয়াছেন উহাকে অনুন্নত যাযাবরদের ভাষা বলিয়া কিরূপে স্বীকার করা সম্ভবপর? বস্তুতঃ আরাবী ভাষা তমদ্দুনী ক্রমাবর্তনের এতগুলি স্তর অতিক্রম করিয়াছে যে, পৃথিবীর অপর কোন ভাষাই এবিষয়ে তাহার সমকক্ষতা করিতে সমর্থ নয়। সুমেরীয় (*sumerian*) আক্কাদী (*Accadian*) ও নিনেভিয় (*Nineveh*) তমদ্দুন বাবিলোনিয়ার শিক্ষাসম্ভার ও মিসরের শব্দকোষের ভাণ্ডার, এরমিয় (*Aramaie*) ভাষার সম্পদ এবং কলেদীয় ও সিরিক সাহিত্য একই ভাষার শাব্দিক রূপায়ণের ক্রমবিকাশ মাত্র। ইহাই উত্তরকালে খৃষ্টপূর্ব চারি শতাব্দীতে আরাবী ভাষার পোষাক পরিধান করিয়াছিল। ১৯২৩ খৃষ্টাব্দের নবাবিষ্কার সমূহের মধ্যে আহীরাম (*Ahiram*) সমাধিসিন্দুক অংকিত লিপি আবিষ্কার আরাবী ছাত্রদের জন্য অনুসন্ধানের একটি নূতন পথ মুক্ত করিয়া দিয়াছে। বর্ণমালার সুসংবদ্ধ লিখন প্রণালীর ইতিহাস এযাবত খৃষ্টপূর্ব নবম শতাব্দি পর্যন্ত পৌছিয়া থামিয়া গিয়াছিল, কিন্তু এই সমাধিবাক্সের আবিষ্কার মানুষের হস্তলিপির ইতিহাসকে খৃষ্টপূর্ব ১২৫০ অব্দ পর্যন্ত পিছাইয়া লইয়া গিয়াছে অর্থাৎ খৃষ্টের ১২৫০ বৎসর পূর্বে উহা লিখিত এবং আরাবী ফিনিক (*Phoenecian*) অক্ষরে অংকিত হইয়াছিল। এই আবিষ্কারের সাহায্যে ইহাও প্রতিপন্ন হইয়াছে যে, তওরাতের ও বাবিলোনিয়ার লাইব্রেরীতে রক্ষিত লিখিত ফলকসমূহেরও পূর্বে আরাবী ভাষা এরূপ একটি লেখ্য ভাষার রূপ গ্রহণ করিয়াছিল যাহাতে বিজ্ঞপ্তি ও রাজসিক ফর্মান লিখিত হইত।

প্রাচীনতার দিকদিয়া ঋগ্বেদ কাব্যসাহিত্যের প্রাচীনতম সম্পদরূপে গণ্য হইয়া থাকে কিন্তু ম্যাক্সমুলর ঋগ্বেদের প্রাচীনতম কবিতাগুলিকে খৃষ্টপূর্ব ১২০০ বৎসরের রচিত বলিয়াছেন এবং আধুনিক *Orientalist* (প্রাচ্যবাদী) গণ কর্তৃকও উহা সমর্থিত হইয়াছে। স্মার্ণার মহাকবি হোমরের *Iliad* ও কাব্য সাহিত্যের প্রাচীনতম স্মৃতি বলিয়া কথিত হইয়া থাকে কিন্তু হেরোডোটাসের (*Herodotus*) অভিমত অনুসারে *Homer* খৃষ্টের ৮৫০ হইতে ৯ শত বৎসর কালের অধিক পূর্ববর্তী ছিলেনন।।

ভাষাতত্ত্ববিশারদগণের যে সমস্ত উদ্ধৃতির আমি ইংগিত দিয়াছি, সেগুলির সাহায্যে আরাবী কাব্যেরই সর্বাপেক্ষা প্রাচীনতা প্রতিপন্ন হয়, অথচ গবেষণার দ্বার এখনও মুক্ত এবং কথা বলার অবসরও বাকী রহিয়াছে।

মহিমামণ্ডিত কোরআনকে সাধারণতঃ অনাদি বাণী (كلام قديم)বলা হয়। প্রথমতঃ যেহেতু অনাদিত্ব আল্লাহর অন্যতম বিশেষণ, তাই তদীয় বাণী কোরআনকে অনাদি বা পুরাবাক্য বলিয়া অভিহিত করা হইয়াছে। কিন্তু এই শাশ্বত বাণী যে প্রাঞ্জল আরাবীর মাধ্যমে আত্মপ্রকাশ

www.ahlehadeethbd.org

করিয়াছে, উহার প্রচীনতা লক্ষ্য করিয়াও উহাকে পুরাবাক্য নামে অভিহিত করা আশ্চর্য নয়।

নবীগণের সমাপ্তকারীরূপে ধরণীর বুকে আরাবী নবীর শুভপদার্পণ এবং শেষ ঐশীগ্রন্থ কোরআনের আরাবী ভাষায় অবতরণ একটা সাধারণ ও আকস্মিক ব্যাপার নয়, ইতিহাস-দর্শন ও জীবতত্ত্বের বহু রহস্য-মূলক তথ্য ইহার সহিত জড়িত রহিয়াছে।

**আরাবী একটি জীবন্ত ভাষা—**

আরাবী পৃথিবীর প্রাচীনতম ভাষা হওয়া সত্বেও আজ-পর্যন্ত জীবন্ত ও প্রাণবন্ত রহিয়াছে। মরক্কো হইতে পাকিস্তানের সীমান্ত পর্যন্ত উহা কথ্য ও লেখ্য ভাষা-রূপে ব্যবহৃত হয়। অথচ আরাবী ভাষা অপেক্ষা বহু-কালের পরবর্তী ভাষাগুলির অধিকাংশই আজ ধরা-পৃষ্ঠ হইতে বিলুপ্ত হইয়া গিয়াছে আর যেগুলি অবশিষ্ট রহিয়াছে, সেগুলরও শুধু সাংস্কৃতিক (*Classical*) রূপই বিদ্যমান আছে। আধুনিক জ্ঞান বিজ্ঞানের বাহন হওয়া দূরের কথা পৃথিবীর কোন অংশেই সেই ভাষাগুলি ব্যবহৃত হয়না, কেহ বুঝিতেও পারেনা। পক্ষান্তরে আরাবী ভাষার এই সজীবতা ইছলামের সজীবতার পক্ষে অপরিহার্য ছিল বলিয়া স্বয়ং প্রকৃতি ইহার স্থায়িত্বের উদ্দেশ্যকে সম্পন্ন করিয়াছে।

**আরাবী বিদ্যা ধর্মীয় বিদ্যার নামান্তর কেন?**

ইতিপূর্বে আরাবী বিদ্যাকে দীনীবিদ্যা বলিয়া আখ্যাত করা হইয়াছিল, ইহার তাৎপর্য এই যে, প্রকৃতপক্ষে ধর্মের সত্যস্বরূপ প্রতিপন্ন করার জন্য মহাগ্রন্থ কোরআন আল্লাহর জলন্ত নিদর্শন। কোরআন বোধগম্য না হওয়া পর্যন্ত ইছলামের স্থায়িত্ব কল্পনা করা যাইতে পারেনা। আর কোরআনের ভাষা আরাবী, সুতরাং কোরআনের অভিজ্ঞতা আরাবী ভাষার সজীবতার উপরেই নির্ভর করিতেছে। তাই আরব ও আরব বহির্ভূত দেশের উলামা সমাজ আরাবী ভাষার হিফাযত ও প্রচা-রের আবশ্যকতা সম্পর্কে একমত হইয়াছেন। আরাবী-বিদ্যার জীবন ও বিস্তৃতি ইছলাম ও মিল্লতের সমৃদ্ধি ও শক্তিরই নামান্তর।

দুনিয়ার বুকে যত মানুষ ইছলামে দীক্ষিত হইয়াছে তাহারা সকলেই পরস্পরের ভাই, ইহারা আরাবী উম্মত বা ফার্সী উম্মত, পাকিস্তানী উম্মত বা তুর্কী উম্মত নহে, ইহারা সকলেই ইছলামী উম্মতের অন্তর্ভুক্ত। এই কথারই ইংগিত রহিয়াছে আল্লাহর এই নির্দ্দেশের ভিতর : و ان هذه امتكم امة واحدة و انا ربكم فاعبدون - এবং বস্তুতঃ তোমাদের এই উম্মত একই অদ্বিতীয় উম্মত আর একমাত্র আমি তোমাদের প্রভু! অতএব তোমরা শুধু আমারই দাসত্ব কর। আর একথা সুস্পষ্ট যে উম্মতের এই অদ্বিতীয়তার পরিকল্পনা ভাষার অদ্বিতীয়তা ব্যতীত সার্থক হইতে পারেনা। একথার উদ্দেশ্য ইহা নয় যে ভূপৃষ্ঠের প্রতিটি মানবের পক্ষেই উহাতে পূর্ণ দক্ষতা অর্জন করা ওয়াজিব, কিন্তু উম্মতের প্রত্যেকের পক্ষেই আরাবী ভাষার আংশিক অভিজ্ঞতা যে ওয়াজিব, তাহা অনস্বীকার্য। আল্‌হাম্‌দু-লিল্লাহ! জাতির বৃহত্তর অংশ আজ পর্যন্ত এই তত্ত্বকে অস্বীকার করেনাই।

এ বিষয়ে সন্দেহের অবকাশ নাই যে, জাতীয় সং-হতিও সার্বজনীন ভ্রাতৃত্বের যে মহাগৌরবে মুছলিম জাতি বিভূষিত হইয়াছে, সে গৌরব আরাবীর মাধ্য-মেই অর্জিত হইয়াছে। এই জাতীয়তা আরাবী গোত্র ও স্বাদেশিকতার ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয় নাই, উহা আরাবী ভাষার সাহায্যেই সম্ভবপর হইয়াছে। তাই আমরা দেখিতে পাই যে, আরব বহির্ভূত দেশের মুছলমানগণ আরবী ভাষার সেবায় কোনদিন আরব-গণের পশ্চাদবর্ত্তী হননাই। আরাবী কেবল আরব-গণের ভাষা নয়, উহা কোরআনের ভাষা এবং কোর-আনের ধারক (দঃ) আরাবী ভাষার মাধ্যমেই উহার বিশ্লেষণ ও ব্যাখ্যা করিয়াছেন। বিশ্ববাসীকে আল্লাহ কোরআন বুঝিবার, উহার গবেষণায় প্রবৃত্ত হইবার, উহার যিক্‌র ও উহার সাহায্যে হিদায়ত আহরণ করিবার আদেশ দিয়াছেন। আমাদের নমায ও যপ-তপকে আরাবী ভাষাতেই সীমাবদ্ধ রাখা হইয়াছে, ইবাদত, যিক্‌র ও তিলাওতের অর্থ যাহাতে আমরা

www.ahlehadeethbd.org

Contents



হৃদয়ংগম করিয়া উহার তাৎপর্য অনুধাবন করিতে পারি, আল্লাহ তাহার নির্দেশ প্রদান করিয়াছেন।

ইছলামী সংবিধানের যতগুলি দফা আছে, সংক্ষেপে অথবা সবিস্তারে কোরআনে সমস্তই উল্লিখিত রহিয়াছে। আরাবী ভাষার অভিজ্ঞতা লাভ না করা পর্যন্ত উল্লিখিত আইনসমূহকে বুঝা ও অনুসরণ করিয়া চলা সুদূর পরাহত ما لا يتم الوجب الابه فهو واجب- এবং ইহা সর্বজনবিদিত যে, যাহা না করিলে ওয়াজেব সমাধা হয় না তাহাও ওয়াজিব। আবার কোরআনকে 'অতিপ্রাকৃতিক' বা অলৌকিক (*Miracles*) বলা হইয়াছে এবং উহার শ্লোকগুলি নিদর্শনরূপে অভিহিত হইয়াছে। সুতরাং কারআন কেমন করিয়া মু'জিযা, তাহা কোরআনের ভাষা ও প্রকাশভংগিমাকে হৃদয়ঙ্গম করার উপরেই নির্ভর করিতেছে।

## কোরআনের অনুবাদ প্রকৃত কোরআন নয় এবং উহার অনুকল্প ও স্থলাভিষিক্তও নয়!

স্বল্প কল্পনাবিলাসের অভিমানের যে অরাজকতা বর্তমানে ছড়াইয়া পড়িয়াছে, তাহার ফলে কতিপয় অনুবাদসর্বস্ব ব্যক্তি কোরআনী বিদ্যার বিশেষজ্ঞ হওয়ার দাবীদার হইয়া বসিয়াছেন। ইহা অপেক্ষাও অদ্ভুত ব্যাপার এই যে, অনুবাদকে মূল অপেক্ষা গুরুত্ব প্রদান করার ধ্বনিও নিনাদিত হইতেছে কিন্তু বিচার-বুদ্ধির ক্ষুদ্রতম অংশও যাহারা লাভ করিয়াছেন, তাঁহারা কোনক্রমেই এই বাস্তবকে অস্বীকার করিতে পারিবেন না যে, অনুবাদ যদি সঠিক ও বিশুদ্ধও হয় তথাপি কোরআনের আলংকারিক গৌরব ও মর্ম্মস্পর্শীতার বাতাসও অনুবাদগুলির গায়ে লাগা সম্ভবপর নয়। তারপর এই অর্বাচীন ব্যাখ্যাকারীরা একথা কেমন করিয়া ভুলিয়া গেলেন যে, আল্লাহ যে কোরআনকে আরাবী রছুলের (দঃ) প্রতি অবতীর্ণ করিয়াছেন, সে কোরআন আরাবী কোরআনই ছিল। স্বয়ং আল্লাহ এ সম্পর্কে বলিয়াছেন : আলিফ-লাম-রা ইহা প্রত্যক্ষ গ্রন্থের আয়ত সমূহ। আমরা উহাকে আরাবী কোরআনরূপে অবতীর্ণ করিয়াছি, যাহাতে তোমাদের বুদ্ধিবৃত্তি উন্মেষিত হয়। الر، تلك ايات الكتاب المبين- انا انزلناه قرانا عربيا لعلكم تعقلون : আরও বলিয়াছেনঃ و كذلك انزلناه قرانا عربيا صرفنا فيه من الوعيد لعلهم يتقون- এবং এইভাবেই আমরা উহাকে আরাবী কোরআন রূপে অবতীর্ণ করিয়াছি, যাহাতে তাহারা সমীহ করিতে শিখে, তজ্জন্য আমরা উহাতে ভয়প্রদর্শনের রীতিও অবলম্বন করিয়াছি। আরও আদেশ করিয়াছেন : حم ، تنزيل من الرحمن الرحيم - كتاب فصلت اياته قرانا عربيا لقوم يعلمون - হা—মীম-পরম দয়াময় কৃপানিধান আল্লাহর নিকট হইতে অবতীর্ণ, ইহা এরূপ একটি গ্রন্থ যাহার শ্লোকগুলি পৃথক পৃথক ভাবে বিশ্লেষিত হইয়াছে, যাহারা বিদ্বান তাহাদের জন্য আরাবী কোরআন।

উল্লিখিত অকাট্য উদ্ধৃতিসমূহ প্রতিপন্ন করিতেছে যে, অনুবাদ ও তফছীর কোনক্রমেই কোরআন নয়। যে কোরআন আমাদের জন্য অবতীর্ণ করা হইয়াছে এবং যে কোরআনের পঠন ও আবৃত্তি, যিক্‌র ও অনুসরণ আমাদের জন্য ওয়াজিব, তাহা আরাবী কোরআন। উহার প্রকৃত উদ্দেশ্য ও তাৎপর্য অবগত হওয়া আরাবী ভাষার অভিজ্ঞতা ও অনুশীলনের উপর নির্ভর করে। তর্জমার শব্দগুলি ওহী ও প্রত্যাদেশ নয় এবং কোনক্রমেই অকাট্য নয়, উহাতে ভ্রম ও প্রমাদের অবকাশ সব সময়েই বিদ্যমান রহিয়াছে। কোন তর্জমাকেই অবিসম্বাদিত ও সুনিশ্চিত বলার উপায় নাই বরং সত্যকথা এইযে, শুধু আরাবী সাহিত্যে দক্ষতা অর্জন করিয়াও কোরআনের কতক শব্দ ও আদেশের অনুবাদ করা সম্ভব নয়। কারণ এই মহিমান্বিত গ্রন্থ কেবল আরাবী সাহিত্যেরই এক অমূল্য ও অনুপম সম্পদ নয়, ইহার শব্দগুলি বিভিন্ন অর্থের ধারক। আল্লামা আবুল ফযাইল আহমদ বিনে মোহাম্মদ বিনুল মুযাফ্‌ফর রাযী স্বীয় হুজাজুলকোরআন নামক চমৎকার গ্রন্থে সমুদয় পথভ্রষ্ট ও বিভ্রান্ত মুছলিমদলের মতবাদ ও উক্তিগুলির সন্ধান কোরআনেই প্রদান করিয়াছেন আর এই জন্যই গোমরাহ ও বিদ্আতির দল সকল ক্ষেত্রেই কোরআনকে আড়াল করিয়া ধরায় অভ্যস্ত

( ৩৪ পৃষ্ঠায় দেখুন )

www.ahlehadeethbd.org

ترجمان الحديث — তর্জুমানুল হাদীছ

اعوذبالله العظيم و نصلی و نسلم علی رسوله الكريم ـ
سبحانك لا علم لنا الا ما علمتنا انك انت العليم الحكيم ٭

# সংগীত চর্চা

( পূর্ব প্রকাশিতের পর )

## দ্বিতীয় হাদীছ

قال ابن ماجة : حدثنا عبـدالله بن سعيد، ثنا معن بن عيسى عن معاوية بن صالـح عن حاتـم بن حريث عن مالك بن ابى مريـم عن عبدالرحمـن بن غنم الاشعـرى عن ابى مالك الاشعـرى قال قال رسول الله صلے الله عليه و سلم ليشربن ناس من امتى الخمر يسمونها بغير اسمهـا، يعزف على رؤسهـم بالمعازف و المغنيات، يخسف الله بهـم الارض و يجعل منهم القردة و الخنازير ـ

ইব্‌নেমাজা অবিচ্ছিন্ন ছনদ সহকারে আবুমালিক আশ্‌আরীর প্রমুখাৎ রেওয়ায়ত করিয়াছেন যে, রছুলুল্লাহ (দঃ) বলিয়াছেন, আমার উম্মতের কতক ব্যক্তি মদ্যপান করিবে কিন্তু মদ্যকে অন্যনামে অভিহিত করিবে। গীত-বাদ্য ও গায়িকারদল লইয়া তাহারা বিভোর থাকিবে। আল্লাহ্ তাহাদিগকে মাটিতে ধ্বসাইয়া দিবেন এবং তাহাদের কতককে বানর ও শূকরে পরিণত করিবেন। *

হাফিয ইবনেহাব্বান, হাফিয ইব্‌নুলকাইয়েম ও শাহ ওলীউল্লাহ মুহাদ্দিছ প্রভৃতি বিদ্বানগণ এই হাদীছ-কে ছহীহ বলিয়াছেন। ‡

## তৃতীয় হাদীছ

ইমাম আহ্‌মদ, ইব্‌নো আবিশয়বা ও বুখারী তদীয় তারীখে আবুমালিক আশ্‌আরীর বাচনিক রেওয়ায়ত করিয়াছেন যে, রছুলুল্লাহ (দঃ) বলিয়াছেন আমার উম্মতের কতক ব্যক্তি মদ্যকে ভিন্ন নামে অভিহিত করিয়া পান করিবে, গায়িকা লইয়া রাত্রি ও গীত-বাদ্যে দিবস অতিবাহিত করিবে। †

ليشربن اناس من امتى الخمر يسمونها بغيـر اسمها، تغدوا عليهـم القيان وتروح عليهـم المعازف ـ

## চতুর্থ হাদীছ

তিরমিযী ইম্‌রান বিনে হুছাইনের প্রমুখাৎ রেওয়ায়ত করিয়াছেন যে, রছুলুল্লাহ ( দঃ ) ভবিষ্যবাণী করিয়াছেন, এই উম্মতেও ধ্বসিয়া যাওয়া, আকৃতি বিকৃত হওয়া ও প্রস্তর বর্ষিত হওয়ার ব্যাপার ঘটিবে। জনৈক মুছলমান জিজ্ঞাসা করিল, হে, আল্লাহর রছূল এই সকল ব্যাপার কখন ঘটিবে? রছুলুল্লাহ ( দঃ ) বলিলেন, যখন

فى هذه الامة خسف ومسخ و قذف! قال رجل من المسلميـن : يارسول الله متى ذلك؟ قال اذا ظهرت القيان و المعـازف و شـرب الخمر ـ

* ছুননে ইবনেমাজা, আকুবাত (২) ২৫৪ পৃঃ।
‡ নয়েলুলআওতার (৮) ৮৬; ইগাছাতুললহফান ২৯৬; হুজ্জা-তুল্লাহিলবালিগা ৩৭১ পৃঃ।

† ফত্‌হলবারী (১০) ৪৪ পৃঃ।

---

( ৩২ পৃষ্ঠার পর )

আর এই জন্যই হযরত উমর ফারূক এই শ্রেণীর লোকদের সম্বন্ধে আদেশ করিয়াছিলেন : رموهم بالسنة অর্থাৎ ছুন্নতের তীর বর্ষণ করিয়া উহাদের মুখ ফিরাইয়া দাও।

যাঁহারা মূল আরবী ভাষায় যথেষ্ট ব্যুৎপত্তি রাখিতেন, তাঁহাদের অবস্থা যদি এইরূপ হয়, তাহা হইলে যেসকল স্বয়ং সিদ্ধ মুজ্‌তাহিদ এবং অভিমানসর্বস্ব মূর্খের দল আরাবী ভাষায় সম্পূর্ণ অনভিজ্ঞ হওয়া সত্ত্বেও ইছলামের সংশোধন ও ব্যবচ্ছেদের কার্যে রত এবং মহামাননীয় মোহাম্মদী শরীঅ-তকে স্বয় প্রবৃত্তি চরিতার্থ করার উপকরণে পরিণত করিতে সমুৎসুক, তাহাদের অবস্থা যে কি, তাহা সহজেই কল্পনা করা যাইতে পারে।

(আগামীবারে সমাপ্য)

www.ahlehadeethbd.org

গায়িকার দল ও গীতবাদ্য প্রকাশ লাভ করিবে এবং মদ্যপান করা হইবে। ¶

হাফিয মনযরী বলেন, তিরমিযী এই হাদীছটিকে আবদুল্লাহ বিনে আবদুলকুদ্দুছের মাধ্যমে বর্ণনা করিয়াছেন এবং তাঁহাকে বিশ্বস্ত বলা হইয়াছে। এই হাদীছটি আ'মশও আবদুররহমান বিনে ছাবিতের মাধ্যমেও মুর্ছল আকারে বর্ণিত হইয়াছে। §

## পঞ্চম হাদীছ

আতা জাবিরের প্রমুখাৎ রেওয়ায়ত করিয়াছেন যে, একদা রছুলুল্লাহ (দঃ) আবদুররহমান বিনে আওফ সমভিব্যাহারে খুর্মার উদ্যানে গমন করিলেন, অকস্মাৎ রছুলুল্লাহর (দঃ) শিশুপুত্র ইব্রাহীমের মুমূর্ষু দশা উপস্থিত হইল। রছুলুল্লাহ (দঃ) পুত্রকে ক্রোড়ে ধারণ করিলেন, তাঁহার চক্ষু অশ্রুভারাক্রান্ত হইল। আবদুররহমান রছুলুল্লাহ (দঃ) কে বলিলেন, আপনি ক্রন্দন করিতেছেন? অথচ আপনি সকলকে ইহার জন্য নিষেধ করিয়া থাকেন! রছুলুল্লাহ (দঃ) বলিলেন, আমি এরূপ ক্রন্দন করিতে নিষেধ করিনাই, আমি দুই প্রকার নির্বোধ ও দুষ্ট শব্দ করিতে নিষিদ্ধ হইয়াছি: প্রথম, বাদ্য, খেল-তামাশা ও শয়তানের ঢোলকের শব্দ, দ্বিতীয় বিপদের সময়ে মুখে ও বুকে চপেটাঘাত ও বুকের কাপড় ছিন্ন করিয়া ফেলা এবং উচ্চৈঃস্বরে ক্রন্দনের আওয়াজ।

انى لم انه عن البكاء
و انما نهيت عن
صوتين احمقين فاجرين:
صوت عند نغمة لهو
و لعب و مزامير
الشيطان و صوت عند
مصيبة خمش وجوه
و شق جيوب و رنة -

ইমাম তিরমিযী, ইমাম বয়হকী, ইব্নেজওযী ও ইব্নেতয়মিয়াহ প্রভৃতি স্ব স্ব গ্রন্থে এই হাদীছের অবতারণা করিয়াছেন এবং তিরমিযী ইহাকে হাছান ছহীহ বলিয়াছেন। ইব্নে-ছ'আদ এ' হাদীছকে স্বীয় ছুননে এবং ইব্নে আবিশয়বা, ইছ্হাক বিনে রাহ্ওয়ে, আব্দ বিনে হুমায়দ ও আবুদাউদ তয়ালাছী জাবিরের প্রমুখাৎ এবং বয্যার ও আবুইয়োলা এবং হাকেম, বিয়ামকূদছী ও ছয়ূতীও স্বস্বগ্রন্থে এই হাদীছের অবতারণা করিয়াছেন।

## ষষ্ঠ হাদীছ--

ইমাম তিরমিযী আবুহোরায়রার বাচনিক রেওয়ায়ত করিয়াছেন যে, রছুলুল্লাহ (দঃ) বলিয়াছেন, যখন যুদ্ধলব্ধ সম্পদ ব্যক্তিগত ধনরূপে পরিগৃহীত এবং গচ্ছিত ধন লুটের মালে পরিণত এবং যাকাত দণ্ড বলিয়া বিবেচিত হইবে এবং দীনের সেবা ছাড়া অন্য উদ্দেশ্যে বিদ্যাশিক্ষা করা হইবে এবং মানুষ নারীর অনুগত হইবে এবং জননীকে বর্জন করিবে। বন্ধুজনকে নিকটতর এবং পিতাকে দূরবর্তী করিয়া ফেলিবে, যখন মছজিদে চেঁচামেচি শুরু হইয়া যাইবে এবং গোত্রের অধিনায়ক অনাচারী আর সমাজের নেতারা নিকৃষ্ট ব্যক্তি হইবে আর যখন মানুষকে শুধু তাহার অনিষ্টসাধনের ক্ষমতার জন্য সম্মান প্রদর্শন করা হইবে, নর্তকী ও গায়িকার দল এবং গীতবাদ্য প্রকাশ্য হইয়া পড়িবে, মদ্যপান করা হইবে এবং জাতির পরবর্তীরা পূর্ববর্তীদিগকে অভিসম্পাৎ করিবে—তখন তোমরা প্রবল - রক্তবর্ণ ঘুর্ণিবাত্যা, ভূমিকম্প, মাটি ধ্বসিয়া যাওয়া, আকৃতি-বিকৃত হওয়া ও প্রস্তরবর্ষণের জন্য অপেক্ষা করিও।

اذا اتخذ الفئى دولا،
والامانة مغنما والزكوة
مغرما و تعلم لغير
الدين و اطاع الرجل
امراته و عق امه و
ادنى صديقه و اقصى
اباه، و ظهرت الا
صوات فى المساجد و
سادالقبيلة فاسقهم وكان
زعيم القوم ارذلهم
و اكرم الرجل مخافة
شره و ظهرت القينات
و المعازف و شربت
الخمور و لعن آخر هذه
الامة اولها، فليرتقبوا
عند ذلك ريحا حمراء و
زلزلة و خسفا و مسخا
وقذفا الى آخر الحديث

এই হাদীছের রাবী মোহাম্মদ বিনে ইয়াযীদ ও মুছ্তালিম বিনে ছঈদ নবম শ্রেণীর বিশিষ্ট ও বিশ্বস্ত বিদ্বানগণের অন্তর্ভুক্ত। ¶

¶ জামে-তিরমিযী (৩) ২২৫ পৃঃ।

§ তরগীব তরহীব, ৪৪৩ পৃঃ।

+ তিরমিযী, জানায়েয; ছুনানে বয়হকী (৪) ৬৯ পৃঃ; নয়লুল আওতার (৮) ৮৬ পৃঃ।

¶ তিরমিযী ও তুহ্ফা (৩) ২২৫ পৃঃ।

www.ahlehadeethbd.org

**সপ্তম হাদীছ**

ইমাম আহ্মদ ও আবূদাউদ আবদুল্লাহ বিনে আম্‌র-বিনুল আছের প্রমুখাৎ রেওয়ায়ত করিয়াছেন যে, রছুলুল্লাহ (দঃ) মদ, জুয়া, ঢোলক এবং তাড়িকে নিষিদ্ধ করিয়াছেন এবং আদেশ দিয়াছেন যে, সমুদয় মাদক দ্রব্য হারাম। * نهى رسول الله صلے الله عليه و سلم عن الخمر والميسر و الكـوبة و الغبيراء، و قال كل مسكر حرم

ইমাম আহ্মদ এই হাদিছটী আবদুল্লাহ বিনে আব্বাছের বাচনিক রেওয়ায়ত করিয়াছেন। তিনি বলিয়াছেন, রছুলুল্লাহ (দঃ) আদেশ করিয়াছেন, আল্লাহ সুরা, জুয়া ও ঢোলক-কে হারাম করিয়াছেন এবং সমুদয় মাদক দ্রব্য হারাম। ان الله حرم الخمر و الميسر و الكوبـة و كل مسكر حرم

ইমাম আহ্মদের আর একটি রেওয়ায়তের ভাষা এইযে, রছুলুল্লাহ(দঃ)বলিলেন, আল্লাহ আমার উম্মতের জন্ত সুরা, জুয়া, মাদক, ঢোলক ও তম্বুরাকে হারাম করিয়াছেন। ان الله حرم على امتى الخمر و الميسر والمزر و الكوبة والقنين -

ছুফ্‌ইয়ান আলী বিনে বেযিমার উক্তি উধৃত করিয়াছেন যে, কুবার অর্থ হইতেছে ঢোলক, কেহ কেহ বর্বৎ নামক বাদ্য যন্ত্রকেও কুবা বলিয়াছেন আর কিনীনের অর্থ হইতেছে তম্বুরা †

**অষ্টম হাদীছ**

ইমাম আহ্মদ, আবু দাউদ ও ইব্‌নেমাজা নাফে' এর বাচনিক রেওয়ায়ত করিয়াছেন যে, একদা আবদুল্লাহ বিনে উমর রাখালের বাঁশী শ্রবণ করা মাত্র স্বীয় কর্ণে আঙ্গুল প্রদান করিলেন এবং অবলম্বিত পথ পরিত্যাগ করিলেন ইব্‌নে উমর বারম্বার আমাকে জিজ্ঞাসা করিতেছিলেন, নাফে', তুমি কি বাঁশীর স্বর শুনিতেছ? আর আমি বলিতেছিলাম হাঁ। নাফে' বলিতেছেন, আমি যতক্ষন পর্যন্ত তাঁহাকে বলিলামনা যে, আর শুনা যাইতেছেনা, তিনি পথ ছাড়িয়া গমন করিতেই থাকিলেন, অবশেষে আমি তাঁহাকে বলিলাম যে, আর শুনা যাইতেছেনা, তখন তিনি তাঁহার কর্ণ হইতে আঙ্গুল উত্তোলন করিলেন এবং সওয়ারী ঠিক পথে পরিচালিত করিলেন এবং বলিলেন, আমি রছুলুল্লাহ (দঃ) কে রাখালের বাঁশী শুনিয়া এইরূপ করিতে দেখিয়া ছিলাম।¶ رايت رسول الله صلے عليه و سلم سمع زمارة راع فصنع مثل هذا ؟

কেহ কেহ এই হাদীছটিকে অস্বীকার করিয়াছেন কিন্তু অস্বীকৃতির কারণ উল্লেখ করেননাই। আবু-দাউদের ছনদের রাবীগণ সকলেই বিশ্বস্ত এবং ইহা অধিকতর বিশ্বস্ত রাবীগণর কোন রেওয়ায়তের প্রতি-কূল ও নয়। ইব্‌নেতাহের-বলেন, হাদীছটি শুধু ছুলায়মান বিনে মুছার উপরেই নির্ভর করিতেছে! কিন্তু শমছুদ্দীন ইব্‌নে আবুলহাদী ইহার জওয়াবে বলিয়াছেন যে, ছুলায়মান অবিশ্বস্ত নহেন। তদুপরি এই হাদীছটিকে ছুলায়মান ব্যতীত ময়মুন বিনে মিহ্‌রাণ ও মুত্‌ইম বিনুল মিকদাম নাফে'এর বাচনিক রেওয়ায়ত করিয়াছেন। এই দুইটি রেওয়ায়ত মুছ্‌নদে আবুইয়োলা ও তাবারাণীতে মওজুদ রহিয়াছে। সুতরাং হাদিছটি একমাত্র ছুলায়মানের উপর নির্ভর করার অভিযোগ অলীক। আর কেহ এই আপত্তিও তুলিয়াছেন যে, ইব্‌নেউমর নাফে' কে রাখালের বাঁশী শ্রবণ করিতে নিষেধ করেননাই। এ কথার জওয়াব এই যে, অন্ত রেওয়ায়তে স্বয়ং নাফে বলিয়াছেন, আমি সে সময় অল্প-বয়স্ক ছিলাম! * و انى كنـت اذ ذاك صغيرا–

**নবম হাদীছ**

ইব্‌নে-আবিদ্দুনুয়া ছনদ সহকারে জননী আয়েশার প্রমুখাৎ রেওয়ায়ত করিয়াছেন যে, রছুলুল্লাহ (দঃ) বলিয়াছেন, আমার উম্মতেও ধ্বসিয়া যাওয়া ও আকৃতি বিকৃত হওয়া এবং প্রস্তর বর্ষিত হওয়ার ব্যাপার ঘটিবে! আয়েশা বলিলেন, অথচ তাহারা 'লা-ইলাহা-ইল্লাল্লাহ' ও বলিতেথাকিবে? রছুলুল্লাহ(দঃ) يكون فى امتى خسف ومسخ وقذف ! قالت عائشة : يا رسول الله وهم يقولون : لااله الا الله ؟ فقال : اذا ظهرت القينات و ظهر

* আবুদাউদ, ছুনন (৩) ৩৭০ পৃঃ।

† নয়েলুল আওতার (৮) ৮৬ পৃঃ; ইগাছা, ২৯৭ পৃঃ।

¶ আবুদাউদ (৩) ৪৩৪ পৃঃ।

* আওনুল মাবুদ (৪) ৪৩৫ পৃঃ।

الزنى و شربت الخمر و لبس الحرير كان ذا عند ذا ।

বলিলেন, যখন নর্তকী ও গায়িকার দল বাহির হইবে, ব্যাভিচার প্রকাশ লাভ করিবে, মদ্যপান করা হইবে আর রেশম পরিধান করা হইবে, তখনই এইরূপ হইবে। ‡

## দশম হাদীছ

ইমাম ইব্‌নে জওযী ছনদ সহকারে ছফ্‌ওয়ান বিনে উমাইয়ার প্রমুখাৎ রেওয়ায়ত করিয়াছেন যে, আমরা একদা রছুলুল্লাহর (দঃ) নিকট উপবিষ্ট ছিলাম, এমন সময় আম্‌র বিনে কুর্‌রা আগমন করিল এবং বলিল, হে আল্লাহর রছুল, আমাকে আল্লাহ দুর্ভাগা করিয়াছেন, হাতে দফ বাজাইয়া জীবিকার সংস্থান করা ছাড়া আমার অন্য উপায় নাই। অতএব আপনি আমাকে, যাহা অশ্লীল নয়, এরূপ সংগীত চর্চার অনুমতি দান করুন। রছুলুল্লাহ (দঃ) বলিলেন, আমি তোমাকে কিছুতেই ইহার অনুমতি দিবনা, তোমাকে কোন প্রশ্রয় দিবনা এবং তোমাকে কোন প্রকার অনুগ্রহ করা হইবেনা। তুমি আল্লাহর শত্রু, তুমি মিথ্যা কথা বলিতেছ, আল্লাহ তোমাকে পবিত্র ও বিশুদ্ধ জীবিকা প্রদান করিয়াছেন, কিন্তু তুমি তাঁহার পবিত্র জীবিকার পরিবর্তে অপবিত্র জীবিকা অবলম্বন করিয়াছ! আমি যদি তোমাকে পূর্বে সতর্ক করিয়া দিতাম, তাহাহইলে তোমাকে আজ কঠোর শাস্তি প্রদান করিতাম। তুমি আমার নিকট হইতে দূর হও, আর আল্লাহর কাছে তওবা কর। স্মরণ রাখিও, তোমাকে সতর্ক করিয়া দেওয়ার পরও যদি তুমি পুনরায় এই কার্য কর, তাহাহইলে আমি তোমাকে ভীষণ ভাবে প্রহার করিব, তোমার চেহরা বিকৃত করার জন্য মস্তক মুড়াইয়া দিব এবং তোমাকে তোমার পরিবারবর্গ হইতে বিচ্ছিন্ন করিয়া দেশ বিতাড়িত করিব আর তোমার ধনসম্পদ মদীনার যুবকদলের মধ্যে লুটাইয়া দিব। এই সকল কথা শ্রবণ করিয়া আম্‌র বিনে-কুর্‌রা অত্যন্ত লাঞ্ছিত ও বিষণ্ণ ভাবে উঠিয়া চলিয়া গে । তখন রাছুলুল্লাহ(দঃ) বলিলেন, এই পাপীর দল, যাহারা তাহাদের মধ্যে তওবা না করিয়া মরিবে, তাহাদিগকে আল্লাহ সম্পূর্ণ উলঙ্গ করিয়া কিয়ামতে উত্থিত করিবেন, তাহাদের দেহে একটা ছেঁড়া ন্যাকড়াও থাকিবেনা! আর যখনই তাহারা দাঁড়াইতে চেষ্টা করিবে, অমনি মৃগী রোগীর মত পড়িয়া যাইবে। †

كنا مع رسول الله صلى الله عليه و سلم فجاء عمرو بن قرة فقال : يارسول الله ان الله غروجل قد كتب على الشقوة فما اراني ارزق الا من دفى بكفى فاذن لى فى الغناء فى غير فاحشة - فقال له رسول الله صلى الله عليه وسلم : لا اذن لك ولا كرامة ولا نعمة عين، كذبت ياعدو الله، لقد رزقك الله حلا لا طيبا فاخترت ما حرم الله عليك من رزقه مكان ما احل الله لك من حلا له، و لوكنت تقدمت اليك لفعلت بك و فعلت ! قم عنى وتب الى الله عز وجل ! اما انك ان قلت بعد التقدمة اليك ضربتك ضربا وجيعا، و حلقت راسك مثلة و نفيتك من اهلك، و احللت سلبك نهبة لفتيان المدينة - فقام عمرو و به من الشر و الخزى ما لا يعلمه الا الله عزوجل ! فلما ولى، قال رسول الله صلى الله عليه و سلم : هؤلاء العصاة من مات منهم بغير توبة حشره الله عريانا لا يستتر بهدبة كلما قام صرع !

## একাদশ হাদীছ

আবুদাউদ ও বয়হকী আবদুল্লাহ বিনে মছ্‌উদের বাচনিক রছুলুল্লাহর (দঃ) এই উক্তি রেওয়ায়ত করিয়াছেন যে, গীতবাদ্য মানুষের মনে কপটতা সৃষ্টি الغناء ينبت النفاق فى القلب। করিয়াথাকে। বয়হকী এই হাদীছকে মওকুফ অর্থাৎ ছাহাবীর উক্তি রূপেও রেওয়ায়ত করিয়াছেন এবং ইব্‌নেআদী ইহাকে আবুহোরায়রার প্রমুখাৎ বর্ণন করিয়াছেন! ইব্‌নে-ছছরা তাঁহার ইমালীতে এই হাদীছ আবদুল্লাহ বিনে আব্বাছের প্রমুখাৎ, বয়হকী জাবিরের বাচনিক ও দয়লমী আনছ বিনে মালিকের বাচনিক রেওয়ায়ত করিয়াছেন। আল্লামা শওকানী বলিয়াছেন, এই হাদীছটি বিভিন্ন রেওয়ায়তে প্রমাণিত সাব্যস্ত হইয়াছে। §

## দ্বাদশ হাদীছ

ইমাম আহমদ ও তির্‌মিযী আবু উমামার প্রমুখাৎ

( ৩৮ পৃষ্ঠায় দেখুন )

‡ ইগাছা (১) ২৬৪ পৃঃ।

† নক্‌দুল ইল্‌ম, ২৪৯ পৃঃ।

§ নয়লুল আওতার (৮) ৮৩ ও ৮৬ পৃঃ ; ছুননে আবুদাউদ (৪) ৪৩৫ পৃঃ।

www.ahlehadeethbd.org

Contents

# المباحثة المنظرة
# বিতর্ক ও বিচার

## কাস্পান্ত কমিশনের রিপোর্ট

মোহাম্মদ আবদুল্লাহেল কাফী
আল্-কোরায়শী

১৯৫৫ সালের ৪ঠা আগাস্ট পাক-সরকার মুছ্‌লিম-সমাজের বিবাহ, তালাক ও ভরণ-পোষণ বিষয় সমূহে সংস্কার-মূলক ব্যবস্থা নিরুপণ কল্পে চারি জন পুরুষ ও তিনজন মহিলার এক কমিশন নিযুক্ত করেন। ১৯৫৬ সালের ২০শে জুন তারীখের গেজেট-অফ্-পাকিস্তানে উক্ত কমিশনের রিপোর্ট প্রকাশিত হইয়াছে। কমিশনের অন্যতম সদস্য মওলানা ইহ্‌তিশামুলহক থানবী ব্যতীত অপরাপর সদস্যগণ নরনারী নির্বিশেষে প্রকাশিত রিপোর্টের সহিত একমত হইয়াছেন বলিয়া বোঝা যাইতেছে। উল্লিখিত রিপোর্টের সংক্ষিপ্ত পর্য্যালোচনে প্রবৃত্ত হওয়াই বক্ষমান নিবন্ধের উদ্দেশ্য।

এই রিপোর্টের পক্ষে ও বিপক্ষে যে সকল আলোচনা বাহির হইয়াছে, সেগুলির মধ্যে কোনএকটির সংগেও আক্ষরিক ভাবে একমত হইতে না পারিলেও মোটামুটিভাবে

---

( ৩৭ পৃষ্ঠার পর )

রেওয়ায়ত করিয়াছেন, রছুলুল্লাহ (দঃ) বলিয়াছেন, নর্তকীও গায়িকাদাসী বিক্রয় করিওনা, উহা ক্রয়ও করিওনা উহাদিগকে গীতবাদ্য শিক্ষা দিওনা, উহাদের ব্যবসায়ে কল্যাণ নাই। গায়িকা ও নর্তকীদের উপার্জ্জন হারাম।

لا تبيعو االقيـــنات و لاتشترو هن و لاتعلمو هن و لاخير فى تجارة فيهن و ثمنهن حرام !

এই হাদীছ ইব্‌নেমাজা ছঈদ-বিনে মনছুর ও ওয়াহেদীও রেওয়ায়ত করিয়াছেন। এই হাদীছের অন্যতম রাবী আবদুল্লাহ বিনে যহরকে কেহ কেহ দুর্বল বলিলেও ইমাম বুখারী তাঁহাকে বিশ্বস্ত বলিয়া সাক্ষ্য দিয়াছেন। ¶

শওকানী লিখিয়াছেন, নর্তকী ও গায়িকা দাসীর ক্রয় বিক্রয় নিষিদ্ধ হইবার হাদীছ বহু রেওয়ায়তে প্রমাণিত হইয়াছে।

احاديث النهى عن بيع القينات المغنيات ثابتة من طرق كثيرة -

গীতবাদ্যের নিষিদ্ধতা সম্পর্কে, ইমাম আহ্‌মদ, বুখারী, আবুদাউদ, ইব্‌নেমাজা, বয়হকী, দয়ালমী, ইবনেহাব্বান ইব্‌নো আবিদ্দুনিয়া, আবুইয়োলা, বয্‌যার প্রভৃতি মুহাদ্দিছগণ কর্তৃক বর্ণিত সর্বশুদ্ধ দ্বাদশটি হাদীছ সমুপস্থিত করা হইল। এই সকল হাদীছের অধিকাংশই প্রমাণিত আর যেগুলি সম্বন্ধে কোন কোন বিদ্বান কিঞ্চিন্মাত্র সন্দেহও উপস্থিত করিয়াছেন, তাহা সম্যকরূপে অপনোদন করা হইয়াছে। যে সকল হাদীছের দোষত্রুটি সম্পর্কে সন্তোষজনক জওয়াব দেওয়া সম্ভবপর হয়নাই, গীতবাদ্যের নিষিদ্ধতা সম্পর্কে এরূপ ধরণের হাদীছের সংখ্যা শতাধিক হইবে। এই হাদীছগুলির সন্ধান জানিতে হইলে ইমাম ইব্‌নে জওযীর তল্‌বীছে ইব্‌লীছ, হাফিয ইবনুল কাইয়েমের ইগাছাতুল লহফান ও ইমাম ইব্‌নো আবিদ্দুন্‌য়ার যম্মুল-মলাহী পুস্তকগুলি পাঠকরা কর্তব্য। হাদীছ শাস্ত্র-বিশারদগণের রীতি অনুসারে উল্লিখিত দুর্বল হাদীছগুলি বলিষ্ঠ ও ছহীহ হাদীছ সমূহের পোষকতায় অবশ্যই উপস্থিত করা যাইতে পারে। সংগীত চর্চার সমর্থক দলের শ্রেষ্ঠ অবলম্বন ইমাম শওকানী স্বয়ং স্বীকার করিতে বাধ্য হইয়াছেন যে, দুর্বল হাদীছগুলি সমষ্টিগত ভাবে প্রমাণ স্বরূপ গৃহীত হওয়ার যোগ্য, বিশেষতঃ এগুলির কতক হাছান হাদীছের পর্যায়ভুক্ত। সর্বস্ন্যনকল্পে এই দুর্বল হাদীছগুলি 'হাছান-লে-গায়রেহী' হাদীছ সমূহের শ্রেণীভুক্ত। †

انها تنتهض بمجموعها و لاسيما [و قد حسن بعضها، فاقل احوالها ان تكون من قسم الحسن لغيره -

¶ জামে তিরমিযী (২) ২৫৯ পৃঃ; ইগাছা (১) ২৬৩ পৃঃ।

† নয়লুল আওতার (৮) ৮৬ পৃঃ ( নূতন সংস্করণ )

www.ahlehadeethbd.org

Contents



রিপোর্টের স্বরূপ প্রকাশ হইয়া পড়িয়াছে মনে করিয়া এ-সম্পর্কে স্বতন্ত্রভাবে আমার অভিমত ব্যক্ত করা আমি আবশ্যক মনে করিনাই। বিশেষতঃ দফ্তর সংক্রান্ত ও ব্যক্তিগত নানা প্রতিকূল অবস্থাও এই কার্যে ব্রতী হইবার পথে অন্তরায় ছিল। কিন্তু আহলে-জামাআত ও বন্ধুবান্ধবের আগ্রহাতিশয্যে অত্যন্ত বিলম্ব হওয়া সত্ত্বেও শেষপর্যন্ত আমি এই রিপর্টের সংক্ষিপ্ত ও মোটামুটি আলোচনায় প্রবৃত্ত হইতে বাধ্য হইতেছি!

وان اريد الا الاصلاح ما استطعت، و ما توفيقى الا بالله عليه توكلت و اليه انيب -

( ১ )

## বৈধতার প্রশ্ন

পুরাতন ও অত্যাধুনিক নারীনিগ্রহ সম্পর্কে তদন্ত এবং উহার শরীঅত-ভিত্তিক সমাধানের উপায় নির্ধারণকল্পে কমিশন নিয়োগ করার কার্য আমি সর্বান্তঃকরণে সমর্থন করি। কারণ বিবাহ, তালাক ও ভরণ-পোষণ সম্পর্কে বহু অসহায়া নারী পুরুষদের হস্তে যেরূপ নিষ্ঠুর ও বেআ-ইনী ভাবে নিপীড়িত হইয়া আসিতেছে, পক্ষান্তরে আধুনিকা নারীসমাজের একটি দল অন্ধপ্রগতির মায়া-মরীচিকার পিছনে ছুটিয়া পুরুষদের স্বার্থপরতা ও প্রবৃত্তি পরায়ণতার যুপকাষ্ঠে মাতৃত্ব ও নারীত্বের সমুদয় মহিমা ও গৌরবকে যেভাবে উৎসর্গ করিতে আগ্রহান্বিতা হইয়াছে এবং এই দ্বিবিধ পরস্পর বিরোধী পরিস্থিতিতে আমাদের জাতীয় জীবন যে সঙ্কটজনক পরিণতির দিকে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে— সেসব কথা অস্বীকার করা অন্ধত্বেরই পরিচায়ক। সুতরাং এসকল বিষয়ের জন্য কমিশনের নিয়োগ বাঞ্ছিত ও অপরিহার্য।

কিন্তু আলোচ্য দাম্পত্য-কমিশন যে পরিপ্রেক্ষিতে গঠিত ও উহাতে যে নীতি, উদ্দেশ্যও কার্যক্রম অনুসৃত হইয়াছে, তাহা নিয়মতান্ত্রিক না হওয়ায় আমি প্রথমেই উহার বৈধতা সম্পর্কে আপত্তি উত্থাপিত করিতেছি। কারণ

পাকিস্তান শাসনতন্ত্রের দ্বাদশ অধ্যায়ের ২০৫ অনুচ্ছেদে দ্ব্যর্থহীন ভাষায় বলা হইয়াছে :

প্রথম উপধারা, কোরআন ও ছুন্নাহর পরিপন্থী কোন আইন বিধিবদ্ধ করা হইবেনা এবং প্রচলিত আইনগুলিকে ইছলামী বিধানের সহিত সুসমঞ্জস করা হইবে।

২য় উপধারা, তৃতীয় উপধারায় যে পদ্ধতি উল্লিখিত হইয়াছে, শুধু উক্ত পদ্ধতি অনুসরণ করিয়াই প্রথম উপধারাকে কার্যকরী করা হইবে।

৩য় উপধারা, শাসনতন্ত্র দিবস হইতে এক বৎসর কালের মধ্যে ছদরে রিয়াছত ( রাষ্ট্রাধিনায়ক ) কর্তৃক একটি কমিশন নিয়োগ করা হইবে। এই কমিশনের কার্যক্রম হইবে —

(ক) ইছ্লামের যে সকল বিধানকে আইনাকারে পরিণত করা যাইতে পারে, জাতীয় এবং প্রাদেশিক পরিষদসমূহের অনুসরণোপযোগী করিয়া ইছ্লামের সেইসকল বিধানের সমুচিত আকারে সংকলন।

(খ) ইছ্লামী বিধান সমূহকে কার্যকরী করার ক্রামিক পন্থা উদ্ভাবিত করিয়া এবং প্রচলিত আইনগুলিকে ইছ্লামী বিধানের সহিত সুসমঞ্জস করিয়া তাহাদের ছুফারিশ সমুপস্থিত করা।

---

1. ARTICLE 205,

Clause (i) No law shallbe enacted which is repugnant to the injunctions of Islam as laid down in the Holy Quran and Sunnah, hereinafter referred to as injunctions of Islam and the existing laws shall be brought in to Conformtiy with such injuncttions.

(ii) Effect shall be given to the proviseins of clause (1) only in the manner Provided in clause (3).

(iii) Within one year of the Constitution day, the President shall appoint a Commission—

(a) to compile in a suitable form, for the guidance of the National and Provincial Assemblies such injunctins of Islam as can be given Legislative effect, and

(b) to make recommendations

as the steps and stages by which the injunctions of Islam should be given effect.

The Commission shall submit its final report wethin five years of its appointment ... the report shall be laid before the National Assembly within six manths of its report and the Assembly after considering the report shall enact laws in respect thereof.

EXPLANATION In the application of this article to the personal-law of any Muslim sect. the expression Quran and Sunnah shall mean the Quran and Sunnah as interpreted by that sect. The Gazstte of pakistan, Extra, Jan, 8, 1956.

www.ahlehadeethbd.org

Contents



(গ) কমিশন তাহার নিয়োগের পরবর্তী পাঁচ বৎসর কালের মধ্যে তাহার রিপোর্ট পেশ করিবে এবং ইহার ছয়মাস কাল মধ্যে উক্ত রিপোর্ট জাতীয় পরিষদে উপস্থাপিত করা হইবে এবং পরিষদ সংগত মনে করিলে উহাকে আইনে পরিণত করিবে।

**ব্যাখ্যা**—মুছলমানগণের যে সম্প্রদায় তাহাদের ব্যক্তিগত আইন (*Personal Law*) সম্পর্কে কোর্‌আন ও ছুন্নাহ বলিতে কোরআন ও ছুন্নাহর যে ব্যাখ্যা বুঝিয়া থাকে, উল্লিখিত দফার প্রয়োগ সম্বন্ধে সেই সম্প্রদায়ের সেই ব্যাখ্যাই গ্রহণ করা হইবে।

এক্ষণে দাম্পত্য কমিশনের বাস্তব অবস্থা এইযে,

১। শাসনতন্ত্রের ২০৫ অনুচ্ছেদের ৩য় উপধারা অনুসারে এই কমিশনের নিয়োগ ছদ্‌রে-রিয়াছত কর্তৃক হয় নাই। শাসনতন্ত্র পরিগৃহীত হইয়াছে ১৯৫৬ সালের জানুয়ারী মাসে আর পাক-সরকার কর্তৃক দাম্পত্য-কমিশন উহার ৫ মাস পূর্বে গঠিত হইয়াছিল। সুতরাং শাসনতন্ত্র বলবৎ হইবার পর উহার পূর্ববর্তী ধর্মীয় ও সমাজ সংস্কার মূলক কমিশন নিয়মতান্ত্রিক ভাবে অচল। অতএব এই কমিশন ও উহার রিপোর্ট অবৈধ।

২। দাম্পত্য কমিশনের কার্যক্রম ছদরে-রিয়াছত কর্তৃক নিযুক্ত কমিশনের কার্যক্রম হইতে সম্পূর্ণ ভিন্ন। অতএব এই কমিশন ও উহার রিপোর্ট অবৈধ।

৩। পাক শাসনতন্ত্রে স্পষ্টভাষায় উক্ত হইয়াছে যে, বিবাহ, তালাক প্রভৃতি *Persnoal law* সম্পর্কে কোরআন ও ছুন্নাহর যেরূপ ব্যাখ্যা মুছলমানগণের যে সম্প্রদায় মান্য করিয়া চলেন, তাহাই আইনতঃ প্রামাণ্য বলিয়া গণ্য হইবে। বিবাহ ও তালাক ইত্যাদি সম্পর্কিত ব্যাপারে কমিশনের সদস্যগণ কোরআন ও হাদীছের যে ব্যাখ্যা গ্রহণ-যোগ্য মনে করিবেন, তাহা কোন সাম্প্রদায়ের ঘাড়ে চাপাইয়া দেওয়া হইবেনা। সুতরাং মুছলমান সমাজের (*Personal low*) সম্পর্কিত ব্যাপারে দাম্পত্য কমিশনের তিন পুরুষ ও তিন মহিলার নিজস্ব ব্যাখ্যার কানাকড়িও মূল্য নাই। অতএব উহা অবৈধ।

(২)

## কমিশনের আলোচনীয় বিষয়বস্তু ও কার্যক্রম,

দাম্পত্য কমিশন যে কার্যক্রম (*Terms of reference*) অনুসরণ করার জন্য উপদিষ্ট হইয়াছিলেন, তাহার বিবরণ রিপোর্টের সূচনাতেই রহিয়াছে—

ইছলামের বুনিয়াদী আদর্শ অনুসারে সমাজে নারীকে যথাযোগ্য আসন প্রদান করার জন্য মুছলমানদের মধ্যে প্রচলিত বিবাহ তালাক ভরণ-পোষণ ও অন্যান্য পরাধীনতা সূচক [Ancillary] আইনগুলি সংশোধনসাপেক্ষ কি না, তাহা নির্ণয় করা। বিবাহ ও তালাক রেজিস্টারী সাপেক্ষ কি না, পুরুষের মত নারীও কোর্ট অথবা অন্তবিধ বিচারালয়ের মধ্যস্থতায় স্বামীকে তালাক দিবার অধিকারিণী কি না এবং শুধু নারীদের স্বার্থ সংরক্ষণের উদ্দেশ্যে ত্বরিতগতিতে বিচারকার্য সমাধা করার জন্য বিশেষ বিচারালয় গঠন করা আবশ্যক কিনা, সে সম্বন্ধেও কমিশনকে সিদ্ধান্ত গ্রহণ করিতে বলা হইয়াছিল।

রিপোর্টে প্রকাশ যে, উপরিউক্ত প্রশ্নগুলির সমাধান কল্পে কমিশন লিখিত ভাবে জনমতও সংগ্রহ করিয়াছিলেন।

ইছলামের বুনিয়াদী আদর্শ অনুসারে সমাজে নারীর যথাযোগ্য আসন নির্ণয় করার মান কি হইবে, সর্বপ্রথম তাহা স্থির করার ভার কশিনকে সমর্পণ করা উচিত ছিল। কারণ ইহাই স্থিরকৃত না হওয়া পর্যন্ত মুছলমানগণের মধ্যে প্রচলিত বিবাহ ও তালাক এবং ভরণ-পোষণ সংক্রান্ত আইনগুলি নারীদের অমর্যাদার কারণ হইয়াছে, ইহা প্রতিপন্ন করা সম্ভবপর নয়। এই সকল আইনের বহুলাংশ কোরআন ও ছুন্নাহভিত্তিক আর কোরআন ও ছুন্নাহভিত্তিক আইনগুলি নারীদের পক্ষে অমর্যাদার কারণ নয় এবং পরাধীনতাসূচকও নয়।

ইছলামী বিধানের কোন অংশ বিশেষতঃ নরনারীর যোগাযোগ সম্পর্কিত ব্যবস্থাগুলির পরিবর্তন ও সংশোধন গণতান্ত্রিক নিয়মে সাধিত হইতে পারেনা। জনমত আহ্বান করিয়া কোরআন ও ছুন্নাহর নির্দেশসমূহের সংশোধনের প্রচেষ্টা বাতুলতার পরিচায়ক নাহইলেও ইহা যে ইল্‌হাদ ও অনাচারের লক্ষণ, তাহাতে সন্দেহের অবকাশ নাই। নরনারীর সম্পর্ক কোরআনী জীবন ব্যবস্থার অচ্ছেদ্য অংশ, দাম্পত্য সম্পর্ক ইবাদতের পর্যায়ভুক্ত, ইহা শুধু চুক্তি (Contract) নয়, ইহাকে *Sacramental Contract* বলা যাইতে পারে। আসল ধর্মকে পরিত্যাগ বা অস্বীকার করার পথে বাধা নাথাকিতে পারে, কিন্তু ধর্মকে স্বীকার করিয়া এবং পাকিস্তানকে ধর্মভিত্তিক রাষ্ট্র রূপে মানিয়া

www.ahlehadeethbd.org

Contents



লইয়া ধর্মীয় সংস্কারমূলক চুক্তিকে অস্বীকার করা বা রদবদলে ব্রতী হওয়া বিশ্বাসঘাতকতার পরিচায়ক।

আমার মনে হয়, দাম্পত্য জীবনে কোরআন ও ছুন্নাহ বিরোধী, অন্ততঃ কোরআন-ছুন্নাহ বহির্ভূত যে-সকল ব্যাপার অনুষ্ঠিত হইয়া থাকে, সেগুলির তদন্ত ও সংশোধনের উপায় নির্ধারণ কল্পে যদি কমিশন অগ্রসর হইত, তাহাহইলেই প্রকৃতউদ্দেশ্য সার্থক হইত এবং তদ্বারা মুছ্লিম নারী সমাজও যথার্থভাবে উপকৃত হইতে পারিত।

কিন্তু দাম্পত্য কমিশন আমাদিগকে ধর্মের যে ব্যাখ্যা শুনাইয়াছেন, তাহাতে তাঁহাদের নিকট হইতে এরূপ আশা পোষণ করা দুরাশারই নামান্তর।

( ৩ )

## ধর্মসম্বন্ধে কমিশনের দৃষ্টিভংগী

"প্রকৃতির অপরিবর্তনীয় বিধান এবং জীবনের অনড় বুনিয়াদী নীতিগুলি বিশ্বাস করিয়া লওয়াকেই কোরআনী পরিভাষায় ধর্ম (*Religion*) বলাহইয়াছে।" কমিশনের মহাজ্ঞানী সদস্যগণ ধর্মের এই ব্যাখ্যা প্রদান করিয়াছেন। তাঁহারা আরও বলিয়াছেন, রাষ্ট্র ও সমাজ যখন পরিবর্তিত হয় বা কোনরূপ গুরুতর পরিবর্তনের প্রয়োজন অনুভব করে, তখন তাহারা শুধু তাহাদের উপরের খোলসেরই পরিবর্তন সাধন করিয়া থাকে, চিরন্তন ও সুদৃঢ় নীতিসমূহের পরিবর্তন করে-না। কোরআনের নির্দেশমত এই চিরন্তন নীতিগুলি সমস্ত ধর্মেরই বুনিয়াদ। ইছলাম মানব সমাজের নিকট শুধু উল্লিখিত কতিপয় বুনিয়াদী নীতিকে অবলম্বন করার দাবী জানাইয়াছে। কোরআনের সাংকেতিক ভাষায় বলা হইয়াছে যে, উক্ত বুনিয়াদী কথাগুলি 'লওহে মহ্ফুযে' অক্ষয় ভাবে অংকিত রহিয়াছে, উহাই উম্মুলকিতাব; জীবন ও স্থিতিমান বিশ্বের উৎস। এই বুনিয়াদী বিষয়গুলি পরিবর্তিত করার কাহারও অধিকার নাই, ক্ষমতাও নাই। এইগুলি মুহ্কামাৎ। যাহারা অনাবশ্যক প্রশ্ন করিতে অভ্যস্ত আল্লাহ এবং তদীয় রছুল তাহাদিগকে ভৎর্সনা করিয়াছেন। রছুলুল্লাহ সম্পর্কে হাদীছে বর্ণিত আছে যে, জীবনের যেসকল ব্যাপারে মানুষকে তাহার বিচারবুদ্ধি ও বিবেক অনুসারে চলার স্বাধীনতা দেওয়া হইয়াছে, সেইসকল ব্যাপার সম্পর্কে যে ব্যক্তি আমাকে জিজ্ঞাসাবাদ করে সে 'আয্লামুন্নাছ' (মানব জাতির উপর সর্বাপেক্ষা অধিক অত্যাচারকারী) কারণ, রছুলুল্লাহ বলিয়াছেন, আমার প্রত্যেকটি উত্তর আমার অনুসরণকারীদের জন্য অবশ্য প্রতিপালনীয় হইবে, সুতরাং এই সকল প্রশ্নের সাহায্যে তাহাদের কর্মের স্বাধীনতা ব্যাহত হইয়া পড়িবে। যে সকল বিষয়ে কোন ব্যাখ্যা নাই, এরূপ বহু বিস্তৃত ক্ষেত্রসমূহে আইন রচনা করার অধিকার রছুলুল্লাহর উক্ত আচরণ দ্বারা স্বব্যক্ত হইতেছে এবং ইহাই মুছলিম অছুলে-ফিক্হের মৌলিক নীতি। অর্থাৎ যাহা সুনিশ্চিত ভাবে নিষিদ্ধ নয়, জনগণের

( ৪২ পৃষ্ঠায় দেখুন )

The Religion is defned by the Holy Quran as belief in the unchanging Laws of Nature and the basic Principles of life that altar not. State and Society while changing or feeling any urgent necessity for a change have to alter their superstructure without attempting to tamper with the eternally firm foundations, which according to the Holy Quran are the basis of all religion. Islam desired humanity to hold firmly to certain fundamentals which, according to the symbolic language of the Holy Quran, are indilebly inscribed on a preserved Tablet called the Mother of the Book, or the source Book of all life and existence. No body has the right or the power or the authority to change these foundations. They are Muhkamat. Allah and His prophet rebuked people who are addicted to putting unnecessary questions. It is related of the Holy prophet that he said that, that person is Azlamunnas (the perpetrator of most cruel tyranny over humanily) who pesters me with questians about those aspects of life in which men have been left free to exercise their own Judgment and act according to their own conscience, because, the prophet said, every answer given by me would become binding on my followers, there by unnecessarily curtailing their liberty of action. This attitude of the Holy Prophet towards freedom of legis lation in large undefined spheres is the basis of the accepted princeple of Muslim jurisprudence that what is not definitely prohibited is permissible in the interest of public and private welfare, and is a charter for the freedom of legislation in matters wherein there are no categorical injunctions. The Gazette of pakistan, Extra, June 20, 1956.

www.ahlehadeethbd.org

# স্বতন্ত্র-নির্বাচন বনাম যুক্ত-নির্বাচন

আল্-কোরাইশী

ভারত উপমহাদেশের মুছলিম অধ্যুষিত অঞ্চল-গুলির সমবায়ে একটি সার্বভৌম ও স্বাধীন রাষ্ট্র গঠন করার স্বপ্ন দর্শন করার বহুপূর্ব হইতেই মুছলমানগণ "স্বতন্ত্র-নির্বাচন" পদ্ধতিকে তাঁহাদের "রাজনৈতিক নীতি" রূপে গণ্য করিয়া আসিতেছেন। যুক্ত-নির্বাচন-সমর্থক দলের মুখপাত্র জনাব শহীদ ছহ্‌রাওয়ার্দীও একথা স্বীকার করিয়াছেন। তিনি জাতীয় পরিষদের ঢাকা অধিবেশনে প্রদত্ত তাঁহার যুগান্তকারী বক্তৃতায় স্পষ্ট ভাষায় বলিয়াছিলেন "পৃথক নির্বাচন পদ্ধতি যে অবিভক্ত ভারতের মুছলমানদের মুখ্য রাজনৈতিক আদর্শ ছিল, তাতে কোন সন্দেহ নাই"। স্বতন্ত্র নির্বাচন পদ্ধতিকে মুছলমানগণ কেন তাঁহাদের রাজনৈতিক আদর্শরূপে গোড়াগুড়ি হইতে গ্রহণ করিয়া আসিতেছেন, নিরপেক্ষ মনে তাহার নিরাকরণ আবশ্যক। সংখ্যালঘু সমাজ রূপে যাহাতে মুছলমানগণ স্বায়ত্ত-শাসনমূলক প্রতিষ্ঠানসমূহে উপযুক্ত সংখ্যক প্রতিনিধি প্রেরণ করার সুযোগ লাভ করিতে পারেন, শুধু এই উদ্দেশ্য প্রণোদিত হইয়াই তাঁহারা 'স্বতন্ত্র নির্বাচন'কে নীতি রূপে গ্রহণ করিয়াছিলেন, এ-কথা যেরূপ ঐতিহাসিক ভাবে অসত্য, তেমনি ইহা মুছলিম নেতৃবৃন্দের তথা সমগ্র জাতির বিরুদ্ধে একটা বিরাট মিথ্যা অভিযোগ। পাকিস্তানে হিন্দুরা যুক্তনির্বাচন পদ্ধতি প্রবর্তনের পক্ষপাতী কেন, হিন্দু সমাজের পক্ষ হইতে তাহার ছাফাই দিতে গিয়া জনাব ছহ্‌রাওয়ার্দী তাহাদের যে নীতিজ্ঞান ও রাজনৈতিক দূরদর্শিতার ভূয়সী প্রশংসা করিয়াছেন, মরহুম স্যর সৈয়েদ আহ্‌মদ ও স্যর ছলীমুল্লাহ হইতে আরম্ভ করিয়া মরহুম স্যর ইক্‌বাল পর্যন্ত, এমন কি ভারত উপমহাদেশের অখণ্ড মুছলিম সমাজ সকলেই সেই নীতি-জ্ঞান ও রাজনৈতিক দূরদর্শিতা হইতে একদম বঞ্চিত ছিলেন, এ-কথা স্বীকার করা কোন বুদ্ধিমানের পক্ষেই সম্ভবপর নয়। প্রকৃত-পক্ষে হিন্দুসমাজ যুক্ত নির্বাচন পদ্ধতিকে যেরূপ একটা নৈতিক আদর্শরূপে গ্রহণ করিয়াছেন এবং 'অবস্থার পরিবর্তন' সত্ত্বেও তাঁহারা আদর্শ-ভ্রষ্ট হইতে চাহিতেছেননা, মুছলমানগণও সেইরূপ ঠিক নীতি ও আদর্শ হিসাবেই স্বতন্ত্র নির্বাচন পদ্ধতিকে বরণ করিয়াছেন এবং রাজনৈতিক অবস্থার পরিবর্তনের জন্য তাঁহারাও আদর্শভ্রষ্ট হইতে চাননা। অবশ্য যাহাদের নীতি ও আদর্শবাদের কোন বালাই নাই, স্বার্থদর্শিতা ও 'যুগধর্ম' কেই যাহারা সকল অবস্থায় গুরুত্ব প্রদান করার পক্ষপাতি, তাহাদের কথা স্বতন্ত্র!

**দ্বিজাতি তত্ত্ব** যে দিন স্যরসৈয়েদ আহমদ ন্যাশনাল কংগ্রেসে মুছলমানগণকে প্রবেশ করিতে নিষেধ করিয়াছিলেন, যেদিন ঢাকার শাহবাগে মুছলিম লীগের পত্তন হইয়াছিল, যেদিন লাহোর প্রস্তাবের রাজনৈতিক সনদে "দ্বিজাতি-তত্ত্ব" উদ্‌ঘাটিত হইয়াছিল, তার বহু—বহু কাল পূর্ব হইতেই "মুছলিম ও অমুছলিম এক জাতি নয়"—এই পরম সত্য "স্বতঃসিদ্ধ"টি পৃথিবীর সমুদয় মানব স্বীকার করিয়া আসিতেছে এমন কি হিন্দুরা পর্যন্ত!

জাতীয়তার সংজ্ঞা লইয়া যথেষ্ট মাথা ঘামান হইয়াছে। পৃথিবীর সমস্ত মানুষকে মানব জাতি আর মানব, শূকর বানর সমস্তকেই প্রাণী জাতির অন্তর্ভুক্ত বলিয়া স্বীকার করিতে কেহই আপত্তি করিবেনা।

---

( ৪১ পৃষ্ঠার পর )

ব্যষ্টি ও সমষ্টিগত স্বার্থের জন্য তাহা বৈধ এবং যে সকল বিষয়ে সুনির্দিষ্ট কোন বিধান নাই, সেই সকল বিষয়ে আইন প্রণয়নের স্বাধীনতা সম্পর্কে ইহা একটি সনদ (Charter) বিশেষ।

মূলকথা দাম্পত্য-কমিশনের সদস্যগণের কাছে শুধু কতিপয় মৌলিক প্রাকৃতিক সত্যতা ও নীতিকে স্বীকার করিয়া লওয়ার নাম ধর্ম। এগুলি অক্ষয় ও অনড়, সমুদয় ধর্মের এইগুলিই হইতেছে সর্বস্বীকৃত বুনিয়াদ, এ-গুলি "লওহে মহ্‌ফুযে" অংকিত রহিয়াছে। এগুলির পরিবর্তন সাধন করার কাহারও অধিকার নাই এবং ইহা কাহারও সাধ্যায়ত্ত নয়। (ক্রমশঃ)

www.ahlehadeethbd.org

জাতীয়তার নানারূপী সংজ্ঞাসূত্রে হিন্দু, মুছলমান, ইয়াহুদ, আস্তিক, নাস্তিক, কম্যুনিস্ট ও সাম্রাজ্যবাদী সকলকেই এক ও অভিন্নজাতি বলিয়া মানিয়া লইতে আমাদেরও আপত্তি নাই। আমরা শুধু এই কথাই বলি যে, হিন্দু আর মুছলমান যে একজাতি, তাহার ঢোল ত' ন্যাশনাল কংগ্রেস প্রায় শতাব্দী কাল হইতেই বাজাইয়া আসিতেছে, কিন্তু তখন তাহারা একজাতি হইলনা, ছহরাওয়ার্দী ফ্যামিলী পর্যন্ত একথা মানিলেননা আর যেমনই পাকিস্তান গঠিত হইল, অমনি "হিন্দু-মুছলমান দুইজাতি" এই নীতি বাতিল হইয়াগেল কেন? কেহ কেহ বলেন, পাকিস্তান কায়েম হইবার পর 'দ্বিজাতি তত্ত্বে'র প্রয়োজন ফুরাইয়া গিয়াছে। ভারত স্বাধীন হওয়ার পর এ-প্রয়োজন উক্ত রাষ্ট্রেও ফুরাইয়া যায় নাই কি? তবে মুছলমানদিগকে দেশত্যাগী করা হইল কেন? ভারত-বিভাগ পর্ব উত্থাপিত হইল কেন? লক্ষ লক্ষ মুছলিম নরনারী ও শিশুকে নিহত বা সর্বস্বান্ত করান হইল কেন? এই বিভ্রাট সৃষ্টি না করিলে আমরাও হিন্দু, মুছলমান জৈন, খৃষ্টান সকলে মিলিয়া ভারত রাষ্ট্রের মহিমান্বিত নাগরিক রূপে "এক-দেশ! এক-জাতি!" বলিয়া গৌরবান্বিত হইতে পারিতাম না কি?

যুক্ত-নির্বাচন-কামীদের কথার ভাবে বুঝা যায় যে, "দ্বিজাতিতত্ত্ব" পাকিস্তান কায়েম করার জন্য ছিল সাময়িক ভাবে 'উদ্ভাবিত' একটা ভাঁওতা মাত্র, ইহার মূলে কোন বাস্তব নাই! শুধু মুছলমানের ধনপ্রাণ ও আব্রু লুণ্ঠিত করাইবার এবং হিন্দু সমাজ তথা সমস্ত পৃথিবীর চক্ষে ধূলিনিক্ষেপের উদ্দেশ্যেই উপরিউক্ত "দ্বিজাতিতত্ত্ব" রূপী ভাঁওতার সদ্ব্যবহার করা হইয়াছিল। এখন উদ্দেশ্য হাছেল হইয়াছে, পাকিস্তান কায়েম হইয়াছে, সুতরাং উক্ত "ভাঁওতা"কে এখন সমূলে নির্মূল করাই কর্তব্য।

এ-কথার যথার্থতা কিছুক্ষণের জন্য যদি মানিয়াও লওয়াযায়, তথাপি মূল প্রশ্নের সমাধান হইতেছেনা। ধরিয়া লওয়া হইক, "দ্বিজাতিতত্ত্ব" একটি অস্থায়ী কৌশল মাত্র ছিল, "ভারত বিভাগ করিয়া উহার পরস্পর সন্নিহিত মুছলিম সংখ্যাগরিষ্ঠ ইউনিটগুলির সমন্বয়ে একটি পৃথক রাষ্ট্র কায়েম করার স্বপক্ষে শুধু যুক্তি হিসাবেই মুসলমানরা 'দ্বিজাতিতত্ত্ব' উদ্ভাবন করিয়াছিল।" কিন্তু এই পৃথক রাষ্ট্র কায়েম করার উদ্দেশ্য ছিল কি?

"দ্বিজাতিতত্ত্বে"র নির্বাসন কল্পে "মিল্লতে ইছলামের" জাতীয়তাকে বিস্মৃত হইয়া 'ভৌগলিক জাতীয়তার আদর্শে অনুপ্রাণিত হইয়া উঠার জন্য পাকিস্তানের মুছলমানদিগকে উপদেশ পরিবেশন করা হইতেছে। কিন্তু ভৌগলিক জাতীয়তার আদর্শ গ্রহণ করার সংগে সংগে স্বয়ং পাকিস্তান ভূমিসাৎ হইবেনাকি? পশ্চিম পাকিস্তানের সহিত পূর্ব-পাকিস্তানের ভৌগলিক যোগাযোগ ত' কিছুই নাই, এমনকি জনাব ছহরাওয়ার্দী পাকিস্তানের যে ভৌগলিক ব্যাখ্যা প্রদান করিয়াছেন, তদনুসারে পূর্ব ও পশ্চিম অঞ্চলদ্বয় "পরস্পরের সন্নিহিতও" নয়। সুতরাং ভৌগলিক জাতীয়তাকে প্রতিষ্ঠা দান করার জন্যই যদি "দ্বিজাতি তত্ত্ব" কে হত্যা করিতে হয়, তাহাহইলে সর্বপ্রথম পাকিস্তান রাষ্ট্রেরই ব্যবচ্ছেদ আবশ্যক এবং পূর্বপাকিস্তানকে পশ্চিম পাকিস্তান হইতে কাটিয়া ফেলা উচিত। বোধহয় এই জন্যই একদল 'আধুনিক পাকিস্তানী' অতীতে 'যুক্তবংগ' সাধনায় আত্ম-নিয়োগ করিয়াছিলেন আর আজও তাঁহাদেরই বংশাবতংশরা পূর্বপাকিস্তানের পরিবর্তে আমাদের প্রাদেশটিকে পূর্ববংগ নামে আখ্যাত করাকেই চূড়ান্ত কূটনৈতিকতার পরাকাষ্ঠা মনে করিয়া থাকেন। বাস্তবিক আমি বিস্ময়ে হতবাক হইয়া পড়ি যখন দেখিতে পাই যে, পাকিস্তানের দশমাংশেরও কম সংখ্যালঘু সমাজ, যাহারা পাকিস্তান আন্দোলনকে কোনদিন সম্রম করিতে শিখেনাই, যাহাদের তথাকথিত জাতীয়তাবাদের উদ্বেলিত তরঙ্গাঘাতে বাঙলা ও আসামের একান্ত ন্যায্য অধিকার হইতে পাকিস্তানকে বঞ্চিত হইতে-হইয়াছে, যাহাদের অধিকাংশ ধনপতি ও ব্যবসায়ীর দল আজ পর্যন্ত পূর্বপাকিস্তানকে 'মার্কেট' আর পশ্চিম বাংলাকে 'হোম' বানাইয়া রাখিয়াছে, যাহাদের স্ত্রী, পুত্র, পরিবার, সম্পদ, প্রতিমা, বিগ্রহ সমস্তই পশ্চিম বাংলায়, যাহারা পূর্বপাকিস্তানের একটি থানাতেও সংখ্যাগরিষ্ঠ নহে—তাহারা জোট পাকাইয়া পুনরায় পূর্বপাকিস্তান ভাগ করিয়া লইবে, সমস্ত জাতিকে এই জুজুর ভয় দেখাইয়া যুক্ত-নির্বাচনের প্রতিষ্ঠা কল্পে ভৌগলিক জাতীয়তাকে বরণ

www.ahlehadeethbd.org

করিয়া লওয়ার জন্য আহ্বান করা হইতেছে, অথচ, এই ভৌগলিক জাতীয়তার ভয়াবহ পরিণতি স্বরূপ পাকিস্তান যে দ্বিধা-বিভক্ত হইয়া প্রত্যক্ষ মরণপথের যাত্রী হইবে, তজ্জন্য পাকিস্তানের ওযীরে আ'যম জনাব হুছইন শহীদ ছহ্রা ওয়ার্দীর মুহূর্তের তরেও হৃৎকম্প উপস্থিত হইতেছে না। কিমাশ্চর্য মতঃপরম !

বস্তুতঃ মিল্লতে-ইছ্লামের আদর্শ ও পাকিস্তানী জাতীয়তার আদর্শ পরস্পর বিরোধী নয়, আমরা একুশ ভ্রাতা একই জননীর সন্তান বলিয়া আমাদের প্রত্যেকের কি স্ব স্ব সন্তান সন্ততি ও পরিবার প্রতিপালন ও স্ব স্ব উন্নতি-সাধনের স্বতন্ত্র অধিকার স্বীকৃত হইবেনা ? আর এই অধিকার স্বীকৃত হইয়াছে বলিয়াই কি জননীর সহিত আমাদের সম্পর্ক অস্বীকৃত হইবে ? এত সরল কথার মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করার অপচেষ্টা কি রাষ্ট্রের সর্ব-প্রধান দায়িত্বসম্পন্ন ব্যক্তির পক্ষে শোভনীয় ? না ইহা মিল্লতে-ইছ্লামের তক্দীর ?

## পাকিস্তানের আদর্শ

পাকিস্তান সংগ্রামের বৈধতা প্রতিপন্ন করিতে হইলে 'দ্বিজাতি তত্ত্ব' ছাড়া রাজনৈতিক, অর্থ নৈতিক, ভৌগলিক অথবা অন্যকোন একটি 'তত্ত্ব'ও খুজিয়া পাওয়া যাইবেনা আর এই 'দ্বিজাতি তত্ত্ব' কোন রাজ-নৈতিক ভাঁওতা বা নবোদ্ভূত তত্ত্ব নয়। ইছলামিকতা ও অনৈছলামিকতা কোন কালেই এক চীয ছিলনা, আজও নয়। ইছলাম ইউরোপের রিলিজিয়ন নয়, উহাকে পণ্ডিত জওয়াহেরলাল নেহরুর ভাষায় *Conductive Religion* বলা চলে, কারণ উহা মতবাদ ও সংস্কারের সমষ্টিমাত্র নয়, উহা সাংবিধানিক ধর্ম। মদীনার রাষ্ট্রে উহার প্রতিষ্ঠা ও পূর্ণতালাভ ঘটিয়াছিল। উহার বুনিয়াদ তওহীদ এবং উহার কার্যক্রম কোরআন ও ছুন্নাহ্। পৃথিবীর অন্যান্য মুছলিম রাষ্ট্রগুলি নিয়মতান্ত্রিক নয়, অধিকন্তু উহার অধিকাংশই উত্তরাধিকার ও রাজতন্ত্র ভিত্তিক। মুছলিম রাষ্ট্রগুলির আদর্শ অনুসরণ করার জন্য পাকিস্তান কায়েম করা হয়নাই, যদি তাহাই হইত, তাহাহইলে এই রাষ্ট্রের রাজসিংহাসন সর্বপ্রথম অলংকৃত করিতেন কায়েদে আ'যম জিন্না। প্রকৃত-প্রস্তাবে ইছ্লামী জীবনদর্শনের পুনঃপ্রতিষ্ঠা করা হইবে—জনাব ছহ্রওয়ার্দীর সারথী ও সহচরগণ জাতিকে এই প্রতিশ্রুতি দিয়াছিলেন বলিয়াই মুছলমান-গণ তাঁহাদের আহ্বানে সাড়া দিয়াছিল, তাঁহারা ও তাঁহাদের প্রিয়জনরা লাটবেলাট হইবেন, মন্ত্রীত্বের গদ্দী সুশোভিত করিবেন, তাঁহাদের এই শুভেচ্ছা চরিতার্থ করার আহ্বান জানাইলে একজন মুছলমানও বাস্তহারা ও সর্বস্বান্ত হইতনা। আজ গায়ের জোরে, পুলিশের লাঠি ও গ্যাসের বলে, গুণ্ডা লেলাইয়া দিয়া জনগণকে লাঞ্ছিত উৎপীড়িত করিয়া তাঁহারা যদি পাকিস্তানের আদর্শ হইতে মুছলিম-সমাজকে ভ্রষ্ট করিতে চাহেন, তাহা-হইলে তাঁহারা জাতির সহিত বিশ্বাসঘাতকতাই করি-বেন এবং তাঁহাদের এই অসৎ উদ্দেশ্য শেষপর্যন্ত কিছু-তেই সফল হইতে পারিবেনা। ভূগোল-ভিত্তিক না হওয়া পর্যন্ত সংখ্যালঘু সমাজ আদর্শ-ভিত্তিক পাকিস্তানের নাগরিক হইতে পারিবেনা এবং মুছল-মানদের মত তাহাদের ধনপ্রাণ ও ধর্ম সুরক্ষিত থাকিবেনা, তাহাদের সংগত নাগরিক অধিকার ব্যাহত হইবে, একথা কে বলিল আর ইহার প্রমাণ কি ? মুছল-মানদিগকে পূর্বপাকিস্তান ভাগ হইয়া যাওয়ার যেমন ভয় দেখান হইতেছে, এইরূপ কথা বলিয়া হিন্দুদিগকেও জুজুর ভয় দেখান হইতেছেনা কি ? ইছলামী রাষ্ট্রবিধান সম্পর্কে যাহার মোটামুটি অভিজ্ঞতাও রহিয়াছে তাহারা স্বপ্নেও এরূপ নির্জলা মিথ্যা অপবাদের অবতারণা করিতে পারেনা। আর সংখ্যালঘু সমাজ নাখোশ হইয়া যাইবেন বলিয়াই কি পাকিস্তানের আদর্শকে নস্যাৎ করিতে হইবে ? তাঁহারা ত' পাকিস্তান আন্দোলনের বেলাতেও খোশ ছিলেননা !

## নির্বাচন পদ্ধতি সম্বন্ধে ইছ্লামের নির্দেশ

"নির্বাচন পদ্ধতি সম্পর্কে ইছলামে কোন বিধান নাই।" এ-কথার তাৎপর্য কি ? যদি ইহার উদ্দেশ্য এই হয় যে, মুছলমানগণ কোন্ পন্থায় নির্বাচন সম্বন্ধে তাঁহা-দের মতামত ব্যক্ত করিবেন, তাহার কোন নির্দিষ্ট বাঁধা-ধরা নিয়ম বলিয়া দেওয়া হয়নাই, তাহাহইলে আমরা বলিব, একথা সত্য। কিন্তু যদি উপরিউক্ত কথার তাৎপর্য এই হয় যে, অমুছলমানকে মুছলমানগণ তাহাদের ধর্ম,

www.ahlehadeethbd.org

Contents



সংস্কৃতি, ও নাগরিক অধিকারের প্রতিভূ বানাইতে পারিবে কিনা, সেসম্বন্ধে ইছলামে কোন বিধান নাই, তাহা-হইলে আমরা বলিব, এই উক্তি সর্বৈব মিথ্যা! কোর-আন, ছুন্নাহ ও ইছলামের ইতিহাস সম্পর্কে যাহাদের অল্প-বিস্তর জানাশুনা আছে, এরূপ কথা বলিতে সে সংকোচ ও লজ্জা বোধ করিবে। রছুলুল্লাহ্‌র (দঃ) যুগে অথবা খিলাফতে-রাশেদার আমলে এরূপ একটি নযীরও কুত্রাপি খুঁজিয়া পাওয়া যাইবেনা যে, মুছলমানগণ কোন অমুছলমানকে তাহার প্রতিনিধি বানাইয়াছে।

জনাব ছহ্‌রাওয়ার্দী দাবী করিয়াছেন যে, কোন বিষয় ইছলামী কিনা, কোরআন ছুন্নাহ অথবা খুলাফায়ে রাশেদীনের নযীরের সাহায্যে তাহার মীমাংসা হইবেনা। অর্থাৎ তাঁহার ও তাঁহার অনুসারীদের কাছে কোরআন ও ছুন্নাহ অথবা খলীফাগণের নযীরের কোন মূল্য নাই। তিনি আরও বলিয়াছেন যে, "রাষ্ট্র ও জাতীয় পরিষদ যাহা মীমাংসা করিবে, তাহাই ইছলামী"। অর্থাৎ কতিপয় হিন্দু, মুছলিম, খৃষ্টান, আস্তিক ও নাস্তিক বসিয়া মীমাংসা করিয়া দিবে কোন্ বিষয়টা ইছলামী আর কোন্‌টা ইছলামী নয়! সংগে সংগে একই নিশ্বাসে তিনি একথাও বলিতে ভুলিয়া যাননাই যে, "পাকিস্তান শাসনতন্ত্রে এই বিধান রহিয়াছে"। এইরূপ আরও একটা পরমসত্য তথ্য হযরত ইমাম আবুহানীফা (রহঃ) সম্বন্ধেও জনাব ছহ্‌রাওয়ার্দী আবিষ্কার করিয়াছেন। তিনি তাঁহার যুগান্তকারী বক্তৃতায় বলিয়াছেন, ইমাম ছাহেবের "কন্যার দাঁতদিয়া রক্তপাত শুরু হইলে তিনি নাকি পিতাকে জিজ্ঞাসা করিয়াছিলেন যে, উহাতে তাঁর রোযা ভঙ্গ হইয়াছে কিনা? ইমাম আবুহানীফা কন্যাকে রাষ্ট্র তথা কাযীর কাছে এই প্রশ্ন উত্থাপন করিতে উপদেশ দেন: কারণ তাঁর মতে ঐ প্রশ্নের জওয়াব দেওয়ার ক্ষমতা তাঁর ছিলনা! বিস্ময় প্রকাশ করিয়া কন্যা বলেন যে, শরিয়ত সম্পর্কে তিনি এত লোককে পরামর্শ দিয়া থাকেন, অথচ এই সামান্য প্রশ্নের উত্তর তিনি তাঁকে দিতেছেননা! ইমাম ছাহেব ইহার উত্তরে তাঁর কন্যাকে বলেন যে, শরিয়ত কি আর কি শরিয়ত নয়, তা ঘোষণার প্রকৃত ক্ষমতা রাষ্ট্রের তথা কাযীর হাতে—তাঁর সে ক্ষমতা নাই"। এই ঘটনা উধৃত করিয়া জনাব ছহ্‌রাওয়ার্দী এই সিদ্ধান্তে উপনীত হইতে চাহিয়াছেন যে, "আমাদের শাসনতন্ত্রে জাতীয়-পরিষদ সেই ক্ষমতার অধিকারী। কোন্‌টা ইছলাম-সম্মত আর কোন্‌টা নয়, সে বিধান দেওয়ার ক্ষমতা এক-মাত্র জাতীয় পরিষদেরই আছে।"

জাতীয় পরিষদের সদস্যগণ জনাব ছহ্‌রাওয়ার্দীর ঐতিহাসিকতা ও নৈয়ায়িকতার বহর দেখিয়া কিরূপ আনন্দলাভ করিয়াছিলেন, আমাদের তাহা জানা নাই। আমরা শুধু এইটুকু জানি যে, জনাব ছহ্‌রাওয়ার্দীর ইতিহাস এবং ন্যায়শাস্ত্র উভয়ই অলীক ও ভিত্তিহীন। ইমাম আবুহানীফা সম্বন্ধে তিনি যে ঘটনার অবতারণা করিয়াছেন তাহার একবর্ণও সত্য নয়। ঐতিহাসিক ইব্‌নেখল্লকান ইমাম ছাহেবের এই ঘটনার যে বিবরণ প্রদান করিয়াছেন, আমি তাহা নিম্নে উধৃত করিয়া-দিতেছি:—

"রাষ্ট্রের অন্যতম কাযী ইব্‌নে আবি লায়লার সহিত ইমাম আবুহানীফার কিছু মনোমালিন্য ছিল। † বিচারপতি ইবনে আবি লায়লা মছজিদে বিচার কার্য সমাধা করিতেন। একদা তিনি শ্রবণ করেন, জনৈকা নারী একজন পুরুষকে 'তুই ব্যাভিচারীর পুত্র' বলিয়া গালিগালাজ করিতেছে, বিচারপতি স্ত্রীলোকটিকে দুইজনের বিরুদ্ধে মিথ্যা অপবাদ আরোপ করারজন্য দুই শাস্তির ব্যবস্থা করেন এবং স্ত্রীলোকটিকে হদ মারা হয়। ইমাম আবুহানীফা বলেন, সরকারী বিচারপতি এই বিচারে ছয়টি ভুল করিয়াছেন। প্রথম, বিচারের স্থান পরিত্যাগ করা। ২য়, মছজিদে হদ মারার আদেশ দেওয়া। ৩য়, নারীকে দাঁড় করাইয়া হদ মারা। ৪র্থ, এক কথার জন্য দুই শাস্তির আদেশ দেওয়া। ৫ম, দুই হদ এক সংগে বিরামহীন ভাবে মারা। ষষ্ঠ, বাদীর পক্ষ হইতে বিচার প্রার্থনা না করা সত্ত্বেও বিচার করা। কাযী ইবনে আবি লায়লা রুষ্ট হইয়া কুফার গভর্ণরের কাছে ইমাম ছাহেবের বিরুদ্ধে অভিযোগ করায় গভর্ণর ইমাম ছাহেবকে ফত্‌ওয়া দিতে নিষেধ করিয়া দেন,

(৪৬ পৃষ্ঠায় দেখুন)

† এই মনোমালিন্যের অন্যতম কারণ এই যে, ইমাম অবুহানীফা অত্যাচারী ও অনাচারী শাসক গোষ্ঠির অধীনে চাকুরি গ্রহণ করা বৈধ মনে করিতেননা। এই অপরাধে তিনি ইরাকের শাসনকর্তা ইবনে-আবি হোবায়রার কোপে পতিত হইয়া কারারুদ্ধ হইয়াছিলেন।

www.ahlehadeethbd.org

# অভিনন্দন

আলী জনাব মওলানা ছৈয়েদ **রশীদুল হাছান**
অবসরপ্রাপ্ত ডিষ্ট্রিক্ট ও সেশনস জজ।

এখন থেকে
**তর্জুমানুলহাদীছ**
পূর্বপাকিস্তানের রাজধানী ঢাকা নগরী
হ'তে প্রকাশ পাচ্ছে। এই উপলক্ষে আমি তর্জুমানকে
**"খুশ আমদেদ"**
জানাচ্ছি। তর্জুমানের সম্পাদক

জনাব **আল্লামা আব্দুল্লাহেলকাফী আলকোরায়শী** সাহেব নিজে এবং তর্জুমানের মাধ্যমে ইস্‌লামের এবং মুস্‌লিম সমাজের যে একনিষ্ঠ খেদমত করে যাচ্ছেন তাহা সকলেরই বিশেষতঃ তর্জুমানের গ্রাহক মাত্রেরই জানা আছে। কিন্তু পরিতাপের বিষয় আমাদের মধ্যে অনেকই ইহাঁর মূল্যবান শিক্ষা হ'তে বঞ্চিত। মুস্‌লিম সমাজের এবং ইস্‌লামী-রাষ্ট্র পাকিস্তানের বর্ত্তমান আদর্শগত সংকট মুহূর্তে "তর্জুমানের" বহুল প্রচার অত্যাবশ্যক। এমন সময় "তর্জুমানের" দফতর ঢাকায় স্থানান্তরিত হওয়া শুভলক্ষণ।

আল্লাহ তা'লা তর্জুমানের সম্পাদক জনাব মৌলানা সাহেবকে পূর্ণ স্বাস্থ্য এবং তর্জুমানকে দৈনন্দিন তারাক্কী দান করেন এই আমার দোওয়া——। আমিন!

**রশীদুলহাসান**

سخن طرازی و دانش هنر نظیری نیست،
قبول دوست مگر نالۀ حزیں گردد !

তর্জুমান সম্পাদক।

---

৪৫ পৃষ্ঠার পর

ইমাম ছাহেব নিয়মতান্ত্রিকভাবে গভর্ণরের আদেশ মান্য করিয়া লন। কথিত হয় যে, একদা এই ভাবে স্বগৃহে অবস্থান কালে তাঁহার কন্যা তাঁহাকে বলেন, আমি রোযা রাখিয়াছি কিন্তু আমার দাঁত হইতে রক্তপাত হওয়ায় আমি থুথু ফেলিতে থাকি, এখন থুথুতে রক্তের চিহ্ন নাই। থুথু এখন গিলিবার ফলে কি আমার রোযা নষ্ট হইয়াছে? ইমাম ছাহেব কন্যাকে বলিলেন, "তোমার ভাই হাম্মাদকে জিজ্ঞাসা কর, কারণ গভর্ণর আমাকে ফত্‌ওয়া দিতে নিষেধ করিয়াছেন"। ইব্‌নে-খল্লকান, প্রথম খণ্ড, ৪৫২ পৃঃ (ময়মনিয়া-মিছর)।

فقالت له ابنته انی صائمة و قدخرج بين اسنانی دم و بصقته حتی عاد الريق ابيض، لايظهر عليه اثر الدم - فهل افطر اذا بلعت الآن الريق ؟ فقال لها : سلی اخاك حمادا، فان الامير منعنی من الفتيا !

"কোন্‌টা ইছলামী আর কোনটা ইছলামী নয়, তাহা মীমাংসা করার অধিকার শুধু কাযী তথা রাষ্ট্রে"র— ইমাম ছাহেবের উল্লিখিত বিবরণে তাহাই প্রমাণিত হইতেছে, না কাযীর শরীআত-বিরুদ্ধ মীমাংসা করার অধিকার নাই এবং করিলেও উক্ত মীমাংসা বলবৎ হওয়ার অযোগ্য, তাহাই প্রতিপন্ন হইতেছে? ইমাম ছাহেব ব্যক্তিগত ব্যাপারে গভর্ণরের নির্দেশ মানিয়া লইয়াছিলেন নিয়মতান্ত্রিকভাবে, কিন্তু শুধু গভর্ণর বা কাযী তথা রাষ্ট্রেরই ইছলাম সম্পর্কে মীমাংসা করার অধিকার আছে, একথা কস্মিণকালেও তিনি স্বীকার করেননাই। তিনি কন্যাকে বলিয়াছিলেন তাঁহার ভ্রাতাকে মছ্‌আলা জিজ্ঞাসা করিতে, কাযীকে নয়! فاين ذلك من ذاك ؟

একটি রাষ্ট্রের ওযীরে আ'যমের এইরূপ ঐতিহাসিকতাকে পরিহাস বলা হইবে না প্রহসন? এহেন অভিজ্ঞতা ও বুদ্ধিমত্তাকে সম্বল করিয়াই জাতির অদৃষ্টতরণী উপকূলের সন্ধান লাভ করিবে কি?

ফলকথা, যুক্তনির্বাচনের পক্ষে এযাবৎ যে সকল যুক্তির অবতারণ করা হইয়াছে, তার কোনটাই সঠিক ও বাস্তব ভিত্তির উপর কায়েম নয়! অন্যান্য বিষয় সম্পর্কে সম্ভবপর হইলে ইনশাআল্লাহ বারান্তরে আলোচনা করা হইবে।

www.ahlehadeethbd.org

# পাবনা হইতে ঢাকা

১৯৪৯ সালের জানুয়ারী মাসে নিখিল বাংলা ও আসাম জমঈয়তে আহ্‌লেহাদীছের দফ্‌তর কলিকাতা হইতে পাবনায় স্থানান্তরিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। তখন হইতে ১৯৫৬ সালের সেপ্টেম্বর পর্যন্ত অর্থাৎ প্রায় আট বৎসর নয়মাস আমরা পাবনায় অবস্থান করি। এই পাবনাতেই "আল্‌হাদীছ প্রেণ্টিং অ্যাণ্ড পাবলিশিং হাউসের" গোড়াপত্তন হয়, এই পাবনা হইতেই পূর্বপাকিস্তানের কোরআন ও ছুন্নাহ ভিত্তিক আহ্‌লেহাদীছ আন্দোলনের একমাত্র মুখপত্র তর্জুমানুলহাদীছ ১৯৪৯ সালে অর্থাৎ ১৩৬৯ হিজ্‌রীর মুহর্‌রম মাসে সর্বপ্রথম প্রকাশলাভ করে এবং উহার ষষ্ঠবর্ষের শেষ সংখ্যা পাবনা হইতেই বাহির হয়! পাবনা অবস্থান কালেই নিখিলবাংলা ও আসাম আহ্‌লেহাদীছ কনফারেন্সের তৃতীয় অধিবেশন রাজশাহী টাউনে বিশেষ জাঁকজমকের সহিত সুসম্পন্ন হয়। এই স্থানেই নিখিল বংগ ও আসাম শব্দ পরিবর্তন করিয়া জম্‌ঈয়তের "পূর্বপাক-জম্‌ঈয়তে আহ্‌লেহাদীছ" নামকরণ করা হয়। জম্‌ঈয়তের পক্ষ হইতে পাবনাতেই কোরআনের তফ্‌ছীর ক্লাস তিনবৎসরের অধিক কাল সুষ্ঠুভাবে পরিচালিত হইতে থাকে। পঞ্চাশ খানারও অধিক পুস্তক পুস্তিকা ও প্রচারপত্র পাবনা হইতেই জম্‌ঈয়ত প্রকাশ করিতে সমর্থ হয়। পাবনার রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক সবরকম অনুষ্ঠান ও প্রতিষ্ঠানের সহিত জম্‌ঈয়ত ঘনিষ্ঠ ভাবে জড়িত থাকে এবং পাবনা পরিত্যাগ করিবার অল্প কিছুদিন পূর্বে জম্‌ঈয়তের উদ্যোগেই পাবনার বুকে সর্বদলীয় ইছলামী ফ্রন্টের এক যুগান্তকারী ঐতিহাসিক কনফারেন্স অনুষ্ঠিত হয়। সাধারণ সভাসমিতি বৈঠক ও জম্‌ঈয়তের জেনারেল ও ওয়ার্কিং কমিটির কত অধিবেশন যে এই নয় বৎসর কালের মধ্যে পাবনায় সুসম্পন্ন হইয়াছে, তাহার সংখ্যা নিরুপণ করা সহজসাধ্য নয়। আর এই সকল কার্য প্রধানতঃ পাবনাবাসী এবং উক্ত সহরের আহ্‌লেহাদীছ জামাআতের সাহায্য সহানুভূতি ও সহযোগের ফলেই আমরা সমাধা করার তওফীক লাভ করিয়াছিলাম। পাবনার জননী ও ভ্রাতাগণ যে স্নেহ সমাদরে, যে অকুণ্ঠ প্রীতি ও শ্রদ্ধারসে দীর্ঘ পৌনে একযুগ ধরিয়া আমাদিগকে সিক্ত ও আপ্লুত করিয়া রাখিয়াছিলেন, তাহা ভুলিয়া যাওয়া অসম্ভব। আমরা আমাদের জীবদ্দশায় তো ভুলিতেই পারিবনা। অধিকন্তু অনাগত ভবিষ্যতেও জম্‌ঈয়তের ইতিহাসের পৃষ্ঠায় তাঁহাদের এই দ্বীনি অনুরাগ, স্নেহ শ্রদ্ধা ও সহায্যের কথা চিরস্মরণীয় হইয়া থাকিবে।

কিন্তু তথাপি আমরা পাবনা ছাড়িয়া চলিয়া আসিয়াছি, জম্‌ঈয়তের দফ্‌তর, আল্‌হাদীছ প্রিণ্টিং অ্যাণ্ড পাবলিশিং হাউস, তর্জুমানুলহাদীছের অফিস, জম্‌ঈয়তের পাঠাগার, কোরআন ক্লাস, আমাদের লাইব্রেরী সমস্তই এক অজ্ঞাত ভবিষ্যতের আশায় পাবনা হইতে ঢাকায় চলিয়া আসিয়াছে। বন্ধু বান্ধব, পৃষ্ঠপোষক, অনুগ্রাহক ও স্নেহশীলদের নিষেধ, আব্দার ও অশ্রুজল সত্ত্বেও আমরা চালিয়া আসিয়াছি। কিন্তু বিদায়মুহূর্তে দীর্ঘ নয়বৎসরের নিবিড় অংগাংগী সম্পর্ক ছিন্ন করিতে আমাদের পক্ষেও অশ্রু সম্বরণ করা যে সম্ভবপর হয়নাই, একথা বলিলে সত্যের অপলাপ হইবে! পূর্বপাক জম্‌ঈয়তে আহ্‌লেহাদীছের সাধারণ ও কার্যনির্বাহক সভার পরামর্শ ও নির্দেশ মতই দফ্‌তর স্থানান্তরিত হইয়া ঢাকায় আসিল। স্থানান্তরিত হইয়া আমরা ভাল করিলাম না মন্দ করিলাম অনাগত ভবিষ্যতের যবনিকার আড়ালেই তাহার মীমাংসা লুক্কায়িত রহিয়াছে, কিন্তু আমাদের দৃঢ়বিশ্বাস, দৈহিক ভাবে পাবনা হইতে বিচ্ছিন্ন হইলেও জম্‌ঈয়তে-আহ্‌লেহাদীছ পাবনা বাসীদের যে শ্রদ্ধা, ভালবাসা ও সাহায্য সহানুভূতি এযাবৎকাল ভোগ করিয়া আসিতেছিল, ভবিষ্যতেও তাহাহইতে বঞ্চিত থাকিবেনা।

## ঢাকায় দফ্‌তর স্থানান্তরিত হইল কেন?

ঢাকা পূর্বপাকিস্তানের রাজধানী। পূর্বপাকিস্তানের সমুদয় প্রাদেশিক প্রতিষ্ঠানের কেন্দ্র ঢাকাতেই রহিয়াছে। প্রাদেশিক মুছ্‌লিম লীগ, আওয়ামী লীগ, কৃষক-প্রজা, নিজামে ইছলাম, জামাআতে-ইছলামী, তব্‌লীগি জামাআত আগাখানী ও কাদীয়ানী মিশন, কম্যুনিস্ট পার্টি, গণতান্ত্রিক-দল, খিলাফতে রাব্বানী, খাকছার—ফলকথা ছোট ও বড়

৪৯ পৃষ্ঠায় দেখুন

www.ahlehadeethbd.org

# সাময়িক প্রসঙ্গ

بسم الله الرحمن الرحيم

نحمده ونصلي على رسوله الكريم

## পাকিস্তানের ব্যবচ্ছেদ

পাকিস্তান কায়েম হওয়ার পর হইতেই এক শ্রেণীর লোক উহার আদর্শ সংহতি এবং প্রতিপত্তি কে নস্যাৎ করার ষড়যন্ত্রে ক্ষিপ্ত হইয়া উঠিয়াছেন। বিরামহীন চেষ্টা-চরিত্রের ফলে ভালমন্দ অনেক লোকই ইহাদের খপ্পরে পতিত হইয়াছে। ইছ্‌লামের আদর্শে, পাকিস্তানের মৌলিক দৃষ্টিভংগীতে ইঁহাদের আস্থা নাই, মুছ্‌লিম-জাতীয়তাকে ইঁহারা বিশ্বাস করেননা, পাকিস্তানের স্বাতন্ত্র্য সার্বভৌমত্ব এবং আন্তর্জাতিক দুনিয়ায় ইহার প্রভাব প্রতিষ্ঠা ঐই দলের চক্ষুশূল। ইছ্‌লামের নাম শুনিলেই ইঁহারা তেলে বেগুনে জ্বালিয়া উঠেন, কোরআন ও হাদীছের কথায় নাসিকা কুঞ্চিত করেন। ইছলামপন্থী-দল সমূহের নিষ্ক্রিয়তা, 'স্বত্ব প্রধান' মনোবৃত্তি এবং সঠিক ও সর্বসম্মত কার্যক্রমকে এড়াইয়া চলার ব্যাধির সুযোগ গ্রহণ করিয়া উল্লিখিতদলটি অনেক-খানি শক্তি অর্জন করিয়াছেন। ইছ্‌লামপন্থীদের অবিমৃশ্যকারিতার ফলেই এই দলের নেতৃস্থানীয় ব্যক্তিরা নানারূপ অলীক প্রতিশ্রুতি দান করিয়া একান্ত আকস্মিক ভাবে মন্ত্রীত্বের গদ্দীও অধিকার করিয়া বসিয়াছেন। তাঁহারা এখন প্রকাশ্য যুদ্ধে অবতীর্ণ হইয়াছেন, ১৪৪ ধারা, পুলিশের লাঠিচার্জ ও কাঁদুনে গ্যাসের প্রয়োগ করিয়া, নিরক্ষর উত্তর দক্ষিণকাণ্ডজ্ঞান-বিবর্জিত গুণ্ডার দলকে লেলাইয়া দিয়া, প্রতিপক্ষ ও দল-নিরপেক্ষদের সম্ভ্রান্ত, নেতৃস্থানীয় ব্যক্তিদের দেহে পাশ-বিক আঘাত হানিয়া, উলামা সমাজকে অশ্লীল ভাষায় গালিগালাজ করিয়া পুলিশের আবেষ্টনীর মধ্যে তাঁহারা পূর্বপাকিস্তানের জন্য 'যুক্ত নির্বাচন' পদ্ধতি পাশ করাইয়া লইয়াছেন আর পাকপার্লামেণ্টের পশ্চিম পাকিস্তানী সদস্যদিগকে যুক্তনির্বাচনে রাযী করিতে নাপারিয়া শেষ পর্যন্ত পূর্ব ও পশ্চিম দুই বাহুর জন্য "যুক্ত ও স্বতন্ত্র" রূপী জগাখিচুড়ির এক অপূর্ব 'নির্বাচন পদ্ধতি' জাতির হস্তে উপহার দিয়াছেন। দুই বাহুর জন্য দুই প্রকার নির্বাচন ব্যবস্থা জাতি ও রাষ্ট্রকে দ্বিধাবিভক্ত করিয়া ফেলিয়াছে। ইহার বিষময় পরিণতি স্বরূপ পাকিস্তান মরণ পথের যাত্রী হইয়াছে। পাকিস্তানকে রক্ষা করিতে হইলে, উহার আদর্শকে বাঁচাইতে হইলে, উহার সংহতিকে বিধ্বস্তির হস্ত হইতে রক্ষা করিতে হইলে মুছলিম সমাজকে রুখিয়া দাঁড়াইতে হইবে, সমস্ত শক্তি প্রয়োগ করিয়া এই কালো আইন-কে বাতিল করার জন্য অগ্রসর হইতে হইবেই। কিন্তু ইহার জন্য সর্বপ্রথম প্রয়োজন ইছ্‌লামপন্থী শক্তি-গুলিকে কেন্দ্রীভূত করা। সমুদয়দলকে ভাংগিয়া এক দলে পরিণত করা যদি সম্ভবপর না হয়, অন্ততঃ পাকি-স্তান-বিরোধী দলসমূহের মুকাবেলায় একটি মিলিত সর্বদলীয় কর্ম্মপরিষদ গঠন করিতেই হইবে। আমরা বহুদিন হইতে নেতৃমণ্ডলী ও মুছলিম জনতাকে এই পথে অগ্রসর হওয়ার আহ্বান জানাইয়া আসিতেছি, এই শেষ মুহূর্তে আবার এই আবেদনই তাঁহাদিগকে আমরা স্মরণ করাইয়া দিতেছি।

## মধ্যপ্রাচ্যে রণ-দামামা

দ্বিতীয় মহাযুদ্ধের বিরতির পর হইতে শান্তি প্রতিষ্ঠার নামে, বিজ্ঞানের নামে, জনকল্যাণের নামে

www.ahlehadeethbd.org

## মধ্যপ্রাচ্যে রণ দামামা

দ্বিতীয় মহাযুদ্ধের বিরতির পর হইতে শান্তি-প্রতিষ্ঠার নামে, বিজ্ঞানের নামে, জনকল্যাণের নামে পৃথিবীর সেরা শক্তিগুলি যেসকল ভয়াবহ অস্ত্রশস্ত্র মারণ যন্ত্র, আণবিক ও হাইড্রোজেন বোমা ও রকেট প্রভৃতির আবিস্কার ও প্রস্তুতির বিপুল আয়োজন চালাইয়া আসিতেছে, সবদিক দেখিয়া শুনিয়া মনে হইতেছে, সেগুলির কার্যকরী মহড়ার অশুভ মুহূর্ত আসন্ন হইয়া উঠিয়াছে, অর্থাৎ তৃতীয় মহাযুদ্ধ ঘনাইয়া আসিয়াছে। সর্বাপেক্ষা দুঃখের বিষয় যে, এই মহড়ার জন্য মধ্য-প্রাচ্যভূমি অর্থাৎ মুছলিম দেশগুলিকেই নির্বাচন করা হইয়াছে। মধ্য প্রাচ্যের মুছলিম রাজ্য সমূহের বুকে বিষাক্তফোড়া রূপে যে ইছরাঈল রাজ্য ব্রিটেন, আমেরিকা ও ফ্রান্সের জারজ রসে জন্মগ্রহণ করিয়াছিল, মিছরীয়দের হস্ত হইতে সুয়েজ খালকে কাড়িয়া লওয়ার উদ্দেশ্যে সর্বপ্রথম সেই ইছরাঈলকে মিছরের

( ৪৭ পৃষ্ঠার পর )

সর্বপ্রকার ধর্মীয় ও রাজনৈতিক প্রতিষ্ঠানসমূহের কেন্দ্রীয় দফ্তর ঢাকাতেই রহিয়াছে। আভ্যন্তরীণ ও বৈদেশিক যোগাযোগের সুবিধা এই স্থানেই রহিয়াছে, প্রচার ও তবলীগের পক্ষেও রাজধানীর পরিবেশ প্রশস্ততর, সাহিত্যিক ও শিক্ষিত লোকের সংখ্যাও এখানে প্রচুর। পূর্বপাক জমঈয়তে আহ্লেহাদীছ প্রাদেশিক প্রতিষ্ঠান, ইহার ধর্ম ও রাজনৈতিক এবং সামাজিক প্রচারক্ষেত্র সুদূর প্রসারী। অথচ রাজধানীর বুকে আহ্লেহাদীছ আন্দোলনের কেন্দ্রীয় ও সক্রিয় প্রতিষ্ঠানের কোন অস্তিত্বই ছিলনা! তাই জমঈয়তের জেনারেল কমিটি দুইবৎসরের অধিককাল পূর্বেই দফ্তর ঢাকায় স্থানান্তরিত করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছিলেন, কিন্তু তর্জুমান সম্পাদকের দীর্ঘ অসুস্থতা জমঈয়তের খাদেমগণের পক্ষে ঢাকার অভিনবত্ব, অনুকূল পরিবেশের অভাব ও আর্থিক অনাটন এতদিন পর্যন্ত ঢাকায় স্থানান্তরিত হওয়ার অন্তরায় ছিল। আবার দফ্তরের উপযোগী বাড়ীও মিলিতেছিলনা। তর্জুমানের দীন সম্পাদককে তাহার চোখের অপারেশন উপলক্ষে কিছুকাল ঢাকায় অবস্থান করিতে হয়, ইতিমধ্যে বন্ধুবান্ধবগণের চেষ্টায় উচ্চ ভাড়া হইলেও দফ্তরের উপযোগী এই বাড়ীটির সন্ধান মিলিয়া যায়। সমুদয় প্রতিকূল অবস্থার মধ্যেও জমঈয়তের খাদেমগণ ইহাকে একটি শুভ লক্ষণ মনে করেন এবং যাঁহার কৃপাকে সম্বল করিয়া প্রথম দিনে অসহায় ও কপর্দকহীন অবস্থায় "জমঈয়তে-আহ্লেহাদীছে"র ভিত্তি স্থাপন করা হইয়াছিল, একমাত্র তাঁহারই করুণা ও সহায়তায় আস্থা স্থাপন করিয়া খাদেমগণ জমঈয়তের দফ্তর ঢাকায় স্থানান্তরিত করিয়াছেন।

## বর্তমান অবস্থা

বয়োবৃদ্ধি ও দীর্ঘ রোগভোগের ফলে তর্জুমানের সম্পাদক অতিশয় দুর্বল ও অক্ষম হইয়া পড়িয়াছে। একটি চোখ অপারেশন করাইবার ফলে লেখাপড়ার কাজ আরম্ভ করা কতকটা সম্ভবপর হইলেও অন্য চোখের অন্ধত্ব-প্রায় অবস্থার জন্য সকল কাজেই বাধা ও অসুবিধা ভোগ করিতে হইতেছে। নূতন স্থানে কাজ চালাইত হইলে যে উদ্যম ও উৎসাহের প্রয়োজন, পদে পদে তাহার অভাব অনুভূত হইতেছে। প্রেসের পুরাতন কর্মচারীগণ সকলেই পাবনায় রহিয়া গিয়াছে! নূতন পরিবেশে. অপরিচিত লোকদের মধ্যে নূতন কর্মী ও কর্মচারী লইয়া জমঈয়তকে নূতন সংসার পাতিতে হইতেছে। দুস্তর বাধা-বিঘ্ন ও অসুবিধার ভিতর শুধু আল্লাহর উপর নির্ভর করিয়াই জমঈয়তকে তাহার গন্তব্য পথে অগ্রসর হইতে হইবে। ভরসা শুধু এইটুকু যে, পূর্ব-পাক জমঈয়তে আহ্লেহাদীছ দেশ, দশ ও জামাআতের কাছে অপরিচিত নয়, সে প্রায় ৯ বৎসরকাল ইছলামের বিরামহীন সেবা ও খেদমত দ্বারা সকলেরই দৃষ্টি আকর্ষণ করিতে সক্ষম হইয়াছে। এই প্রতিষ্ঠানটিকে বাঁচাইয়া রাখা আমাদের কওমী ও জামাআতী যিন্দিগীর পক্ষে যে অপরিহার্য, সকলেই তাহা বুঝিতে পারিয়াছেন। আহ্লে-জামাআত যদি তাঁহাদের কর্তব্য পালন করেন, তর্জুমানুলহাদীছের পুরাতন গ্রাহকমণ্ডলীকে ঠিক রাখিয়া নূতন গ্রাহক সংগ্রহ কার্যে উৎসাহভরে অগ্রসর হন, জমঈয়তের ন্যায্য প্রাপ্য হইতে তাহাকে বঞ্চিত না করেন, ইন্শা-আল্লাহ অচিরেই সমুদয় বাধা-বিঘ্ন ঠেলিয়া ঢাকার বুকে পূর্বপাক জমঈয়তে আহ্লে-হাদীছ কোরআন ও হাদীছের বিজয়কেতন প্রতিষ্ঠা করিতে সক্ষম হইবেই।

و الله ناصر دينه، ورافع اعلام سنة رسوله

و حسبنا الله و نعم الوكيل !

www.ahlehadeethbd.org

Contents



বিরুদ্ধে প্রেরণ করা হয় আর তার সংগে সংগে যুদ্ধ-মীমাংসার পুরাতন বুলি আওড়াইয়া স্বয়ং ব্রিটেন ও ফ্রান্স মিছর ভূমিতে তাহাদের সৈন্য সন্নিবেশিত করে। মিছর জাতিসংঘে পুনঃ পুনঃ ফরইয়ার্দ জানায় এবং আমেরিকার সাহায্যপ্রার্থী হয়। আমেরিকা তাহার মিত্রপক্ষকে খোশ না নাখোশ করিবে, এই দোটানায় পড়িয়া গড়িমসি করিতে থাকে। সুযোগ বুঝিয়া রুষ মিছরকে সাহায্য করিতে প্রস্তুত হয় এবং ব্রিটেন ও ফ্রান্সকে যুদ্ধ থামাইবার জন্য চোখ রাঙ্গাইয়া ধমক দেয়। বেগতিক দেখিয়া আমেরিকা ও জাতিসংঘও তখন যুদ্ধবিরতির জন্য ব্রিটেন ও ফ্রান্সকে আদেশ দেয়। এই আদেশটা ঠিকসময়ে ও ত্বরিত গতিতে হইলে হয়তো রুষের অনধিকার চর্চার সুযোগ ঘটিতনা। কিন্তু যে-ভাবেই হউক অত্যাচারিত দুনিয়ায় বিশেষতঃ কম্যুনিস্ট এবং তাহাদের মুরীদ মহলে রুষের ধন্য ধন্য পড়িয়া গেল, মিছরেও প্রকাণ্ড লড়াই থামিয়া গেল। অবশ্য মিছর ভূমি হইতে ব্রিটেন, ফ্রান্স ও ইছরাঈলের সৈন্য-বাহিনী এখনও অপসারিত হয় নাই আর কখনও হইবে কিনা, সে কথাই বা কে বলিবে?

এখন জানা যাইতেছে, মিছরের পরিবর্তে সুয়েজের সন্নিহিত মধ্যপ্রাচ্যের অন্য স্থানকে রণাংগনে পরিণত করার ব্যবস্থা হইতেছে। সিরিয়ার বৈদেশিক সচিব জাতিসংঘের সেক্রেটারীকে পুনঃ পুনঃ জানাই-তেছেন যে, সিরিয়া ও ইছরাঈল সীমান্তে যুদ্ধ বিরতির লাইন ধরিয়া ইছরাঈল সৈন্য সমাবেশ করিতেছে। ইতিপূর্বে সিরিয়ার আর একটি সংবাদে প্রকাশিত হইয়াছিল যে, ইছ্‌রাঈলের সংগে সংগে ফরাসী ও ব্রিটিশ সৈন্যদলও সমবেত হইতেছে। জাতিসংঘ এই অভিযোগের সত্যতা অস্বীকার করিলেও সিরিয়ার বৈ-দেশিক সচিব ছালেহ বিতার সাম্প্রতি পুনরায় তাঁহার অভিযোগের পুনরুক্তি করিয়া নিরপেক্ষ তদন্তের দাবী জানাইয়াছেন। বাগ্দাদের আর একটি সাম্প্রতিক সংবাদে প্রাকাশ যে, ট্যাংক, ফাইটার ও বোমারু বিমান সহ রুষ-অস্ত্র প্রচুর পরিমাণে প্রত্যহ সিরিয়ায় পৌছি-তেছে, সোভিয়েট বৈমানিক ও কারিগরগণ সিরিয়ার সৈন্যদলকে রুষ ও জেকোশ্লোভিকার বিমান ও অস্ত্রশস্ত্র ব্যবহার করার পদ্ধতি শিক্ষা দিতেছে। রুষীয় বিশেষ-জ্ঞের দল দ্রুতগতিতে সিরিয়ার হাওয়াই আড্ডাগুলি মেরামত করিতেছে। আবার তুরস্কের সন্নিহিত বুলগেরিয়ার কম্যুনিস্ট রাষ্ট্রেও শান্তিপ্রতিষ্ঠার নামে রুষ-সৈন্য সন্নিবেশিত করা হইতেছে। তুরস্ক এজন্য আশংকা প্রকাশ করিয়াছে এবং তথায় ষোল বৎসর হইতে ষাট বৎসর বয়সের সমুদয় নাগরিককে হাওয়াই আক্রমণ হইতে রক্ষা পাওয়ার উপায় শিক্ষা দেওয়া হইতেছে। বাগ্দাদ চুক্তির চতুর্শক্তি তুর্কী, পাকিস্তান, ঈরান ও ইরাক তাঁহাদের সাম্প্রতিক কনফারেন্সের উপসংহারে বিবৃতি প্রদান করিয়াছেন যে, মধ্যপ্রাচ্যে ধ্বংসাত্মক কার্যকলাপ শুরু হইয়া গিয়াছে।

পৃথিবী প্রধানতঃ দুই ব্লকে বিভক্ত: এক ব্লকের নেতৃত্ব করিতেছে আমেরিকা, অন্য ব্লকের রুষ। উভয় ব্লকের কোনটাই মুছলিম জাতি ও রাষ্ট্রপুঞ্জের বন্ধু নয়, কিন্তু অদৃষ্ট বৈগুণ্যে তাহারা আজ কোন না কোন ব্লকের হস্তে ক্রীড়নকে পরিণত হইতে চলিয়াছে। তবে একথা সুস্পষ্ট যে, ব্রিটেন ও ফ্রান্সের বিশ্বগ্রাসী সাম্রাজ্য-বাদের ক্ষুধাই আজ রুষকে মধ্যপ্রাচ্যের মুছ্‌লিম-রাজ্য-সমূহের নিকটতর করিয়া তুলিয়াছে, কিন্তু রুষ মুছ্‌লিম-রাজ্যসমূহের শুধু শত্রু নয়, তাহাদের আদর্শ, দৃষ্টিভংগী ও ধর্মেরও প্রধানতম শত্রু! মুছ্‌লিম-রাজ্য সমূহে তাহার অনুপ্রবেশের গতি কে রোধ করিবে? ব্রিটেন তাহার গৌরব ও আস্থা সম্পূর্ণরূপে হারাইয়া ফেলিয়াছে আবার আমেরিকার সাথেও তার মানাভিমানের অভিনয় চলিতেছে। আমেরিকা তাহার দোটানা নীতি পরিহার করিতে পারিবে কি? মধ্যপ্রাচ্যের এই রণদামামাকে স্তব্ধ করিবে কে? পূর্ব পাকিস্তানের সীমান্তেও একদল কম্যুনিস্টের আবির্ভাব ও গোলা-বারুদ এবং অস্ত্রশস্ত্র সহ অনুপ্রবেশের সংবাদ কিছুদিন-পূর্বে পশ্চিম পাকিস্তানের কোন কোন সংবাদপত্রে প্রকাশিত হইয়াছিল। পূর্বপাক সরকারের বৈদেশিক-নীতি এখনও সুস্পষ্টভাবে জানা যায়নাই, তাই তাঁহারা এ সংবাদে আনন্দিত না শংকিত, সে কথাই বা বলিবে কে?

## আদর্শবাদীদের স্বরূপ

পাকিস্তানের উযীরে আ'যম জনাব ছহ্‌রাওয়ার্দী

www.ahlehadeethbd.org

পাকিস্তানের পররাষ্ট্রনীতিরূপে রাষ্ট্রসংঘের সহিত যোগাযোগ রক্ষা ও বাগদাদ চুক্তির স্থায়িত্ব সমর্থন করেন। মার্কিন ও রুষ এতদুভয়ের মধ্যে মার্কিন ব্লকের সহিত সংযুক্ত থাকাকে পাকিস্তানের পক্ষে মংগলজনক বিবেচনা করিয়াই হয়ত উযীরে আ'যম উপরিউক্ত নীতির পক্ষপাতী হইয়াছেন। এই নীতি যে নির্ভুল, আমরা সে কথা বলিনা, কিন্তু ইহাও সত্য যে, মুছলিম রাষ্ট্রগুলির অধিকাংশ এ-পর্যন্ত এই নীতিই সমর্থন করিতেছে, পাকিস্তানও গোড়াগুড়ি হইতেই এই নীতির অনুসারী রহিয়াছে। ভারতের বেলাতেও ইহার পূর্ণ ব্যতিক্রম অদ্যাবধি ঘটেনাই। ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিত জওয়াহেরলাল নেহরু ও প্রেসিডেন্ট আইসেনহাওয়ার সাক্ষাৎকার সম্পূর্ণ অর্থহীন ব্যাপার নয় আর রুষের মোড়লীর অধীনে মুছলিম রাষ্ট্রগুলির স্বতন্ত্র ব্লক প্রতিষ্ঠার স্বপ্ন যে আকাশ কুসুম, তাহাও সর্বজন বিদিত। ভারতের সহিত রুষের আঁতাত ভিত্তিহীন অপপ্রচারণা নয়, কাশ্মীর সম্পর্কে রুষের অভিমত পূর্বেই জানা গিয়াছে। এইরূপ জটিল পরিস্থিতিতে পাকিস্তান কি করিবে? আমাদের মনে হয়, বর্তমান অবস্থায় উযীরে আ'জম জনাব ছহরাওয়ার্দীর পরিগৃহীত নীতিকে দূরভিসন্ধিমূলক বা আমেরিকা-প্রীতির নিদর্শন বলিয়া উপহাস করা সংগত নয়। পাকিস্তানের ইছরাঈল সম্পর্কিত নীতিও আমাদের উক্তির সমর্থক। অবশ্য যদি শেষ পর্যন্ত আমেরিকা ব্রিটেন ও ইছরাঈলকে মধ্যপ্রাচ্যে তাহাদের ধ্বংসাত্মক কার্যকলাপ হইতে বিরত রাখিতে অনিচ্ছুক হয়, তখন পাকিস্তানকেও বাধ্য হইয়া তাহার বৈদেশিক নীতি সংশোধিত করিতে হইবে, কিন্তু পাকিস্তানের হিফাযতও সার্বভৌমত্বের প্রশ্নকেই সকল বিষয়ের উর্ধে স্থান দান করা কর্তব্য। বড়ই আশ্চর্যের বিষয়, একদল লোক জনাব ছহরাওয়ার্দীর উপর খুবই চটিয়া গিয়াছেন, এমনকি এই ব্যাপারে তাঁহার দলের মধ্যে ভাংগণের আশংকাও দেখাদিয়াছে, ইহা আদর্শের কলহ, না "ভারত-রুষ" মৈত্রীর মোহ?

## ভারতের পাকিস্তান নীতি,

ভারত পাঞ্জাবের নদীগুলির গতিমুখ পরিবর্তন করিয়া পাকিস্তানকে শুখাইয়া মারিতে পরিকর, জুনাগড় ও হায়দ্রাবাদের মত কাশ্মীরকেও যবরদস্তি দখল করিয়া রাখিবে, তাহার চর ও গুপ্তচররা পাকিস্তানে সর্বদা কলহ ও বিভ্রাট সৃষ্টিকরার ষড়যন্ত্র চালাইয়া যাইবে—এসব সকলেরই জানা কথা! কিন্তু করাচীস্থ ভারতী-হাইকমিশনের অ্যাটাচি রামনারায়ণ মেহ্‌তা সম্পর্কে সম্প্রতি পাকিস্তান পুলিশ যে তৎপরতার পরিচয় দিয়াছে, একাধারে তাহা যেমন প্রশংসনীয় তেমনি অপরদিকে গভীর উদ্বেগজনক। মেহ্‌তা মহাশয় পাকিস্তানে একদল ভারতী গুপ্তচর সংগঠন করার কার্যে ব্যাপৃত ছিলেন। এ-সম্পর্কে পুলিশ যাহাদিগকে ধৃত করিতে পারিয়াছে, তাহারা স্বীকার করিয়াছে যে মেহ্‌তা তাহাদের দ্বারা গুপ্তচরের কাজ করাইতেন। তিনি পাকিস্তানের কোন কোন সরকারী কর্মচারী এমন কি রাজনৈতিক নেতাদিগকেও এই কার্যের জন্য ব্যবহার করিতেন। পাকিস্তান নৌ-বিভাগের জনৈক বিশিষ্ট কর্মচারী রাত্রির অন্ধকারে গাঢাকা দিয়া গোপনে প্রায়ই মেহ্‌তার সাথে সাক্ষাৎ করিত, পাকিস্তানের আত্ম-রক্ষা সংক্রান্ত কতকগুলি গুপ্ত দলীল ও পরিকল্পনার নকলও এই কর্মচারীপুঙ্গব মেহ্‌তায় হাতে সমর্পন করিয়াছে। উক্ত কর্মচারীকে কোর্টমার্শাল করা হইয়াছে। এ সম্পর্কে দুইজন পুলিশ কর্মচারীও ধৃত হইয়াছে। পাকিস্তানের বিশিষ্ট রাজনৈতিক নেতাদের সহিত তাঁহার গভীর ষড়যন্ত্রের কথাও প্রমাণিত হইয়াছে। মেহ্‌তা শাসনতন্ত্র ও নির্বাচন পদ্ধতির ব্যাপারে পরিষদের হিন্দু সদস্যদের সহিত এত গভীর আঁতাত রাখিতেন যে, ভূতপূর্ব প্রধানমন্ত্রী জনাব মোহাম্মদ আলীকে পরিষদের 'যুক্ত পার্টির বৈঠকে একটি "কালো ষড়যন্ত্রের" ইংগিত করিতে হইয়াছিল! মেহ্‌তা মহাশয়কে পাকিস্তান হইতে বহিষ্কারের আদেশ দেওয়া হইয়াছে! ভারত রাষ্ট্রের নামে যাহারা গলিয়া যান এবং ইছলামী শাসনতন্ত্রের নামে যাঁহারা সর্বদাই নাসিকা কুঞ্চিত করেন, তাঁহারা এই গুপ্তচর দলেরই দালাল কিনা, পাকসরকারের তাহা উত্তম রূপে অনুসন্ধান করিয়া দেখা উচিত এবং 'ভারত বন্ধু'র দলকে চিনিয়া রাখাও জনগণের পক্ষে একান্ত কর্তব্য।

www.ahlehadeethbd.org

Contents



## স্বতন্ত্র ও যুক্ত নির্বাচন ব্যবস্থায় ঢাকা হাইকোর্ট

পাকিস্তনের পূর্ব ও পশ্চিম বাহুর জন্য যথাক্রমে যুক্ত ও স্বতন্ত্র নির্বাচনের যে বিধান জাতীয় পরিষদ গ্রহণকরিয়'-ছিলেন, তাহার নিয়মতান্ত্রিক বৈধতার প্রশ্ন উত্থাপন করিয়া ঢাকা হাইকোর্টে আবেদন করা হইয়াছিল। আইনসংগত বৈধতা ও অবৈধতার মীমাংসা করার অধিকার উচ্চ বিচারালয়ের বিচারপতিগণেরই রহিয়াছে এবং এ-সম্পর্কে বিশেষতঃবিচারাধীন অবস্থায় আমাদের অভিমতও অপ্রাসংগিক। ২৮শে নভেম্বরের সংবাদে প্রকাশ, ঢাকা হাইকোর্টের ডিভিজন বেঞ্চ পাকিস্তান সরকার ও পাক-আইনসচিবের নিকট হইতে কৈফিয়ত তলব করিয়াছেন যে, ১৯৫৬ সালের নির্বাচনী আইনকে কার্যকরী করিতে বাধা দেওয়া হইবেনা কেন? বিচারের ফলাফল ভবিষ্যতের গর্ভে, কিন্তু এই রুলিংএর ফলে নির্বাচনী ইলাকাসমূহের পুনর্গঠন এবং 'যুক্তনির্বাচন' সম্পর্কিত অন্যান্য তোড়জোড় ও তৎপরতা-গুলি যে স্থগিত হইবে, তাহাতে সন্দেহ নাই!

## পরপারের যাত্রী,

মুর্শিদাবাদ যিলার ছালেহডাঙ্গা দারুল-উলুম এহ্-য়াউছ্-ছুন্নাহ মাদ্রাছার প্রধান শিক্ষক দ্বারভাঙ্গা নিবাসী জনাব মওলানা মোহাম্মদ উবায়দুল্লাহ ছাহেব বিগত ৬ই অগ্রাহায়ণ তারীখে পরিণত বয়সে ইন্তিকাল করিয়াছেন—ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলায়হি-রাজেউন। মরহুম ইছ্‌লামী বিদ্যায়, বিশেষতঃ অধ্যাপনায় সবিশেষ অভিজ্ঞ ছিলেন। কতকগুলি শিশু সন্তান রাখিয়া গিয়াছেন। আমরা মরহুমের পরিবারবর্গ ও মাদ্রাছার কর্তৃপক্ষদিগকে আমাদের আন্তরিক সমবেদনা জ্ঞাপন এবং মরহুমের আত্মার মুক্তি ও শান্তির জন্য প্রার্থনা করিতেছি।

اللهـم اغفـرله و ارحـمه

---

(শেষ কলামের শেষাংশ)

কাগজ সুন্দর। যাঁহারা উর্দু পড়িতে ও বুঝিতে পারেন তাঁহাদের এই পুস্তিকাখানি পড়িয়া দেখা কর্তব্য। পুস্তিকখানি আহলেহাদীছ আকীদা সম্বন্ধে ঘরের এবং বাহিরের অনেক সন্দেহ ও অজ্ঞতা বিদূরিত করিতে সমর্থ হইবে।

## কষ্টিপাথর

নাক্কাদ

**রিছালায় নাজ্জাতীয়া—** عقائد سلفيه ترجمه رسالهٔ نجاتيه

মূলফার্সী সহ উর্দু অনুবাদ। ডিমাই অক্টোভ, ৫৬ পৃষ্ঠা, মূল্য বার আনা মাত্র। প্রাপ্তিস্থানঃ জামৃঈতে আহ্‌লেহাদীছ, শিষ মহল রোড, লাহোর, পশ্চিম পাক।

আল্লামা শাইখ মোহাম্মদ ফাখির—কবি-নাম যায়ের, ইলাহাবাদী। দ্বাদশ শতকের আহ্‌লেহাদীছ বিদ্বানগণের শীর্ষস্থানী, শাহওলীউল্লাহ মুহাদ্দিছ দেহলভীর সমসাময়িক, আল্লামা শাইখ মোহাম্মদ সিন্ধির প্রিয় ছাত্র। আল্লামা গোলাম আলী আযাদ বেলগ্রামী তদীয় 'ছরুবে-আযাদ' গ্রন্থে তাঁহার বিদ্বাবত্তা ও সাধুতার ভূয়সী প্রশংসা করিয়াছেন। কাযী ছানাউল্লাহ পানিপথীর ধর্মগুরু মীর্যা মযহর জানেজানান তাঁহার সম্বন্ধে সাক্ষ্য দিয়াছেন, "অনেক বড় বড় ধর্ম নেতাদের দর্শনলাভ করিয়াছি, এগার শত বৎসর পর শুধু একজন মানুষকেই কোরআন ও ছুন্নতের অনুরূপ প্রাপ্ত হইয়াছি, তাঁহার নাম শাইখ মোহাম্মদ ফাখির"। হযরত ফাখির যশস্বী স্বভাব কবিও ছিলেন। কোরআন ও ছুন্নতের ভাবধারাগুলি তাঁহার রচিত কবিতাগুচ্ছে এরূপ মিষ্ট-মধুর হইয়া উঠিয়াছে যে, তাহার তুলনা দুর্লভ। ১১৬৪ হিজরীতে পরলোক গমন করেন।

আহ্‌লেহাদীছ এই মহাবিদ্বান ইছলামের সঠিক মতবাদ ও আকিদা সম্পর্কে প্রায় ২ শত বৎসর পূর্বে যে মূল্যবান পুস্তিকা ফার্সী ভাষায় রচনা করিয়া গিয়াছিলেন, লাহোরের জমৃঈয়তে আহলেহাদীছ তাহার অনুবাদ করাইয়া মূল ও উর্দু অনুবাদ প্রকাশ করিয়াছেন। পুস্তকে সূচিপত্র নাই, ভূমিকাংশে আহলেহাদীছ আন্দোলনের মূল বাণী তওহীদ, রদ্দে-শির্ক ও বিদআত সম্পর্কে অনুবাদক সংক্ষিপ্ত আলোচনা করিয়াছেন, গ্রন্থকারের জীবনকথাও সংযোজিত হইয়াছে। বর্তমান যুগে ইসলামী আকীদা সম্পর্কে জনসাধারণ দূরের কথা, আরাবী ও ইংরেজী উভয় মহলের শিক্ষিত দলে যেরূপ বিভ্রান্তি দেখা দিয়াছে, তাহা লক্ষ্য করিলে পুস্তিকাখানিকে একান্ত সময়োপযোগী বলিতে হইবে। মূলপুস্তকের ভাষা সম্বন্ধে কিছু বলা নিষ্প্রয়োজন, তর্জমার ভাষাও বেশ প্রাঞ্জল, ছাপা ও

www.ahlehadeethbd.org